# PROPOSED AMENDMENTS TO BSEC (MUTUAL FUND) RULES, 2001

DRAFT FOR REVIEW

FEBRUARY 2, 2025

PREPARED BY CAPITAL MARKET REFORM TASK FORCE

DRAFT

XXXXXXXX BSEC's edits on the Mutual Fund Rules 2001
XXXXXXXX BSEC's edits that were changed by the CMTF
XXXXXXXXXXX edits suggested by this CMTF

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **প্রথম অধ্যায়**<br>**প্রারম্ভিক** | **প্রথম অধ্যায়**<br>**প্রারম্ভিক** |
| **১। সংক্ষিপ্ত শিরোনাম।**- এই বিধিমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে। | **১। সংক্ষিপ্ত শিরোনাম।**-এই বিধিমালা বাংলাদেশ মিউচ্যুয়াল ফান্ড বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে। |
| **২। সংজ্ঞা।**-(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়---<br><br>(ক) ''অর্থ বাজার ইন্সট্রুমেন্ট'' এর অন্তর্ভুক্ত হইবে সিকিউরিটিজ বাজারের যাবতীয় ইনস্ট্রুমেন্টসহ স্বল্পমেয়াদি বাণিজ্যিক কাগজ, বাণিজ্য বিল, ট্রেজারী বিল, আমানত সনদ ও ইউস্যান্স বিল;<br><br>(খ) ''অধিভুক্ত'' এর অন্তর্ভুক্ত এইরূপ কোম্পানীও হইবে;<br><br>(অ) যাহা নিজে কিংবা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;<br><br>(আ) যাহার উপর ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপক নিজে বা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;<br><br>(ই) যাহার উপর নিম্নবর্ণিতদের দ্বারা প্রত্যক্ষ বা পরোপক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রযোজ্য হয়, যথাঃ-<br><br>(১) ব্যক্তিগণ, বা<br>(২) উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণের আত্মীয়-স্বজন, যাহারা নিজেরা কিংবা অন্যদের সহিত একযোগে সম্পদ ব্যবস্থাপক বা ট্রাস্টির উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে; | **২। সংজ্ঞা।**-(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—<br><br>(ক) "অর্থবাজার ইন্সট্রুমেন্ট''এর অন্তর্ভুক্ত হইবে The Securities and Exchange Ordinance 1969 -এর section 2(l)-এ সংজ্ঞায়িত সিকিউরিটিজ এবং মুদ্রা বাজার সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক স্বীকৃত/সম্মতিপ্রাপ্ত বাণিজ্যিক কাগজ, বাণিজ্য বিল, ট্রেজারী বিল,আমানত সনদ ও ইউস্যান্স বিল সহ সকল ইনস্ট্রুমেন্ট;<br><br>(খ) ''অধিভুক্ত'' বলিতে আই.এ.এস- ২৮ এ সংজ্ঞায়িত অধিভুক্তসহ নিম্নলিখিত কোম্পানিও হইবেঃ<br><br>(অ) যাহা নিজে কিংবা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;<br><br>(আ) যাহার উপর ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপক নিজে বা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;<br><br>(ই) যাহার উপর নিম্নবর্ণিতদের দ্বারা প্রত্যক্ষ বা পরোপক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রযোজ্য হয়, যথাঃ-<br><br>(১) ব্যক্তিগণ, বা<br>(২) উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণের আত্মীয়-স্বজন, যাহারা নিজেরা কিংবা অন্যদের সহিত একযোগে সম্পদ ব্যবস্থাপক বা ট্রাস্টির উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে; |

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | ~~(ঈ) এছাড়াও ''অধিভুক্ত'' বলিতে আইএএস-২৮ এ প্রদত্ত সংজ্ঞা প্রযোজ্য হইবে।~~ |
| ব্যাখ্যাঃ- এই উপ-দফার উদ্দেশ্যে, ''আত্মীয়-স্বজন'' বলিতে সংশ্লিষ্ট ব্যক্তির স্ত্রী, স্বামী, ভাই, বোন, পুত্র, কন্যা, পিতা, মাতা, শ্বশুর, শাশুড়ি এবং পরিবারের সেই সকল সদস্যকে বুঝাইবে যাহারা উক্ত ব্যক্তির উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল; | ব্যাখ্যাঃ- এই উপ-দফার উদ্দেশ্যে, ''আত্মীয়-স্বজন'' বলিতে সংশ্লিষ্ট ব্যক্তির স্ত্রী, স্বামী, ভাই, বোন, পুত্র, কন্যা, পিতা, মাতা, শ্বশুর, শাশুড়ি এবং পরিবারের সেই সকল সদস্যকে বুঝাইবে যাহারা উক্ত ব্যক্তির উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল; |
| (গ) ''আইন'' অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন); | (গ) ''আইন'' অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন); |
| (ঘ) ''ইউনিট'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমে বিনিয়োগকারীদের স্বার্থ যাহা উক্ত স্কীমের সম্পদের একটি অবিভক্ত অংশের প্রতিনিধিত্বকারী প্রতিটি ইউনিট লইয়া গঠিত; | (ঘ) ''ইউনিট'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমে বিনিয়োগকারীদের স্বার্থ যাহা উক্ত স্কীমের সম্পদের একটি অবিভক্ত অংশের প্রতিনিধিত্বকারী প্রতিটি অংশ লইয়া গঠিত; |
| (ঙ) ''ইউনিট মালিক'' অর্থ মিউচ্যুয়াল ফান্ড স্কীমের কোনো ইউনিটের মালিক; | (ঙ) ''ইউনিট মালিক'' অর্থ মিউচ্যুয়াল ফান্ড স্কীমের কোনো ইউনিটের মালিক; |
| (চ) ''উদ্যোক্তা'' অর্থ কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, কমিশন কর্তৃক নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, ইন্স্যুরেন্স কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা, পাবলিক লিমিটেড কোম্পানী, স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড, সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund), সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বৈদেশিক ফান্ড, যাহা এককভাবে বা মিলিতভাবে কোনো মিউচ্যুয়াল ফান্ড গঠন করে;]] | (চ) ''উদ্যোক্তা'' অর্থ কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, কমিশন কর্তৃক নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, ফান্ড ম্যানেজার, ইন্স্যুরেন্স কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা, পাবলিক লিমিটেড কোম্পানী, প্রাইভেট লিমিটেড কোম্পানী, কোনো বৈদেশিক পাবলিক কিংবা প্রাইভেট লিমিটেড কোম্পানী যা কোনো ফান্ডের প্রারম্ভিক আকারের সর্বোচ্চ ২৫ শতাংশ প্রদান সাপেক্ষে এককভাবে কিংবা স্থানীয় যোগ্য উদ্যোক্তার সাথে যৌথভাবে, স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড, সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund), সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বৈদেশিক ফান্ড, যাহা এককভাবে বা মিলিতভাবে কোনো মিউচ্যুয়াল ফান্ড গঠন করে;]] |
| (ছ) ''উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ'' বলিতে বুঝাইবে-<br>(অ) কোনো একটি কোম্পানীর ক্ষেত্রে, যদি কোনো ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত কোম্পানীতে কমপক্ষে দশ শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে; | (ছ) ''উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ'' বলিতে বুঝাইবে-<br>(অ) কোনো একটি কোম্পানীর ক্ষেত্রে, যদি কোনো ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত কোম্পানীতে কমপক্ষে দশ শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (আ) দুইটি কোম্পানীর মধ্যে, যদি একই ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রত্যেকটি কোম্পানীর কমপক্ষে দশ শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে; | (আ) দুইটি কোম্পানীর মধ্যে, যদি একই ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রত্যেকটি কোম্পানীর কমপক্ষে দশ শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে; |
| (জ) ''ট্রাস্টি'' অর্থ এমন কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো কোম্পানী যাহা মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি ট্রাস্টি ব্যবস্থাধীনে রাখার উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত এবং এই বিধির ২০ এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত; | (জ) ''ট্রাস্টি'' অর্থ এমন কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানি, পাবলিক লিমিটেড কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা বা উহাদের সাবসিডিয়ারি প্রতিষ্ঠান যাহা মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি ট্রাস্টি ব্যবস্থাধীনে রাখার উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত এবং এই বিধির ২০ এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত; |
| (ঝ) ''তদন্তকারী কর্মকর্তা'' অর্থ বিধি ৮৬(১) এর অধীন কমিশন কর্তৃক তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; | (ঝ) ''তদন্তকারী কর্মকর্তা'' অর্থ বিধি ৮৬(১) এর অধীন কমিশন কর্তৃক তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; |
| (ঞ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার কোনো তফসিল; | (ঞ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার কোনো তফসিল; |
| (ট) ''পরিদর্শন কর্মকর্তা'' অর্থ বিধি ৭৫(১) এর অধীন কমিশন কর্তৃক পরিদর্শন কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোনো কর্মকর্তা; | (ট) ''পরিদর্শন কর্মকর্তা'' অর্থ বিধি ৭৫(১) এর অধীন কমিশন কর্তৃক পরিদর্শন কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোনো কর্মকর্তা; |
| (টট) ''পুনঃবিনিয়োগ (Reinvestment)'' অর্থ সর্বশেষ NAV এর ভিত্তিতে নতুন ইউনিট ইস্যুর মাধ্যমে ফান্ডের মুনাফার বন্টন;] | |
| (ঠ) ''ফরম'' অর্থ প্রথম তফসিল এ প্রদত্ত কোনো ফরম; | (ঠ) ''ফরম'' অর্থ প্রথম তফসিল এ প্রদত্ত কোনো ফরম; |
| (ঠঠ) ''ফিক্সড ইনকাম সিকিউরিটিজ (Fixed Income Securities)'' অর্থ এমন ধরনের পুজিবাজার সিকিউরিটিজ যাহার মেয়াদ এক বৎসরেরবেশি, যাহা থেকে বিনিয়োগকারীগণ নির্দিষ্ট মেয়াদে সুনির্দিষ্ট পরিমাণে এক বা একাধিক আয় বা মুনাফা পেয়ে থাকেন, যাহার মেয়াদ শেষে বিনিয়োগকারীগণ বিনিয়োগকৃত মূল অর্থ ফেরত পান; এই ক্ষেত্রে ঐ সকল সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হইবে যেইগুলো সুপ্ত (Intrinsic) বা প্রকাশিত (Explicit) হারে আয় বা মুনাফা প্রদান করে;] | (ঠঠ) ''ফিক্সড ইনকাম সিকিউরিটিজ (Fixed Income Securities)'' অর্থ এমন ধরনের পুঁজিবাজার অথবা মুদ্রাবাজার সিকিউরিটিজ ~~যাহার মেয়াদ এক বৎসরের বেশি~~, যাহা থেকে বিনিয়োগকারীগণ নির্দিষ্ট মেয়াদে সুনির্দিষ্ট পরিমাণে এক বা একাধিক আয় বা মুনাফা পেয়ে থাকেন, যাহার মেয়াদ শেষে বিনিয়োগকারীগণ বিনিয়োগকৃত মূল অর্থ ফেরত পান; এই ক্ষেত্রে ঐ সকল সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হইবে যেইগুলো সুপ্ত (Intrinsic) বা প্রকাশিত (Explicit) হারে আয় বা মুনাফা প্রদান করে;] |
| | (ঠঠঠ) ''ফান্ড অংক (Fund Size)'' এর অর্থ কোনো নির্দিষ্ট তারিখে ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত মোট নীট সম্পদ মূল্য (Net Asset Value); |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (ড) “ব্যক্তি” বলিতে কোনো ব্যক্তিসমষ্টি বা কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা বা অন্য কোনো সংস্থাও অন্তর্ভুক্ত হইবে; | (ড) “ব্যক্তি” বলিতে কোনো ব্যক্তিসমষ্টি বা কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা বা অন্য কোনো সংস্থাও অন্তর্ভুক্ত হইবে; |
| (ঢ) “বিজ্ঞাপন”- এর অন্তর্ভুক্ত হইবে সকল ধরনের বিজ্ঞাপন, যাহা কোনো পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে হইতে পারে বা কোনো প্রদর্শনী, বিজ্ঞপ্তি, প্রতীক, লেবেল, সার্কুলার বা সুবিন্যস্ত তালিকা আকারে হইতে পারে বা অন্য কোনো দলিল, চিত্র প্রদর্শনী বা ফটোগ্রাফিক চলচ্চিত্র হিসাবে হইতে পারে বা বেতার ও টেলিভিশনে প্রচারণার মাধ্যমে হইতে পারে কিংবা অন্য কোনো পন্থায় হইতে পারে; | (ঢ) “বিজ্ঞাপন”- এর অন্তর্ভুক্ত হইবে সকল ধরনের বিজ্ঞাপন, যাহা কোনো পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে হইতে পারে বা কোনো প্রদর্শনী, বিজ্ঞপ্তি, প্রতীক, লেবেল, সার্কুলার বা সুবিন্যস্ত তালিকা আকারে হইতে পারে বা অন্য কোনো দলিল, চিত্র প্রদর্শনী বা ফটোগ্রাফিক চলচ্চিত্র হিসাবে হইতে পারে বা বেতার ও টেলিভিশনে প্রচারণার মাধ্যমে হইতে পারে কিংবা অন্য কোনো পন্থায় হইতে পারে; |
| (ঢঢ) “বিক্রয় প্রতিনিধি (Selling Agent)” অর্থ কমিশনের নির্দেশনা পরিপালন স্বাপেক্ষে, সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক কোম্পানী কর্তৃক মনোনীত প্রতিষ্ঠান (ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানি, মার্চেন্ট ব্যাংকার, স্টক-ব্রোকার) অথবা ব্যক্তি যিনি বাংলাদেশ ইন্সিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (Bangladesh Institute of Capital Market) হইতে নির্দিষ্ট কোর্সের সনদধারী হইবেন;] | (ঢঢ) “বিক্রয় প্রতিনিধি (Selling Agent)” অর্থ কমিশনের নির্দেশনা পরিপালন স্বাপেক্ষে, সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক কোম্পানী কর্তৃক মনোনীত প্রতিষ্ঠান (ব্যাংক, ডিজিটাল ব্যাংক, এমএফএস, পোষ্ট অফিস, স্টক এক্সচেঞ্জ, আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানি, মার্চেন্ট ব্যাংকার, স্টক-ব্রোকার, মোবাইল টেলিকম অপারেটর, অন্যান্য প্রযুক্তি-নির্ভর সেবা প্রতিষ্ঠান (অনলাইন মার্কেটপ্লেস, থার্ড-পার্টি ডিজিটাল ডিস্ট্রিবিউশন প্লাটফর্ম, ইত্যাদি)। তবে শর্ত থাকে যে বিক্রয় প্রতিনিধি হিসেবে ব্যাক্তির ক্ষেত্রে, তাকে কমিশন কর্তৃক স্বীকৃত নির্দিষ্ট কোর্সের সনদধারী হইতে হইবে; |
| (ণ) “বেমেয়াদি স্কীম” (open-end) অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ডের এমন কোনো স্কীম যাহা পরিশোধের জন্য কোনো মেয়াদ ও স্কীমের পরিমান নির্ধারণ না করিয়া ইউনিট বিক্রয়ের প্রস্তাব করে এবং বুক ক্লোজারের সময় ব্যতিরেকে বৎসরেরসারা সময় ধরিয়া ক্রয় ও পুনঃ ক্রয়ের সুবিধা প্রদানের প্রস্তাব করে; | (ণ) “বেমেয়াদি স্কীম” (open-end) অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ডের এমন কোনো স্কীম যাহা পরিশোধের জন্য কোনো মেয়াদ ও স্কীমের পরিমান নির্ধারণ না করিয়া ইউনিট বিক্রয়ের প্রস্তাব করে এবং রেকর্ড ডেট ও বুক ক্লোজারের সময় ব্যতিরেকে বৎসরের অন্যান্য ~~সারা সময় ধরিয়া~~ ক্রয় ও পুনঃক্রয়ের সুবিধা প্রদানের প্রস্তাব করে; |
| (ত) “মিউচ্যুয়াল ফান্ড” অর্থ ট্রাস্ট আকারে গঠিত এমন কোনো ফান্ড যাহার উদ্দেশ্য এই বিধিমালা অনুসারে অর্থ বাজার ইনষ্ট্রুমেন্টে বিনিয়োগের জন্য এক বা একাধিক স্কীমের অধীন জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত অর্থ; | (ত) “মিউচ্যুয়াল ফান্ড” অর্থ ট্রাস্ট আকারে গঠিত এমন কোনো মেয়াদী বা বে-মেয়াদী ফান্ড যাহার উদ্দেশ্য এই বিধিমালা অনুসারে মূদ্রাবাজার বা পুজিবাজার ইনষ্ট্রুমেন্টে বিনিয়োগের জন্য এক বা একাধিক স্কীমের অধীন জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত অর্থ; |
| (তত) “তদারকী কর্মকর্তা (Compliance Officer)” অর্থ সম্পদ ব্যবস্থাপক কর্তৃক নিয়োগ প্রাপ্ত তদারকী কর্মকর্তা;] | |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (থ) "মূলধনী লাভ" অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এ " capital gain " যে অর্থে ব্যবহৃত হইয়াছে তাহা;<br><br>(দ) "মেয়াদি স্কীম" (close-end) অর্থ এমন কোনো স্কীম যাহার পরিপক্কতার মেয়াদ নির্ধারিত থাকে, উহার ফান্ডের আকার শুধুমাত্র পুনঃবিনিয়োগ এর মাধ্যমে পরিবর্তিত হইতে পারে;]<br><br>(ধ) "সম্পদ ব্যবস্থাপক" অর্থ মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা ও উহা পরিচালনা এবং প্রাতিষ্ঠানিক মক্কেলের ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনার উদ্দেশ্যে এই বিধির অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো কোম্পানী যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত;"];<br>(ধধ) "সমন্বিত বিনিয়োগ স্কীম (Collective Investment Scheme)" অর্থ কমিশন কর্তৃক সুনির্দিষ্ট নীতিমালার আলোকে গঠিত কোনো বিনিয়োগ স্কীম বা ব্যবস্থা, যাহার মাধ্যমে বিনিয়োগকারীগণের নিকট হইতে অর্থ সংগ্রহ করিয়া বিনিয়োগ ব্যবস্থাপকের তত্ত্বাবধানে উক্ত ফান্ড আয় অথবা মুনাফা প্রাপ্তির উদ্দেশ্যে বিভিন্ন ধরনের সম্পদে বিনিয়োগ করা;<br><br>(ধধধ) "স্পেশাল পার্পাস ফান্ড (Special Purpose Fund)" অর্থ কোনো বিশেষ উদ্দেশ্যে গঠিত ফান্ড যাহার গঠন প্রক্রিয়া শুরুর পূর্বেই কমিশনের অনুমোদন প্রয়োজন;"<br><br>(ন) "হেফাজতকারি" অর্থ এমন কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা, ডিপোজিটরী বা কোনো কোম্পানী যাহা সিকিউরিটিজ হেফাজতে রাখার কর্মে নিয়োজিত থাকার (গ্রাহকের পক্ষে সিকিউরিটিজ সরবরাহের কিংবা ক্লিয়ারিং পদ্ধতিতে অংশ গ্রহণ করার) উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত এবং এই বিধির ৩৭ এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত; | (তত) "তদারকী কর্মকর্তা (Compliance Officer)" অর্থ সম্পদ ব্যবস্থাপক কর্তৃক নিয়োগ প্রাপ্ত তদারকী কর্মকর্তা যিনি কমিশন কর্তৃক স্বীকৃত সম্পদ ব্যবস্থাপনা ও সিকিউরিটিজ আইন বিষয়ক নির্দিষ্ট কোর্সের সনদধারী হইবেন;]<br><br>(থ) "মূলধনী লাভ" অর্থ আয়কর আইন, ২০২৩ এ "মূলধনী লাভ" যে অর্থে ব্যবহৃত হইয়াছে তাহা;<br><br>(থথ) "মূল্য সংবেদনশীল তথ্য **(Price Sensitive Information)**" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এ সংজ্ঞায়িত বা কমিশন কতৃক এই বিধিতে নির্ধারিত এইরূপ যে কোনো তথ্য যাহা প্রকাশিত হইলে সংশ্লিষ্ট স্কীমের বাজার মূল্য প্রভাবিত হইতে পারে।<br><br>(দ) "মেয়াদি স্কীম" (closed-end) অর্থ এমন কোনো স্কীম যাহার পরিপক্কতার মেয়াদ ও আকার পূর্ব নির্ধারিত থাকে।<br><br>(ধ) "সম্পদ ব্যবস্থাপক" অর্থ মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা ও উহা পরিচালনা এবং প্রাতিষ্ঠানিক মক্কেলের ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনার উদ্দেশ্যে এই বিধির অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত ~~কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা বা~~ কোনো কোম্পানী যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত;"];<br><br>(ধধ) "সমন্বিত বিনিয়োগ স্কীম (Collective Investment Scheme)" অর্থ কমিশন কর্তৃক সুনির্দিষ্ট নীতিমালা বা বিধির আলোকে গঠিত কোনো সমন্বিত বিনিয়োগ স্কীম বা ফান্ড, যাহার মাধ্যমে বিনিয়োগকারীগণের নিকট হইতে অর্থ সংগ্রহ করিয়া বিনিয়োগ ব্যবস্থাপকের তত্ত্বাবধানে উক্ত স্কীম বা ফান্ড, আয় অথবা মুনাফা প্রাপ্তির উদ্দেশ্যে বিভিন্ন ধরনের সম্পদে বিনিয়োগ করে;<br><br>(ধধধ) "স্পেশাল পার্পাস ফান্ড (Special Purpose Fund)" অর্থ কোনো বিশেষ উদ্দেশ্যে গঠিত ফান্ড যাহার গঠন প্রক্রিয়া শুরুর পূর্বেই উক্ত ফান্ডের ধারণাপত্রে (Concept Paper) কমিশনের অনুমোদন প্রয়োজন;" |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (প) "বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীম (Growth Fund)" অর্থ এমন কোনো বিনিয়োগ স্কীম যাহার মুখ্য উদ্দেশ্য হইল, স্বল্প মেয়াদে অধিক মুনাফার পরিবর্তে দীর্ঘ মেয়াদে মূলধন প্রবৃদ্ধি (Capital appreciation)];<br><br>(ফ) "প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী" বলিতে কোনো কর্পোরেট প্রতিষ্ঠান, ট্রাস্ট, সমবায় সমিতি, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড, ইনডাউমেন্ট ফান্ড এবং বেসরকারি প্রতিষ্ঠানকে বুঝাইবে।]<br><br>(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), ব্যাংকিং কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) ও উহাদের অধীনে জারীকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় ব্যবহৃত হইয়াছে এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)-এ ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে। | (ন) "হেফাজতকারি" অর্থ এমন কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা, ডিপোজিটরী বা কোনো কোম্পানী যাহা সিকিউরিটিজসহ অন্যান্য আর্থিক সম্পদ হেফাজতে রাখার কর্মে নিয়োজিত থাকার (গ্রাহকের পক্ষে সিকিউরিটিজ সরবরাহের কিংবা ক্লিয়ারিং পদ্ধতিতে অংশ গ্রহণ করার) উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত এবং এই বিধিমালার বিধি ৩৭-এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত;<br><br>(প) "বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীম বা ফান্ড (Growth Fund)" অর্থ এমন কোনো বিনিয়োগ স্কীম বা ফান্ড যাহার মুখ্য উদ্দেশ্য হইল, স্বল্প মেয়াদে অধিক মুনাফার পরিবর্তে দীর্ঘ মেয়াদে মূলধন প্রবৃদ্ধি (Capital appreciation)];<br><br>(ফ) "প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী" বলিতে কর্পোরেট প্রতিষ্ঠান, ট্রাস্ট, সমবায় সমিতি, নিবন্ধিত পেনশন ফান্ড, নিবন্ধিত প্রভিডেন্ট ফান্ড এবং যে কোনো সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানকে বুঝাইবে।]<br><br>(ফফ) পদ্ধতিগত বিনিয়োগ পরিকল্পনা (Systematic Investment Plan): বে-মেয়াদি ফান্ডের ইউনিট ক্রয়ের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট সময় অন্তর অন্তর সুনির্দিষ্ট পরিমাণ অর্থের বিপরীতে ~~ইস্যুকৃত অঙ্কের~~ ইউনিট ক্রয়ের ~~মাধ্যমে~~ বিনিয়োগ পরিকল্পনাকে বুঝাইবে।<br><br>(ফফফ) পদ্ধতিগত নগদায়ন পরিকল্পনা (Systematic Withdrawal Plan): বে-মেয়াদি ফান্ডের ইউনিট বিক্রয়ের (বা নগদায়নের) ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট সময় অন্তর অন্তর সুনির্দিষ্ট অঙ্কের অর্থ বা ইউনিট বিক্রয়ের (বা নগদায়নের) পরিকল্পনাকে বুঝাইবে।<br><br>(ফফফফ) পদ্ধতিগত বিনিয়োগ স্থানান্তর পরিকল্পনা (Systematic Transfer Plan): বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে, স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট সময় অন্তর অন্তর একটি নির্দিষ্ট ফান্ডের সুনির্দিষ্ট অঙ্কের অর্থ বা ইউনিট বিক্রয় করে- বিক্রয়লব্ধ প্রাপ্য দিয়ে অন্য একটি পূর্বনির্ধারিত ফান্ডের ইউনিট ক্রয়ের পরিকল্পনাকে বুঝাইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | (ব) ''ফেয়ার ভ্যালু' বলিতে পরিমাপের তারিখে (Measurement Date) বাজার অংশগ্রহণকারীদের মধ্যে একটি সুশৃঙ্খল ও স্বাধীন লেনদেনের মাধ্যমে একটি সম্পদ বিক্রি করার জন্য বা দায় হস্তান্তর করার জন্য প্রাপ্ত বা প্রদত্ত অর্থকে বুঝাইবে। এছাড়াও ''ফেয়ার ভ্যালু'' বলিতে আই.এফ.আর.এস -১৩ (IFRS-13) এ প্রদত্ত সংজ্ঞা প্রযোজ্য হইবে।<br><br>(ভ) 'স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ' বলিতে আই.এ.এস- ২৪ (IAS 24) - এ বর্ণিত পক্ষসহ নিম্নোক্ত স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেও বোঝাইবে, যথা:<br><br>(অ) 'স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি' অর্থ কোনো ব্যক্তি বা তাহার পরিবারের কোনো সদস্য যদি নিজে বা অন্য কাহারো সহিত যৌথভাবে কোনো প্রতিষ্ঠানের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে বা উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে বা উক্ত প্রতিষ্ঠান বা কোম্পানি বা উহার হোল্ডিং কোম্পানির মূখ্য নির্বাহী কর্মকর্তা বা শীর্ষ ব্যবস্থাপনায় নিয়োজিত থাকে;<br><br>(আ) 'স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান' অর্থ এমন একটি প্রতিষ্ঠান যদি উহা অন্য কোনো প্রতিষ্ঠানের বা উহার স্বার্থ সংশ্লিষ্ট একই গ্রুপের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান হয় বা হোল্ডিং কোম্পানি, সাবসিডিয়ারি কোম্পানি, সহযোগী প্রতিষ্ঠান বা জয়েন্ট ভেঞ্চার হিসাবে সম্পর্কিত হয় বা উভয়ে তৃতীয় কোনো প্রতিষ্ঠানের জয়েন্ট ভেঞ্চার হয় বা উক্ত প্রতিষ্ঠান বা কোম্পানিসমূহ একই স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক একক বা যৌথভাবে পরিচালিত বা নিয়ন্ত্রিত হয়।<br><br>(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে Trust Act, 1882 (Act No. II of 1882), the Registration Act, 1908 (Act No. XVI of 1908), Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), ফাইন্যান্স কোম্পানি আইন ২০২৩, কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এবং বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) ও উহাদের অধীনে জারিকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে। |
| **দ্বিতীয় অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন** | **দ্বিতীয় অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন** |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| ৩। **মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপ নিবন্ধন ব্যতীত কোনো মিউচ্যুয়াল ফান্ড পরিচালনা করা যাইবে না। | ৩। **মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপ নিবন্ধন ব্যতীত কোনো মিউচ্যুয়াল ফান্ড পরিচালনা করা যাইবে না। |
| ৪। **নিবন্ধনের দরখাস্ত**।- কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য উদ্যোক্তা কর্তৃক ফরম 'ক'- তে কমিশনের নিকট দরখাস্ত করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোনো উদ্যোক্তা মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য কমিশনের নিকট দরখাস্ত করিয়া থাকিলে তাহা এই বিধির অধীন দরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং তদনুযায়ী উহা নিষ্পত্তি করা হইবে। | ৪। **নিবন্ধনের দরখাস্ত**।- কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য উদ্যোক্তা কর্তৃক ফরম 'ক'- তে কমিশনের নিকট দরখাস্ত করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোনো উদ্যোক্তা মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য কমিশনের নিকট দরখাস্ত করিয়া থাকিলে তাহা এই বিধির অধীন দরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং তদনুযায়ী উহা নিষ্পত্তি করা হইবে। |
| ৫। **দরখাস্ত ফি**।- বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্তের সহিত দরখাস্ত ফি বাবদ দশ হাজার টাকা (অফেরত যোগ্য) কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে, অন্যথায় কোনো দরখাস্ত বিবেচিত হইবে না। | ৫। **দরখাস্ত ফি**।- বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্তের সহিত দরখাস্ত ফি বাবদ এক লক্ষ টাকা (অফেরত যোগ্য) কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে প্রদান করিতে হইবে, অন্যথায় কোনো দরখাস্ত বিবেচিত হইবে না। |
| ৬। **দরখাস্ত পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে**।- বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্ত তজ্জন্য নির্ধারিত ফরমে বর্ণিত নির্দেশাবলী অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে, অন্যথায় দরখাস্ত বাতিলযোগ্য হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, কোনো দরখাস্ত বাতিল করার পূর্বে কমিশন কর্তৃক উত্থাপিত আপত্তি একুশ দিনের মধ্যে নিস্পত্তি করার জন্য দরখাস্তকারীকে দরখাস্ত প্রাপ্তির তারিখ হইতে পনের দিনের মধ্যে লিখিতভাবে জানাইতে হইবে। | ৬। **দরখাস্ত পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে**।- বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্ত তজ্জন্য নির্ধারিত ফরমে বর্ণিত নির্দেশাবলী অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে, অন্যথায় দরখাস্ত বাতিলযোগ্য হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, কোনো দরখাস্ত বাতিল করিবার পূর্বে কমিশন কর্তৃক উত্থাপিত আপত্তি ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে নিস্পত্তি করিবার জন্য দরখাস্তকারীকে কমিশনে দরখাস্ত প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানাইতে হইবে। |
| ৭। **অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব**।–<br><br>(১) কমিশন কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য প্রয়োজন মনে করিলে উদ্যোক্তা কর্তৃক তাহার দরখাস্তে প্রদত্ত তথ্যের অতিরিক্ত কোনো তথ্য বা প্রদত্ত তথ্যের ব্যাখা তলব করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো তথ্য বা উহার ব্যাখ্যা তলব করা হইলে প্রয়োজনে উদ্যোক্তা অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো প্রতিনিধি ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়াও উক্ত তথ্যের ব্যাখ্যা প্রদান করিতে পারিবে। | ৭। **অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব**।–<br><br>(১) কমিশন কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য প্রয়োজন মনে করিলে উদ্যোক্তা কর্তৃক তাহার দরখাস্তে প্রদত্ত তথ্যের অতিরিক্ত কোনো তথ্য বা প্রদত্ত তথ্যের ব্যাখা তলব করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো তথ্য বা উহার ব্যাখ্যা তলব করা হইলে প্রয়োজনে উদ্যোক্তা অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো প্রতিনিধি ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়াও উক্ত তথ্যের ব্যাখ্যা প্রদান করিতে পারিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| ৮। **দরখাস্ত বিবেচনা।**- বিধি ৪ এর অধীন প্রাপ্ত সকল দরখাস্ত কমিশন যথাযথভাবে বিবেচনা করিবে এবং দরখাস্ত প্রাপ্তির অনধিক ত্রিশ দিনের মধ্যে কমিশন তৎসম্পর্কে উহার সিদ্ধান্ত প্রদান করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, বিধি ৭ এর অধীন কোনো অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব করা হইলে উহা প্রদানের তারিখ হইতে উক্ত ত্রিশ দিন গণনা করা হইবে। | ৮। **দরখাস্ত বিবেচনা।**- বিধি ৪ এর অধীন প্রাপ্ত সকল দরখাস্ত কমিশন যথাযথভাবে বিবেচনা করিবে এবং উদ্যোক্তাদের ঋণখেলাপী মুক্ত সিআইবি রিপোর্ট প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কমিশন তৎসম্পর্কে উহার সিদ্ধান্ত প্রদান করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, বিধি ৭ এর অধীন কোনো অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব করা হইলে উহা প্রদানের তারিখ হইতে উক্ত ৩০ (ত্রিশ) কার্যদিবস গণনা করা হইবে। |
| ৯। **নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।**- কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি –<br><br>(ক) উহা ট্রাস্ট আকারে গঠিত না হয় এবং কমিশন কর্তৃক উহার ট্রাস্ট দলিল অনুমোদিত না হয়;<br><br>(খ) উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারি এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত না হয়;<br><br>(গ) কোনো মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমের সংগৃহীতব্য অর্থের অন্ততঃ ১০ (দশ) শতাংশ এবং কোনো বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের প্রাথমিক সংগৃহীতব্য অর্থের অন্ততঃ ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা প্রদান না করেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উদ্যোক্তা কর্তৃক ধারণকৃত অংশ (অ) মেয়াদি ফান্ডের ইউনিটের ক্ষেত্রে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হইতে ১ (এক) বছর পর্যন্ত সংরক্ষণ ও তৎপর উক্ত ধারণকৃত অংশের অন্ততঃ ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা কর্তৃক ফান্ডের পূর্ণ মেয়াদ পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে, এবং (আ) বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে ফান্ড গঠনের তারিখ হইতে অন্ততঃ ৩ (তিন) বৎসর পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে, ও তৎপর কমিশনের পূর্বানুমোদনক্রমে উদ্যোক্তা হওয়ার যোগ্যতা সম্পন্ন কোনো প্রতিষ্ঠানের অনুকূলে হস্তান্তর করা যাইবে।] | ৯। **নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।**- কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি -<br><br>(ক) উহা ট্রাস্ট আকারে গঠিত না হয় এবং কমিশন কর্তৃক উহার ট্রাস্ট দলিল অনুমোদিত না হয়;<br><br>(খ) উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারি এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত না হয় এবং উক্ত সকল পক্ষ স্বতন্ত্র ও পৃথক সত্ত্বা না হয়।<br><br>(গ) কোনো মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমের সংগৃহীতব্য অর্থের (Target Size) অন্ততঃ ১০ (দশ) শতাংশ এবং কোনো বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের প্রাথমিক সংগৃহীতব্য অর্থের অন্ততঃ ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা প্রদান না করেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উদ্যোক্তা কর্তৃক ধারণকৃত অংশ (অ) মেয়াদি ফান্ডের ইউনিটের ক্ষেত্রে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হইতে ১ (এক) বছর পর্যন্ত সংরক্ষণ ও তৎপর উক্ত ধারণকৃত অংশের অন্ততঃ ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা কর্তৃক ফান্ডের পূর্ণ মেয়াদ পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে, এবং (আ) বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে ফান্ড গঠনের তারিখ হইতে অন্ততঃ ০১ (এক) বৎসর পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে, ও তৎপর উক্ত ধারণকৃত অংশের অন্ততঃ ১০ (দশ) শতাংশ সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে ও তৎপর, কমিশনের পূর্বানুমোদনক্রমে উদ্যোক্তা হওয়ার যোগ্যতা সম্পন্ন কোনো প্রতিষ্ঠানের অনুকূলে হস্তান্তর করা যাইবে;<br><br>(ঘ) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক কোম্পানী বা তাদের কোনো পরিচালক যদি ঋণখেলাপি হয়; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| ১০। **নিবন্ধন মঞ্জুরী**।- (১) বিধি ৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে কমিশন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং মিউচ্যুয়াল ফান্ডটি নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ ফান্ডের দশমিক বিশ শতাংশ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।<br><br>(৩) কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধিত হইবার অনধিক ৩(তিন) মাসের মধ্যে গণপ্রস্তাবের (public offering) নিমিত্ত খসড়া প্রসপেক্টাস কমিশনে দাখিল করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, কমিশন যৌক্তিক মনে করিলে উক্ত সময়সীমা বর্ধিত করিতে পারিবে।] | ১০। **নিবন্ধন মঞ্জুরী**।- (১) বিধি ৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে কমিশন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং মিউচ্যুয়াল ফান্ডটি নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে প্রাথমিক সংগৃহীতব্য অর্থের (ওহরঃরধষ Target Size) এবং মেয়াদি ফান্ডের ক্ষেত্রে সংগৃহীতব্য অর্থের (Target Size) ০.২ (দশমিক দুই) শতাংশ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।<br><br>(৩) কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধিত হইবার অনধিক ৩ (তিন) মাসের মধ্যে গণপ্রস্তাবের (public offering) নিমিত্ত খসড়া প্রসপেক্টাস কমিশনে দাখিল করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, কমিশন যৌক্তিক মনে করিলে উক্ত সময়সীমা বর্ধিত করিতে পারিবে।]<br>আরো শর্ত থাকে যে, যদি উক্ত মিউচ্যুয়াল ফান্ড এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইতে চায় তবে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ লিস্টিং রেগুলেশনস অনুসরণপূর্বক গণপ্রস্তাবের (public offering) নিমিত্তে খসড়া প্রসপেক্টাস একইসাথে এক্সচেঞ্জেও দাখিল করিতে হইবে। |
| ১১। **বার্ষিক ফি**।–<br>(১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডকে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ ফান্ড অংকের দশমিক এক শতাংশ টাকা কিংবা পঞ্চাশ হাজার টাকার মধ্যে যাহা বেশি হইবে উহা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে সম্পদ ব্যবস্থাপকের খাত হইতে কমিশনে জমা করিতে হইবে। | ১১। **বার্ষিক ফি**।–<br>(১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডকে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ সর্বশেষ প্রকাশিত ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত নীট সম্পদ মূল্যের (Net Asset Value) উপর দশমিক শূন্য পাঁচ শতাংশ (০.০৫%) টাকা কিংবা এক লক্ষ টাকার মধ্যে যাহা বেশি হইবে উহা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবেঃ<br><br>আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে সম্পদ ব্যবস্থাপকের খাত হইতে কমিশনে জমা করিতে হইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো মিউচ্যুয়াল ফান্ড বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত মিউচ্যুয়াল ফান্ডকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো স্কীম গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো মিউচ্যুয়াল ফান্ডকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। | (২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো মিউচ্যুয়াল ফান্ড বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত মিউচ্যুয়াল ফান্ডকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো স্কীম গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনকোনো মিউচ্যুয়াল ফান্ডকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। |
| ১২। **নিবন্ধিত মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পালনীয় বিষয়সমূহ**। - বিধি ১০ এর অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারি-<br><br>(ক) সংশ্লিষ্ট সকল আইন ও এই বিধিমালার বিধানাবলী মানিয়া চলিবে;<br><br>(খ) সার্বক্ষণিক অভ্যন্তরীন নিরীক্ষা নিশ্চিত করিবে;<br><br>(গ) কমিশনের নিকট পূর্বে পেশকৃত তথ্য বস্‌ত্তগতভাবে ভ্রান্তিপূর্ণ বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে;<br><br>(ঘ) কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধনের সহিত সংশ্লিষ্ট ইতিপূর্বে পেশকৃত কোনো তথ্য বা বিবরণীতে কোনো বস্‌ত্তগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে;<br><br>(ঙ) কমিশন কর্তৃক কোনো তদন্তকালে উহার সকল পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;<br><br>(চ) কোনো তদন্তের প্রয়োজনে কমিশন কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি কমিশনের নিকট পেশ করিবে; | ১২। **নিবন্ধিত মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পালনীয় বিষয়সমূহ**। - বিধি ১০ এর অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারি<br><br>(ক) সংশ্লিষ্ট সকল আইন ও এই বিধিমালার বিধানাবলী মানিয়া চলিবে;<br><br>(খ) সার্বক্ষণিক অভ্যন্তরীণ নিরীক্ষা নিশ্চিত করিবে;<br><br>(গ) কমিশনের নিকট পূর্বে পেশকৃত তথ্য বস্তুগতভাবে ভ্রান্তিপূর্ণ বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে;<br><br>(ঘ) কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধনের সহিত সংশ্লিষ্ট ইতিপূর্বে পেশকৃত কোনো তথ্য বা বিবরণীতে কোনো বস্‌ত্তগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে;<br><br>(ঙ) কমিশন কর্তৃক কোনো তদন্তকালে উহার সকল পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;<br><br>(চ) কোনো তদন্তের প্রয়োজনে কমিশন কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি কমিশনের নিকট পেশ করিবে; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (ছ) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি বোর্ডের যেই সভায় সংশ্লিষ্ট ফান্ডের বা স্কীমের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী গৃহীত/অনুমোদিত হইবে সেই একই সভায় সংশ্লিষ্ট বর্ষের জন্য লভ্যাংশ প্রদান, কোনো প্রকার এনটাইটেলমেন্ট নির্ধারণ (যে সকল মিউচ্যুয়াল ফান্ডের বা স্কীমের ক্ষেত্রে প্রযোজ্য) ও রেকর্ড ডেট সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ এবং ঘোষণা করিতে হইবে, যাহা কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাইবে না: | (ছ) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি বোর্ডের যেই সভায় সংশ্লিষ্ট ফান্ডে বা স্কীমের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী গৃহীত/অনুমোদিত হইবে সেই একই সভায় সংশ্লিষ্ট বর্ষের জন্য লভ্যাংশ প্রদান ও রেকর্ড ডেট সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ এবং ঘোষণা প্রদান করিতে হইবে, যাহা কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাইবে না; |
| তবে শর্ত থাকে যে, | তবে শর্ত থাকে যে, |
| (১) সংশ্লিষ্ট ইউনিটহোল্ডারদের জন্য যেই ক্ষেত্রে নগদ লভ্যাংশের পরিবর্তে ভিন্ন প্রকৃতির লভ্যাংশের প্রস্তাবে কিংবা কোনো প্রকার এনটাইটেলমেন্ট এর ব্যাপারে (যে সকল মিউচ্যুয়াল ফান্ডের বা স্কীমের ক্ষেত্রে প্রযোজ্য) কমিশনের পূর্বানুমোদন গ্রহণের বাধ্যবাধকতা রহিয়াছে সেই ক্ষেত্রে ট্রাস্টি বোর্ডের উল্লিখিত সিদ্ধান্ত ঘোষণার সময় একই সাথে এই মর্মে প্রকাশ বা প্রচার করিতে হইবে যে সংশ্লিষ্ট সিদ্ধান্ত কমিশনের অনুমোদন সাপেক্ষে কার্যকর হইবে, এবং উহার অনুকূলে কমিশনের অনুমোদন পাওয়া গেলে তাহা সাথে সাথেই পুনরায় প্রকাশ বা প্রচার করা হইবে; | (১) ট্রাস্টি বোর্ড কর্তৃক সকল মূল্য সংবেদনশীল সিদ্ধান্ত গ্রহণ ও প্রকাশের ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ অনুসরণ করিতে হইবে। |
| (২) কমিশনের উক্তরূপ অনুমোদন পাওয়া না গেলে তাহাও সাথে সাথেই প্রকাশ বা প্রচার করিতে হইবে, এবং সেই ক্ষেত্রে কমিশনের উক্তরূপ সিদ্ধান্ত প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে ট্রাস্টি বোর্ড, সংশ্লিষ্ট বিধিমালা মোতাবেক, বিশেষ করিয়া নগদ লভ্যাংশ প্রদানের ব্যাপারে পুনরায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রয়োজনীয় ঘোষণা জারি ও প্রকাশ বা প্রচার করিবে; এবং | |
| (৩) ট্রাস্টি বোর্ড কর্তৃক গৃহীত সকল মূল্য সংবেদনশীল সিদ্ধান্ত গ্রহণ স্টক এক্সচেঞ্জে লেনদেনের শেষে কিংবা কার্যদিবস নহে এমন কোনো দিবসে করিতে হইবে, এবং এরূপ গৃহীত প্রতিটি সিদ্ধান্ত ৩০ (ত্রিশ) মিনিটের মধ্যে ফ্যাক্স ও বিশেষ বার্তা বাহক মারফত কমিশন ও স্টক এক্সচেঞ্জে প্রেরণপূর্বক পরবর্তী দিবসে অন্ততঃ ৩ (তিন)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে। | |
| (জ) ঘোষিত নগদ লভ্যাংশ ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, ইউনিটহোল্ডারদের নিকট হইতে লিখিত আকারে সংগৃহীত পছন্দ (option) এর ভিত্তিতে, নিম্নোক্ত পদ্ধতিতে বিতরণ করিতে হইবে;- | (জ) ঘোষিত নগদ লভ্যাংশ ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ইউনিটহোল্ডারদের নিকট হইতে লিখিত আকারে সংগৃহীত পছন্দ (option) এর ভিত্তিতে, নিম্নোক্ত পদ্ধতিতে বিতরণ করিতে হইবে;-<br><br>নগদ লভ্যাংশ ইউনিটহোল্ডারদের ব্যাংক, এমএফএস বা ডিজিটাল ব্যাংক হিসাবে জমাকরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকের নিকট প্রেরণের মাধ্যমে বা |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| নগদ লভ্যাংশ ইউনিটহোল্ডারদের ব্যাংক হিসাবে জমাকরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যাংকের নিকট প্রেরণের মাধ্যমে:<br><br>তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে ইউনিটহোল্ডারের ব্যাংক কোনো প্রকার সার্ভিস চার্জ ইত্যাদি আরোপ করিলে তাহা ইউনিটহোল্ডার বহন করিবেন:<br><br>আরও শর্ত থাকে যে, ইউনিটহোল্ডারদের ব্যাংক হিসাবে নগদ লভ্যাংশ প্রেরণের সময়ে একইসাথে ইউনিটহোল্ডার বরাবরে এই মর্মে একটি অবহিতকরণ পত্র (letter of intimation) ইস্যু করিতে হইবে যাহাতে, অন্যান্যের মধ্যে, উৎসে কর কর্তন (যদি থাকে), নগদ লভ্যাংশ প্রেরণের তারিখ, পরিমাণ এবং সংশ্লিষ্ট ব্যাংকের নাম ইত্যাদি বিষয়ে বিস্তারিত উল্লেখ থাকিবে;<br>অথবা<br>অজড় (dematerialized) মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে ইউনিটহোল্ডার কর্তৃক বেনিফিসিয়ারি ওনার্স (BO) হিসাব এ প্রদত্ত নাম ও ঠিকানায় নগদ লভ্যাংশ ওয়ারেন্ট (cash dividend warrant) ইস্যুর মাধ্যমে।] | ইউনিটহোল্ডার কর্তৃক প্রদত্ত নাম ও ঠিকানায় চেক (cheque) বা লভ্যাংশ ওয়ারেন্ট (dividend warrant) প্রেরণের মাধ্যমে:<br><br>তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে ইউনিটহোল্ডারের ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংক কোনো প্রকার সার্ভিস চার্জ ইত্যাদি আরোপ করিলে তাহা ইউনিটহোল্ডার বহন করিবেন:<br><br>আরও শর্ত থাকে যে, ইউনিটহোল্ডারদের লভ্যাংশ প্রেরণের সময়ে একইসাথে ইউনিটহোল্ডার বরাবরে এই মর্মে একটি অবহিতকরণ পত্র (letter of intimation) ইস্যু করিতে হইবে যাহাতে, অন্যান্যের মধ্যে, উৎসে কর কর্তন (যদি থাকে), নগদ লভ্যাংশ প্রেরণের তারিখ, পরিমাণ এবং সংশ্লিষ্ট ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকের নাম ইত্যাদি বিষয়ে বিস্তারিত উল্লেখ থাকিবে;<br><br>~~অথবা~~<br><br>~~অজড় (dematerialized) মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে ইউনিটহোল্ডার কর্তৃক বেনিফিসিয়ারি ওনার্স (BO) হিসাব এ প্রদত্ত নাম ও ঠিকানায় নগদ লভ্যাংশ ওয়ারেন্ট (cash dividend warrant) ইস্যুর মাধ্যমে।~~<br><br>(ঝ) বে-মেয়াদি স্কীমে ইউনিটধারীগণ নগদ বা সমন্বিত বিনিয়োগ পরিকল্পনা (Cumulative Investment Plan) এর যে কোনো অপশন গ্রহণ করিতে পারিবেন। সমন্বিত বিনিয়োগ পরিকল্পনা (Cumulative Investment Plan) এর অধীনে ইউনিটধারীগণ নগদ লভ্যাংশের জন্য বিবেচিত হইবে না |
| ১৩। **কর্মকর্তা, ইত্যাদি নিয়োগের বাধা-নিষেধ**।- মিউচ্যুয়াল ফান্ড পরিচালনার জন্য নিযুক্ত কোনো কর্মকর্তা বা কর্মচারী একই সঙ্গে কোনো মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার, স্টক ডিলার বা স্টক ব্রোকারের কর্মকর্তা বা কর্মচারী হইতে পারিবে না। | (১৩) **কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের বাধা-নিষেধ**।-<br><br>(১) সম্পদ ব্যবস্থাপক কোম্পানী মিউচ্যুয়াল ফান্ড সংশ্লিষ্ট ~~কোনো পক্ষের~~ ট্রাস্টি, হেফাজতকারী এবং নিরীক্ষকের কোনো কর্মকর্তা বা কর্মচারী নিয়োগ করিবে না বা ~~মিউচ্যুয়াল ফান্ড সংশ্লিষ্ট কোনো পক্ষের~~ ট্রাস্টি, হেফাজতকারী এবং নিরীক্ষকের কোনো কর্মকর্তা বা কর্মচারির বেতন-ভাতা প্রদান করিবে না।<br><br>(২) কোন সম্পদ ব্যবস্থাপক কর্তৃক নিযুক্ত কোন কর্মকর্তা বা কর্মচারী একই সঙ্গে কোন মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার বা স্টক ব্রোকারের কর্মকর্তা বা কর্মচারী হইতে পারিবে না। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| ১৪। **নিবন্ধন মঞ্জুর না হওয়ার ক্ষেত্রে করণীয়**।–<br><br>(১) বিধি-৯ এ উল্লিখিত বিষয়সমূহের আলোকে কমিশনের নিকট কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের অনুপযুক্ত বিবেচিত হইলে কমিশন তৎসংক্রান্ত দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট দরখাস্ত করিতে পারিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো দরখাস্ত প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে দরখাস্তকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদান পূর্বক কমিশন দরখাস্ত প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত শুনানি গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানইয়া দিবে। | ১৪। **নিবন্ধন মঞ্জুর না হওয়ার ক্ষেত্রে করণীয়**।–<br><br>(১) বিধি-৯ এ উল্লিখিত বিষয়সমূহের আলোকে কমিশনের নিকট কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের অনুপযুক্ত বিবেচিত হইলে কমিশন তৎসংক্রান্ত দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট দরখাস্ত করিতে পারিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো দরখাস্ত প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে দরখাস্তকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদান পূর্বক কমিশন দরখাস্ত প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত শুনানি গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানইয়া দিবে। |
| **তৃতীয় অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ড গঠন ও ব্যবস্থাপনা** | **তৃতীয় অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ড গঠন ও ব্যবস্থাপনা** |
| ১৫। **মিউচ্যুয়াল ফান্ড গঠন পদ্ধতি**।–<br><br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড Trust Act, 1882 (II of 1882) এর অধীন ট্রাস্ট আকারে গঠন করিতে হইবে এবং Registration Act, 1908 (XVI of 1908) এর অধীন ট্রাস্ট দলিল নিবন্ধিত হইতে হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, প্রতিটি মিউচ্যুয়াল ফান্ডের নাম সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের নাম সহকারে শুরু হইবে। সেই সাথে উদ্যোক্তাদের নামও ফান্ডের নামের সাথে সংযুক্ত করা যাইতে পারে। | ১৫। **মিউচ্যুয়াল ফান্ড গঠন পদ্ধতি**।–<br><br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড Trust Act, 1882 (II of 1882) এর অধীন ট্রাস্ট আকারে গঠন করিতে হইবে এবং Registration Act, 1908 (XVI of 1908) এর অধীন ট্রাস্ট দলিল নিবন্ধিত হইতে হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, প্রতিটি মিউচ্যুয়াল ফান্ডের নাম সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের নাম সহকারে শুরু হইবে। সেই সাথে উদ্যোক্তাদের নামও ফান্ডের নামের সাথে সংযুক্ত করা যাইতে পারে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (২) উক্ত ট্রাস্ট দলিল ট্রাস্টির বরাবরে উদ্যোক্তা কর্তৃক সম্পাদিত হইতে হইবে।<br>(৩) উক্ত ট্রাস্ট দলিল নিবন্ধনের পূর্বে কমিশনের নিকট উহা অনুমোদনের জন্য পেশ করিতে হইবে এবং উক্তরূপ অনুমোদন প্রাপ্তির পরই উক্ত দলিলটি নিবন্ধন করা যাইবে।<br>(৪) উক্ত ট্রাস্ট দলিলে এই বিধিমালার দ্বিতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে।<br>(৫) উক্ত ট্রাস্ট দলিলে এমন কোনো বিষয়ের উল্লেখ থাকিবে না যাহা-<br>(ক) মিউচ্যুয়াল ফান্ড বা উহার ইউনিট মালিকদের সম্পর্কে ট্রাস্টের দায়দায়িত্ব ও বাধ্যবাধকতা সীমাবদ্ধ করিবে বা উহার অবসান ঘটাইবে; অথবা<br>(খ) ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের কার্যে অবহেলা বা তৎকর্তৃক কোনো কার্য করা বা না করার কারণে ইউনিট মালিকদের লোকসান ও ক্ষতি সাধিত হইবার পরও উহার দায়দায়িত্ব হইতে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপককে অব্যাহতি দান করিবে।<br>(৬) মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধিত দফতরে উক্ত ট্রাস্ট দলিল সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখিতে হইবে এবং কেহ চাহিলে তাহাকে নির্ধারিত মূল্যে উক্ত দলিলের কপি সরবরাহ করিতে হইবে। | আরো শর্ত থাকে যে, বিনিয়োগ উদ্দেশ্যের সাথে মিউচ্যুয়াল ফান্ডের নামেকরণের সামঞ্জস্যতা থাকিতে হইবে।<br>(২) উক্ত ট্রাস্ট দলিল ট্রাস্টির বরাবরে উদ্যোক্তা কর্তৃক সম্পাদিত হইতে হইবে।<br>(৩) উক্ত ট্রাস্ট দলিল নিবন্ধনের পূর্বে কমিশনের নিকট উহা অনুমোদনের জন্য পেশ করিতে হইবে এবং উক্তরূপ অনুমোদন প্রাপ্তির পরই উক্ত দলিলটি নিবন্ধন করা যাইবে:<br>(৪) উক্ত ট্রাস্ট দলিলে এই বিধিমালার দ্বিতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত স্ট্যান্ডার্ডস ট্রাস্ট ডীড (Standard Trust Deed) অনুযায়ী সম্পাদিত হইতে হইবে;<br>(৫) উক্ত ট্রাস্ট দলিলে এমন কোনো বিষয়ের উল্লেখ থাকিবে না যাহা-<br>(ক) মিউচ্যুয়াল ফান্ড বা উহার ইউনিট মালিকদের সম্পর্কে ট্রাস্টের দায়দায়িত্ব ও বাধ্যবাধকতা সীমাবদ্ধ করিবে বা উহার অবসান ঘটাইবে; অথবা<br>(খ) ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের কার্যে অবহেলা বা তৎকর্তৃক কোনো কার্য করা বা না করার কারণে ইউনিট মালিকদের লোকসান ও ক্ষতি সাধিত হইবার পরও উহার দায়দায়িত্ব হইতে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপককে অব্যাহতি দান করিবে।<br>(৬) মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধিত দফতরে এবং সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের ওয়েবসাইটে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা ফান্ডের প্রত্যেক স্কীমের পৃথক পৃথক হালনাগাদকৃত ট্রাস্ট দলিল ও প্রসপেক্টাস সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখিতে হইবে এবং কেহ চাহিলে তাহাকে নির্ধারিত মূল্যে উক্ত দলিলের কপি সরবরাহ করিতে হইবে। |
| ১৬। **মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা**।–<br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি অছি ব্যবস্থাধীনে রাখার জন্য এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক ট্রাস্টি হিসাবে নিবন্ধিত কোনো কোম্পানী, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা সংবিধিবদ্ধ সংস্থাকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করিতে হইবে এবং বিধি ১৫ এর অধীন সম্পাদিতব্য ট্রাস্ট দলিল উক্ত ট্রাস্টির বরাবরে সম্পাদিত হইতে হইবে। | ১৬। **মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা**।–<br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি অছি ব্যবস্থাধীনে রাখার জন্য এই বিধিমালার বিধি ১৭-এর অধীন কমিশন কর্তৃক ট্রাস্টি হিসাবে নিবন্ধিত কোনো কোম্পানি, সংস্থা বা প্রতিষ্ঠানকে ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগ করিতে হইবে এবং বিধি ১৫ এর অধীন সম্পাদিতব্য ট্রাস্ট দলিল উক্ত ট্রাস্টির বরাবরে সম্পাদিত হইতে হইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা ও উহার স্কীম সমূহের পরিচালনার জন্য এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধিত কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগ করিতে হইবে।<br><br>(৩) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি সমূহের হেফাজত রাখার উদ্দেশ্যে এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক হেফাজতকারি হিসাবে নিবন্ধিত কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে হেফাজতকারি হিসাবে নিয়োগ করিতে হইবে। | (২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা ও উহার স্কীম সমূহের পরিচালনার জন্য এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধিত কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগ করিতে হইবে।<br><br>(৩) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিজসহ অন্যান্য আর্থিক সম্পদ হেফাজত রাখার উদ্দেশ্যে এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো হেফাজতকারি নিয়োগ করিতে হইবে।<br><br>(৪) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক উহার পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হইতে পারিবে না। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে। |
| **চতুর্থ অধ্যায়**<br>**ট্রাস্টি** | **চতুর্থ অধ্যায়**<br>**ট্রাস্টি** |
| **১৭। ট্রাস্টি হিসাবে নিবন্ধন।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগের জন্য কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে না। | **১৭। ট্রাস্টি হিসাবে নিবন্ধন।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগের জন্য কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ডিজিটাল ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানি, কোনো পাবলিক লিমিটেড কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা বা উহাদের সাবসিডিয়ারি প্রতিষ্ঠান এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে।<br>তবে কমিশন কর্তৃক নিবন্ধিত অন্য যে কোনো ট্রাস্টি,যেমন "Trustees of Debt Securities", এই বিধিমালা মোতাবেক মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগের জন্য বিবেচ্য হতে পারে। |
| **১৮। নিবন্ধনের দরখাস্ত।**-<br><br>(১) ট্রাস্টি হিসাবে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'খ' ও পাঁচ হাজার টাকার একটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কমিশনের বরাবরে জমা করিতে হইবে। | **১৮। নিবন্ধনের দরখাস্ত।**-<br><br>(১) ট্রাস্টি হিসাবে কোনো প্রতিষ্ঠান বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'খ' মোতাবেক আবেদনপত্র দাখিল করিতে হইবে ও পঞ্চাশ হাজার টাকার একটি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে কমিশনের বরাবরে জমা করিতে হইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত ট্রাস্টির সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।<br><br>(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। | (২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত ট্রাস্টির সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।<br><br>(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। |
| **১৯। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।**–<br>(১) কোনো কোম্পানী, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা সংবিধিবদ্ধ সংস্থা ট্রাস্টি হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি-<br><br>(ক) উহার অন্যূন এক কোটি টাকা পরিশোধিত মূলধন এবং আশি লক্ষ টাকার নীট সম্পদ (net-worth) না থাকে;<br><br>(খ) উহা বা উহার কোনো পরিচালক ঋণ খেলাপী থাকে;<br><br>(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;<br><br>(ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা সম্পদ ব্যবস্থাপক, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের কোনো পরিচালক হন বা উহার সহিত কোনো ভাবে সম্পর্কিত হন;<br><br>(ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন পাঁচ বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে; | **১৯। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।**- (১) কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ডিজিটাল ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানি, কোনো পাবলিক লিমিটেড কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা বা উহাদের সাবসিডিয়ারি প্রতিষ্ঠান ট্রাস্টি হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি-<br><br>(ক) উহার অন্যূন ১০ (দশ) কোটি টাকা পরিশোধিত মূলধন এবং উক্ত পরিশোধিত মূলধনের সার্বক্ষণিক ন্যূনতম শতকরা ৮০ (আশি) ভাগ নীট সম্পদ (net-worth) না থাকে;<br><br>তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে নিবন্ধনপ্রাপ্ত কোনো ট্রাস্টির যদি উক্ত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে তাহা হইলে এই শর্ত কার্যকর হইবার ৩ (তিন) বৎসরের মধ্যে উহা পূর্ণ করিতে হইবেঃ<br><br>(খ) উহা বা উহার কোনো পরিচালক ঋণ খেলাপী থাকে;<br><br>(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;<br><br>(ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারি, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের কোনো পরিচালক হন বা উহার সহিত কোনো ভাবে সম্পর্কিত হন;<br><br>(ঙ) উহার ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা ট্রাস্টি বিভাগের প্রধানের আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা যাহার মধ্যে পুঁজিবাজারে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের এবং অন্যান্য সার্বক্ষণিক কর্মকর্তাদের মধ্যে কমপক্ষে ০২ (দুই) জনের কমিশন কর্তৃক বিনিয়োগ ব্যবস্থাপনা বিষয়ে স্বীকৃত কোনো সনদ না থাকে; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (চ) উহার ব্যবসার স্থান, অফিস ও সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম না থাকে।<br><br>(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনোটি যে কোনো ট্রাস্টির ক্ষেত্রে শিথিল করিতে পারিবে। | (চ) উহার ব্যবসার স্থান, অফিস, সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম ও নিজস্ব ওয়েব-সাইট (Web-site) না থাকে।<br>(ছ) Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এবং সময় সময় কমিশন কর্তৃক নির্ধারিত সার্বক্ষণিক ঝুঁকিভিত্তিক মূলধন (Risk Based Capital) না থাকিলে কমিশন কোনো কোম্পানীকে ট্রাস্টি হিসেবে নিবন্ধন সনদ মঞ্জুর করিবে না।<br><br>(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনোটি যে কোনো ট্রাস্টির ক্ষেত্রে শিথিল করিতে পারিবে। |
| **২০। নিবন্ধন মঞ্জুরী।**–<br><br>(১) বিধি ১৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে ট্রাস্টি নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং ট্রাস্টিকে নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ পনের হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো ট্রাস্টিকে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে। | **২০। নিবন্ধন মঞ্জুরী।**–<br><br>(১) বিধি ১৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ট্রাস্টি নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং ট্রাস্টিকে নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো ট্রাস্টিকে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে। |
| **২১। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**-<br><br>(১) বিধি ১৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন ট্রাস্টির নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণ সহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে। | **২১। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**-<br><br>(১) বিধি ১৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন ট্রাস্টির নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণ সহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদন প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানি গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে। | (৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবেন।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদন প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানি গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে। |
| **২২। বার্ষিক ফি।**- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক ট্রাস্টিকে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ পাঁচ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।]<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো ট্রাস্টি বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত ট্রাস্টিকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো ট্রাস্টিশীপ গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো ট্রাস্টিকে উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। | **২২। বার্ষিক ফি।**- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক ট্রাস্টিকে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ পঞ্চাশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।]<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো ট্রাস্টি বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত ট্রাস্টিকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো ট্রাস্টিশীপ গ্রহণ বিবেচনা করিবে না।<br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো ট্রাস্টিকে উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। |
| **২৩। ট্রাস্টি নিয়োগ।**- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা উহার সম্পত্তি অছি ব্যবস্থাধীন রাখার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো ট্রাস্টিকে নিয়োগদান করিবেঃ | **২৩। ট্রাস্টি নিয়োগ।**- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা উহার সম্পত্তি অছি ব্যবস্থাধীন রাখার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো ট্রাস্টিকে নিয়োগদান করিবেঃ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| তবে শর্ত থাকে যে, যদি কোনো কোম্পানীর পরিচালনা পর্ষদের সদস্যদের পঞ্চাশ ভাগের বেশি উহার অধিভূক্ত কোনো কোম্পানীর বা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য হন অথবা উহার উদ্যোক্তা বা উদ্যোক্তা কোম্পানীর সহিত সংশ্লিষ্ট হন তাহা হইলে উক্ত কোম্পানীকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে নাঃ<br><br>আরও শর্ত থাকে যে, কোনো সম্পদ ব্যবস্থাপককে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে না; তবে বিধি ৩৬এ উল্লিখিত বিধানাবলী সাপেক্ষে কোনো ট্রাস্টিকে হেফাজতকারি হিসাবেও নিয়োগ করা যাইবে।<br><br>(২) কোনো ট্রাস্টি উদ্যোক্তার বা সম্পদ ব্যবস্থাপকের অধিভূক্ত বা সহযোগী হইতে পারিবে না, তবে জনস্বার্থে কমিশন কোনো ট্রাস্টির ক্ষেত্রে এই দফার শর্ত শিথিল করিতে পারিবে;<br><br>(৩) ট্রাস্টি নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তনের জন্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;<br><br>(৪) দুই-তৃতীয়াংশ ইউনিট মালিকগণের লিখিত আবেদন, কিংবা কমিশন জনস্বার্থে উপযুক্ত বিবেচনা করিলে, কমিশন কোনো ট্রাস্টির নিয়োগ বাতিল করিয়া সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারির সাথে পরামর্শক্রমে উহার স্থলে নতুন ট্রাস্টি নিয়োগ করিতে পারিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া কমিশন কোনো ট্রাস্টির নিয়োগ বাতিলের সিদ্ধান্ত নিবে না।<br><br>(৫) কোনো ট্রাস্টি তাহার স্থলে অন্য কোনো ট্রাস্টি নিযুক্ত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ করিতে পারিবে না। | তবে শর্ত থাকে যে, যদি কোনো কোম্পানীর পরিচালনা পর্ষদের সদস্যদের পঞ্চাশ ভাগের বেশি উহার অধিভুক্ত কোনো কোম্পানীর বা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য হন অথবা উহার উদ্যোক্তা বা উদ্যোক্তা কোম্পানীর সহিত সংশ্লিষ্ট হন তাহা হইলে উক্ত কোম্পানীকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে নাঃ<br><br>(২) কোনো ট্রাস্টি উদ্যোক্তার বা সম্পদ ব্যবস্থাপকের অধিভূক্ত বা সহযোগী প্রতিষ্ঠান হইতে পারিবে না, তবে জনস্বার্থে কমিশন কোনো ট্রাস্টির ক্ষেত্রে এই দফার শর্ত শিথিল করিতে পারিবে;<br><br>(৩) ট্রাস্টি নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তনের জন্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;<br><br>(৪) কোন মিউচ্যুয়াল ফান্ডের নূন্যতম দুই-তৃতীয়াংশ (ইউনিট সংখ্যার-ভিত্তিতে) ইউনিট মালিকগণের লিখিত আবেদন, কিংবা কমিশন জনস্বার্থে উপযুক্ত বিবেচনা করিলে, কমিশন কোনো ট্রাস্টির নিয়োগ বাতিল করিয়া সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারির সাথে পরামর্শক্রমে উহার স্থলে নতুন ট্রাস্টি নিয়োগ করিতে পারিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া কমিশন কোনো ট্রাস্টির নিয়োগ বাতিলের সিদ্ধান্ত নিবে না;<br><br>(৫) কোনো ট্রাস্টি তাহার স্থলে অন্য কোনো ট্রাস্টি নিযুক্ত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ করিতে পারিবে না;<br><br>(৬) নতুন ট্রাস্টি ফান্ডের দ্বায়িত্ব গ্রহণের পূর্বে, বিশেষ নিরীক্ষক দ্বারা সংশ্লিষ্ট ফান্ডের হিসাব নিরীক্ষাপূর্বক কমিশনের নিকট বিশেষ নিরীক্ষিত প্রতিবেদন দাখিল করিতে হইবে। |
| **২৪। ট্রাস্টিগণের দায়-দায়িত্ব।–** | **২৪। ট্রাস্টিগণের দায়-দায়িত্ব।–** |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (১) ট্রাষ্ট পরিচালনার সহিত সম্পর্কিত যে কোনো তথ্য সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে প্রাপ্তির অধিকার ট্রাস্টির থাকিবে এবং ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপকের নিকট সময় সময় সাময়িক প্রতিবেদন চাহিতে পারিবে। | (১) ট্রাস্ট পরিচালনার সহিত সম্পর্কিত যে কোনো তথ্য সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে প্রাপ্তির অধিকার ট্রাস্টির থাকিবে এবং ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপকের নিকট সময় সময় সাময়িক প্রতিবেদন চাহিতে পারিবে। ফান্ড-সংশ্লিষ্ট সকল পক্ষ ট্রাস্টির চাহিদা মোতাবেক তথ্য প্রদানে বাধ্য থাকিবে। |
| (২) কোনো ট্রাস্টি যদি কখনও মনে করে যে মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সংশ্লিষ্ট আইন বা এই বিধিমালা অনুযায়ী পরিচালিত হইতেছেনা তাহা হইলে, তৎক্ষণাৎ উক্ত ট্রাস্টি পরিস্থিতি সংশোধনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং কমিশনকে তৎসম্পর্কে অবহিত করিবে। | (২) কোনো ট্রাস্টি যদি কখনও মনে করে যে মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সংশ্লিষ্ট আইন বা এই বিধিমালা অনুযায়ী পরিচালিত হইতেছে না তাহা হইলে, তৎক্ষণাৎ উক্ত ট্রাস্টি পরিস্থিতি সংশোধনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং কমিশনকে তৎসম্পর্কে অবহিত করিবে। |
| (৩) ট্রাস্টি ট্রাস্টের পক্ষে কোনো অর্জন ও হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সকল দলিল সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করিবে এবং সম্পদ ব্যবস্থাপক কর্তৃক লেনদেন যেন যথাযথভাবে এবং এই বিধিমালা অনুসারে সম্পাদিত হয় তাহা নিশ্চিত করিবে। | (৩)ট্রাস্টি ট্রাস্টের পক্ষে কোনো অর্জন ও হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সকল দলিল সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করিবে এবং সম্পদ ব্যবস্থাপক কর্তৃক লেনদেন যেন যথাযথভাবে এবং এই বিধিমালা অনুসারে সম্পাদিত হয় তাহা নিশ্চিত করিবে। |
| (৪) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক এই বিধিমালা মানিয়া চলার জন্য ট্রাস্টিও দায়ী থাকিবে। | (৪) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক এই বিধিমালা মানিয়া চলার জন্য ট্রাস্টিও দায়ী থাকিবে। |
| (৫) ট্রাস্টি, ট্রাস্ট দলিল বলে ক্ষমতাবান হইলে, সম্পদ ব্যবস্থাপকের সহিত তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে। | (৫) ট্রাস্টি, ট্রাস্ট দলিল বলে ক্ষমতাবান হইলে, সম্পদ ব্যবস্থাপকের সহিত তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে। |
| (৬) ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের স্কীমের সম্পদের তত্ত্বাবধান করিবে এবং এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী ইউনিট মালিকগণের পক্ষে উহা অছি ব্যবস্থাধীনে রাখিবে। | (৬) ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের স্কীমের সম্পদের তত্ত্বাবধান করিবে এবং এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী ইউনিট মালিকগণের পক্ষে উহা অছি ব্যবস্থাধীনে রাখিবে। |
| (৭) মিউচ্যুয়াল ফান্ডের সকল লেনদেন যাহাতে ট্রাস্ট দলিল ও এই বিধিমালার তৃতীয় তফসিল অনুযায়ী পরিচালিত হয় তাহা ট্রাস্টি নিশ্চিত করিবে। | (৭) মিউচ্যুয়াল ফান্ডের সকল লেনদেন যাহাতে ট্রাস্ট দলিল ও এই বিধিমালার তৃতীয় তফসিল অনুযায়ী পরিচালিত হয় তাহা ট্রাস্টি নিশ্চিত করিবে। |
| (৮) এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী মিউচ্যুয়াল ফান্ডে প্রদেয় কোনো অর্থ এবং কোনো স্কীমের ইউনিট মালিকদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ডে গৃহীত কোনো অর্থের হিসাবের জন্য ট্রাস্টি দায়ী থাকিবে। | (৮) এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী মিউচ্যুয়াল ফান্ডে প্রদেয় কোনো অর্থ এবং কোনো স্কীমের ইউনিট মালিকদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ডে গৃহীত কোনো অর্থের হিসাবের জন্য ট্রাস্টি দায়ী থাকিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৯) মিউচ্যুয়াল ফান্ডের কর্মকান্ড সম্পর্কে ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে ত্রৈমাসিক প্রতিবেদন গ্রহণ পূর্বক উহা পরীক্ষা করিবে এবং সম্পদ ব্যবস্থাপক উহার দায়িত্ব যথাযথভাবে পরিপালন করিতেছে এইমর্মে একটি প্রত্যয়ন সহ উক্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী এক মাসের মধ্যে কমিশনের নিকট পেশ করিবে। | (৯) মিউচ্যুয়াল ফান্ডের কর্মকান্ড সম্পর্কে ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে বিধি পরিপালন সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন গ্রহণপূর্বক উহা পরীক্ষা করিবে এবং সম্পদ ব্যবস্থাপক উহার দায়িত্ব যথাযথভাবে পরিপালন করিতেছে এই মর্মে একটি প্রত্যয়নসহ উক্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী এক মাসের মধ্যে কমিশনের নিকট পেশ করিবে।<br><br>(১০) নিম্নবর্ণিত শর্ত পরিপালন ও কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রতিটি ট্রাস্ট দলিল অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য স্বতন্ত্র বোর্ড অব ট্রাস্টি নিয়োগ করিবে:<br><br>(ক) বোর্ড অব ট্রাস্টি ন্যূনতম ০৩ (তিন) সদস্যের সমন্বয়ে গঠিত হইতে হইবে<br><br>(খ) বোর্ড অব ট্রাস্টির সকল সদস্যদের ফিনান্স, অ্যাকাউন্টিং, অর্থনীতি, পরিসংখ্যান, ক্যাপিটাল মার্কেট বা ব্যবসায় প্রশাসনে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে এবং ন্যূনতম একজন সদস্যের আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা যাহার মধ্যে পুঁজিবাজারে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br><br>(১১) সংশ্লিষ্ট ফান্ড শরীয়াহ ভিত্তিতে পরিচালনার শর্ত থাকিলে বা উক্ত উদ্দেশ্যে গঠিত হইলে, সম্পদ ব্যবস্থাপককে শরীয়াহ সুপারভাইজারী বোর্ড গঠনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে;<br><br>(১২) ট্রাস্ট দলিল ব্যবস্থাপনা সম্পর্কিত যাবতীয় তথ্যভান্ডার সংরক্ষণ করিবে;<br><br>(১৩) বোর্ড অব ট্রাস্টি সভায় অন্যান্য বিষয়সমূহের মধ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) আলোচ্যসূচীর অন্তর্ভূক্ত থাকিবেঃ-<br><br>(ক) নিরীক্ষিত হিসাব বিবরণীর অনুমোদন;<br>(খ) অনিরীক্ষিত (ত্রৈমাসিক ও ষান্মাসিক) হিসাব বিবরণীর অনুমোদন;<br>(গ) লভ্যাংশ প্রদান ও রেকর্ড ডেট সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ এবং ঘোষণা প্রদান; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (১০) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ট্রাস্টি ইউনিট মালিকদের সভা আহবান করিবে, যথাঃ-<br><br>(ক) ইউনিট মালিকদের স্বার্থে কমিশন সভা আহবানের নির্দেশ প্রদান করিলে;<br><br>(খ) কোনো একটি স্কীম বা সকল স্কীমের ইউনিট মালিকদের তিন-চতুর্থাংশ সভা তলব করিলে; অথবা<br><br>(গ) ট্রাস্টি কোনো স্কীম গুটাইয়া ফেলিতে বা যথাসময়ের পূর্বেই ইউনিটসমূহের মূল্য পরিশোধ করিতে কিংবা কোনো স্কীম সংশোধন করিতে চাহিলে। | (ঘ) ফান্ডের ত্রৈমাসিক বিনিয়োগ কার্যক্রম পর্যালোচনা।<br><br>(ঙ) ত্রৈমাসিক ভিত্তিতে কোন মিউচ্যুয়াল ফান্ডের সহিত সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি বা তার স্বার্থ সংশ্লিষ্ট পক্ষের সাথে স্বার্থ সংশ্লিষ্ট লেনদেনের পর্যালোচনা।<br><br>(১৪) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ট্রাস্টি ইউনিট মালিকদের সভা আহবান করিবে, যথাঃ-<br><br>(ক) ইউনিট মালিকদের স্বার্থে কমিশন সভা আহবানের নির্দেশ প্রদান করিলে;<br><br>(খ) কোনো একটি স্কীম বা সকল স্কীমের ইউনিট মালিকদের তিন-চতুর্থাংশ সভা তলব করিলে; অথবা<br><br>(গ) ট্রাস্টি কোনো স্কীম গুটাইয়া ফেলিতে বা যথাসময়ের পূর্বেই ইউনিটসমূহের মূল্য পরিশোধ করিতে কিংবা কোনো স্কীম সংশোধন করিতে চাহিলে।<br><br>(১৫) (ক) প্রত্যেক ট্রাস্টি তাহার প্রতিটি আর্থিক বৎসর শেষ হইবার ০৪ (চার) মাসের মধ্যে কমিশনের প্যানেলভূক্ত কোন নিরীক্ষক কর্তৃক ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডস অন অডিটিং (ISA) এবং সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুযায়ী নিরীক্ষা কার্য সম্পন্ন করিয়া নিরীক্ষা প্রতিবেদনসহ কমিশনের নিকট আর্থিক প্রতিবেদন প্রেরণ করিবে।<br><br>তবে শর্ত থাকে যে, একই নিরীক্ষক দ্বারা পর পর তিনটি ধারাবাহিক হিসাব বৎসরের অধিক সময় কোন ট্রাস্টি কোম্পানির হিসাব নিরীক্ষা করিতে পারিবে না।<br><br>তবে আরো শর্ত থাকে যে, নিরীক্ষিত হিসাব বিবরণীতে কোন প্রকার অসঙ্গতি, অসত্য তথ্য বা প্রকৃত সত্য থেকে বিচ্যুতি ঘটলে তাহার জন্য ট্রাস্টি দায়বদ্ধ থাকিবে;<br><br>(খ) প্রত্যেক ট্রাস্টি তাহার আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট আইন ও বিঁধিমালা এবং ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ইন্টারন্যাশনাল |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য হিসাব মানদন্ড মোতাবেক প্রস্তুত করিবে;<br><br>(১৬) প্রত্যেক ট্রাস্টি বোর্ড ফান্ড পরিচালনার জন্য কর্পোরেট গভর্ন্যান্স কোডের সাথে সামঞ্জস্য রেখে একটি ফান্ড গভর্ন্যান্স কোড প্রকাশ এবং কার্যকর করবে। |
| **পঞ্চম অধ্যায়**<br>**সম্পদ ব্যবস্থাপক** | **পঞ্চম অধ্যায়**<br>**সম্পদ ব্যবস্থাপক** |
| **২৫। সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগের জন্য কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগ করা যাইবে না। | **২৫। সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগের জন্য কোম্পানি আইন ১৯৯৪ দ্বারা নিবন্ধিত কোনো কোম্পানী বা অন্য কোন আইন দ্বারা নিবন্ধিত কোন সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| **২৬। নিবন্ধনের দরখাস্ত।**–<br>(১) সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'গ' ও দশ হাজার টাকার একটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কমিশনের বরাবরে জমা করিতে হইবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত সম্পদ ব্যবস্থাপকের সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।<br><br>(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। | **২৬। নিবন্ধনের দরখাস্ত।**–<br>(১) সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'গ' ও এক লক্ষ টাকার একটি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে কমিশনের বরাবরে জমা করিতে হইবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত সম্পদ ব্যবস্থাপকের সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।<br><br>(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। |
| **২৭। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।**–<br>(১) কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি-<br><br>(ক) উহার অন্যূন ৫ (পাঁচ) কোটি টাকা পরিশোধিত মূলধন না থাকেঃ | **২৭। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।**–<br>(১) কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি-<br><br>(ক) উহার অন্যূন ১০ (দশ) কোটি টাকা পরিশোধিত মূলধন না থাকেঃ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে নিবন্ধনপ্রাপ্ত কোনো সম্পদ ব্যবস্থাপকের যদি উক্ত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে তাহা হইলে এই শর্ত কার্যকর হইবার ১ (এক) বৎসরেরমধ্যে উহা সংগ্রহ করিতে হইবেঃ | তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে নিবন্ধনপ্রাপ্ত কোনো সম্পদ ব্যবস্থাপকের যদি উক্ত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে তাহা হইলে এই শর্ত কার্যকর হইবার ~~৩ (তিন)~~ ৫ (পাঁচ) বৎসরের মধ্যে উহা পূর্ণ করিতে হইবেঃ |
| আরও শর্ত থাকে যে, নিবন্ধন প্রাপ্তির পর কোনো সম্পদ ব্যবস্থাপকের নীট সম্পদ (net-worth) যদি কখনও পরিশোধিত মূলধন এর ১০ (দশ) শতাংশ বা উহার অধিক পরিমাণ হ্রাস পায় সেই ক্ষেত্রে উক্ত হ্রাসকৃত অংক তৎপরবর্তী অর্থ বৎসরেরমূলধন বৃদ্ধির মাধ্যমে পূরণ করিতে হইবে। | আরও শর্ত থাকে যে, নিবন্ধন প্রাপ্তির পর কোনো সম্পদ ব্যবস্থাপকের নীট সম্পদ (net-worth) যদি কখনও পরিশোধিত মূলধন এর ১০ (দশ) শতাংশ বা উহার অধিক পরিমাণ হ্রাস পায় সেই ক্ষেত্রে উক্ত হ্রাসকৃত অংক তৎপরবর্তী অর্থ বৎসরের মূলধন বৃদ্ধির মাধ্যমে পূরণ করিতে হইবে। |
| (খ) উহা বা উহার কোনো পরিচালক ঋণ খেলাপী থাকে; | (খ) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী, উহা বা উহার কোনো পরিচালক যদি ঋণ খেলাপী থাকে অথবা পুঁজিবাজার আইনভঙ্গের দায়ে কমিশন কর্তৃক অপরাধী হিসেবে প্রমাণিত হয়ে থাকলে; |
| (গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে; | (গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে; |
| (ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা কোনো ট্রাস্টি বা হেফাজতকারির পরিচালক হন বা স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের কোনো পরিচালক হন বা উহাদের সহিত কোনোভাবে সম্পর্কিত হন; | (ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা কোনো ট্রাস্টি বা হেফাজতকারির পরিচালক হন বা স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের কোনো পরিচালক হন বা উহাদের সহিত কোনোভাবে সম্পর্কিত হন; |
| | (ঙ) উহার এক-তৃতীয়াংশ পরিচালক স্বতন্ত্র (Independent Director) না হইলে; |
| (ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন পাঁচ বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে; | (ঙ) উহার ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা না থাকে যাহার মধ্যে পুঁজিবাজারে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং অন্যান্য সার্বক্ষণিক কর্মকর্তাদের মধ্যে কমপক্ষে ০২ (দুই) জনের ব্যবসায় প্রশাসন, বাণিজ্য, অর্থনীতি, অথবা পরিসংখ্যানে ন্যূনতম স্নাতক বা বৈশ্বিকভাবে স্বীকৃত সমমানের ডিগ্রি না থাকে বা কমিশন কর্তৃক বিনিয়োগ ব্যবস্থাপনা বিষয়ে স্বীকৃত কোনো সনদ না থাকে; |
| (চ) উহার ব্যবসার স্থান, অফিস ও সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম না থাকে। | |
| (ছ) উহা কমিশন কর্তৃক নির্ধারিত যোগ্যতা সম্পন্ন একজন তদারকী কর্মকর্তা (Compliance Officer) নিয়োগদান না করেঃ | |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপককে আগামী ছয় মাসের মধ্যে তদারকী কর্মকর্তা নিয়োগ/পদায়ন করিতে হইবেঃ<br><br>আরো শর্ত থাকে যে, তদারকী কর্মকর্তাকে অবশ্যই ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে এবং কমিশন প্রয়োজন মনে করিলে সময় সময় এ বিষয়ে যে কোনো শর্ত আরোপ করিতে পারিবে;<br><br>(জ) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক সিকিউরিটিজ আইন কানুন পরিপালন সংক্রান্ত প্রতিবেদন তদারকী কর্মকর্তা সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি, কাস্টডিয়ান এবং কমিশনের নিকট কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে দাখিল করিবেন।]<br><br>(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনোটি যে কোনো সম্পদ ব্যবস্থাপকের ক্ষেত্রে শিথিল করিতে পারিবে। | (চ) উহার ব্যবসার স্থান, অফিস, সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম ও নিজস্ব ওয়েব-সাইট (Web-site) না থাকে।<br><br>(ছ) উহা কমিশন কর্তৃক নির্ধারিত যোগ্যতা সম্পন্ন একজন তদারকী কর্মকর্তা (Compliance Officer) নিয়োগদান না করেঃ<br><br>তবে শর্ত থাকে যে, তদারকী কর্মকর্তাকে অবশ্যই ন্যূনতম বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ কমিশন কর্তৃক স্বীকৃত পুঁজিবাজার বিষয়ক কোর্সের সনদধারী হইতে হইবে এবং কমিশন প্রয়োজন মনে করিলে সময় সময় এ বিষয়ে যে কোনো শর্ত আরোপ করিতে পারিবে;<br><br>(জ) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক সিকিউরিটিজ আইন কানুন পরিপালন সংক্রান্ত প্রতিবেদন সম্পদ ব্যবস্থাপকের তদারকী কর্মকর্তা ট্রাস্টি, কাস্টডিয়ান এবং কমিশনের নিকট ট্রাস্টি বা কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে দাখিল করিবেন।]<br><br>~~(২) Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এবং সময় সময় কমিশন কর্তৃক নির্ধারিত সার্বক্ষণিক ঝুঁকিভিত্তিক মূলধন (Risk Based Capital) না থাকিলে কমিশন কোনো কোম্পানীকে সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিবন্ধন সনদ মঞ্জুর করিবে না।~~<br><br>(৩) এই বিধিমালা জারীর এক (০১) বৎসরের মধ্যে উপ-বিধি (১) এর (ঙ) ও (ছ) এর বিধানবলী পরিপালন করিতে হইবে। কমিশন এই বিধিতে উল্লিখিত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।<br><br>(৪) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১), (২) ও (৩) এর বিধানাবলীর যে কোনোটি যে কোনো সম্পদ ব্যবস্থাপকের ক্ষেত্রে শিথিল করিতে পারিবে। |
| **২৮। নিবন্ধন মঞ্জুরী।** - | **২৮। নিবন্ধন মঞ্জুরী।** - |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (১) বিধি ২৭ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সম্পদ ব্যবস্থাপক নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং সম্পদ ব্যবস্থাপককে নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ ত্রিশ হাজর টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো সম্পদ ব্যবস্থাপক নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।<br><br>(৩) লক-ইন (Lock- in)।- সম্পদ ব্যবস্থাপকের উদ্যোক্তাদের শেয়ার এর উপর নিবন্ধন সনদ প্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) বছর পর্যন্ত লক-ইন (Lock- in) বলবৎ থাকিবে।।] | (১) বিধি ২৭ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সম্পদ ব্যবস্থাপক নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং সম্পদ ব্যবস্থাপককে নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ পাঁচ লক্ষ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো সম্পদ ব্যবস্থাপক নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।<br><br>(৩) লক-ইন (Lock- in)।- সম্পদ ব্যবস্থাপকের উদ্যোক্তাদের শেয়ার এর উপর নিবন্ধন সনদ প্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) বছর পর্যন্ত লক-ইন (Lock- in) বলবৎ থাকিবে।] |
| **২৯। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**–<br><br>(১) বিধি ২৭ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন সম্পদ ব্যবস্থাপক নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত না মঞ্জুর করা হইলে, কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে। | **২৯। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**–<br><br>(১) বিধি ২৭ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন সম্পদ ব্যবস্থাপক নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত না মঞ্জুর করা হইলে, কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **৩০। বার্ষিক ফি।**- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক সম্পদ ব্যবস্থাপককে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ দশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো সম্পদ ব্যবস্থাপক বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত সম্পদ ব্যবস্থাপককে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোনো দায়িত্ব গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো সম্পদ ব্যবস্থাপককে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থবৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। | **৩০। বার্ষিক ফি।**- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক সম্পদ ব্যবস্থাপককে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ এক লক্ষ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।]<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো সম্পদ ব্যবস্থাপক বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত সম্পদ ব্যবস্থাপককে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোনো দায়িত্ব গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো সম্পদ ব্যবস্থাপককে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থবৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। |
| **৩১। সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ।**- (১) কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, কিংবা ট্রাস্ট দলিলবলে ক্ষমতাবান হইলে ট্রাস্টি, মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার উদ্দেশ্যে সম্পদ ব্যবস্থাপক নিয়োগ করিবে ও তৃতীয় তফসিলে বর্ণিত বিষয় এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে।<br><br>(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে অথবা স্কীমের দুই-তৃতীয়াংশ ইউনিট মালিক দাবী করিলে, কোনো সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের তিন কার্য দিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।<br><br>(৩) কমিশন, সম্পদ ব্যবস্থাপককে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান সাপেক্ষে, জনস্বার্থে, কোনো সম্পদ ব্যবস্থাপকের কিংবা উহার প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ বাতিল করিতে পারিবে। | **৩১। সম্পদ ব্যবস্থাপক ও উহার প্রধান নির্বাহীর নিয়োগ।**- (১) কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, কিংবা ট্রাস্ট দলিলবলে ক্ষমতাবান হইলে ট্রাস্টি, মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার উদ্দেশ্যে সম্পদ ব্যবস্থাপক নিয়োগ করিবে ও তৃতীয় তফসিলে বর্ণিত বিষয় এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে।<br><br>(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে অথবা স্কীমের দুই-তৃতীয়াংশ ইউনিট মালিক দাবি করিলে, কোনো সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের তিন কার্য দিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।<br><br>(৩) কমিশন, সম্পদ ব্যবস্থাপককে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান সাপেক্ষে, জনস্বার্থে, কোনো সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ বাতিল করিতে পারিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (৪) সম্পদ ব্যবস্থাপক নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তন কমিশনের পূর্বানুমোদনক্রমে হইতে হইবে। | (৪) সম্পদ ব্যবস্থাপক নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তন কমিশনের পূর্বানুমোদনক্রমে হইতে হইবে।<br><br>~~(৫) কমিশনের পূর্ব অনুমোদন সাপেক্ষে উহার পরিচালনা পর্ষদ একজন ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) নিয়োগ করিবে;~~<br><br>~~(৬) উহার ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর মেয়াদ ৪ (চার) বছর হইবে, যাহা কমিশনের পূর্ব অনুমোদনক্রমে নবায়ন করা যাইতে পারে;~~<br><br>~~তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির বয়স ৭০ (সত্তর) বছর পূর্ণ হইলে তিনি ব্যবস্থপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) পদে নিযুক্ত হইবেন না বা ব্যবস্থপনা পরিচালক/সিইও পদে বহাল থাকিবেন না।~~<br><br>(৭) সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে আবেদনকারী ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর ফিনান্স, অ্যাকাউন্টিং, অর্থনীতি, পরিসংখ্যান, ক্যাপিটাল মার্কেট বা ব্যবসায় প্রশাসনে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে;<br><br>(৮) উহার ব্যবস্থপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে যাহার মধ্যে পুঁজিবাজারে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং অন্যান্য সার্বক্ষণিক কর্মকর্তাদের মধ্যে কমপক্ষে ০২ (দুই) জনের ব্যবসায় প্রশাসন, বাণিজ্য, অর্থনীতি, অথবা পরিসংখ্যানে ন্যূনতম স্নাতক বা বৈশ্বিকভাবে স্বীকৃত সমমানের ডিগ্রি থাকিতে হইবে অথবা কমিশন কর্তৃক বিনিয়োগ ব্যবস্থাপনা বিষয়ে স্বীকৃত কোনো সনদ থাকিতে হইবে;<br><br>(৯) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী ঋণ খেলাপি হইতে মুক্ত না হলে কোন ব্যক্তি ব্যবস্থপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) পদের জন্য যোগ্য হইবেন না। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | (১০) সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের পরিচালনা পর্ষদ, কমিশনের পূর্বানুমতিক্রমে, উহার ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ বাতিল করিতে পারিবে।<br><br>(১১) কমিশন, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান সাপেক্ষে, জনস্বার্থে, কোনো সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ বাতিল করিতে পারিবে। |
| **৩২। সম্পদ ব্যবস্থাপকের তৎপরতার উপর বিধিনিষেধ।**- কোনো সম্পদ ব্যবস্থাপক-<br><br>(ক) কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে কাজ করিতে পারিবে না;<br><br>(খ) বিধি ৩৩ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায় দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে স্কীমের আকার, উদ্দেশ্য, ধরণ, প্রচারপত্র প্রস্তত ও তজ্জন্য কমিশনের সম্মতি গ্রহণ, স্কীমের ইউনিট সনদ ইস্যু, বিনিয়োগ পোর্টফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/পরিচালনা, নীট সম্পদ মূল্য (NAV) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলী এবং বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা সেবা চুক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা সেবা প্রদান করা ব্যতীত সম্পদ ব্যবস্থাপক অন্য কোনো কাজ ট্রাস্টি ও কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ বা পরিচালনা করিতে পারিবে না। | **৩২। সম্পদ ব্যবস্থাপকের তৎপরতার উপর বিধিনিষেধ।**- কোনো সম্পদ ব্যবস্থাপক-<br><br>(ক) কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে কাজ করিতে পারিবে না;<br><br>(খ) বিধি ৩৩ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায় দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে স্কীমের আকার, উদ্দেশ্য, ধরণ, প্রচারপত্র প্রস্তত ও তজ্জন্য কমিশনের সম্মতি গ্রহণ~~, স্কীমের ইউনিট সনদ ইস্যু~~, বিনিয়োগ পোর্টফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/পরিচালনা, নীট সম্পদ মূল্য (NAV) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলী এবং বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা সেবা চুক্তির মাধ্যমে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা সেবা প্রদান করা ব্যতীত সম্পদ ব্যবস্থাপক অন্য কোনো কাজ ট্রাস্টি ও কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ বা পরিচালনা করিতে পারিবে না;<br><br>(গ) কোন সম্পদ ব্যবস্থাপক বা উহার কোন পরিচালক, অংশীদার বা ব্যবস্থাপক বা প্রধান নির্বাহী, যে নামেই অভিহিত করা হউক না কেন, তার পেশাদারী দায়িত্ব পালনকালে মক্কেল বা অন্য কোন সুত্রে প্রাপ্ত কোন অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের (Price sensitive information) ভিত্তিতে, নিজস্ব হিসাবে বা সহযোগী বা আত্মীয়ের দ্বারা কোন শেয়ার অর্জন করিতে বা কোন লেনদেনের সংঙ্গে সম্পৃক্ত হইতে পারিবে না।<br><br>(ঘ) কোনো সম্পদ ব্যবস্থাপক কোম্পানী তাহার ব্যবস্থাপনার অধীন কোনো মিউচ্যুয়াল ফান্ড/ স্কীমের বিনিয়োগের বিপরীতে কোনো প্রতিষ্ঠানের (তালিকাভুক্ত বা অ-তালিকাভুক্ত) পরিচালনা পরিষদের সদস্য হইতে পারিবে না |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| **৩৩। সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়-দায়িত্ব।**- (১) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার জন্য যুক্তিসংগত ও প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোনো স্কীমের সহিত সংশ্লিষ্ট তহবিলের বিনিয়োগ যেন এই বিধিমালা ও ট্রাস্ট দলিলের পরিপন্থী না হয় উহা নিশ্চিত করিবে।<br><br>(২) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড তথা উহার অধীনে স্কীম পরিচালনার জন্যে যেই সকল ব্যাংকে হিসাব খুলিবে ও বন্ধ করিবে তাহার পূর্ণ বিবরণসহ ঐ সকল হিসাবে লেনদেনকৃত তথ্যাদি এবং সংশ্লিষ্ট সিকিউরিটিজ লেনদেনের বিস্তারিত পাক্ষিক ভিত্তিতে ট্রাস্টি ও হেফাজতকারিকে সরবরাহ করিবে।<br><br>(৩) সম্পদ ব্যবস্থাপক উহার প্রতিটি হিসাব বৎসরের নিরীক্ষিত হিসাব, হিসাব বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে, কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারির নিকট দাখিল করিবে। | **৩৩। সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়-দায়িত্ব।**- (১) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার জন্য যুক্তিসংগত ও প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোনো স্কীমের সহিত সংশ্লিষ্ট তহবিলের বিনিয়োগ যেন এই বিধিমালা ও ট্রাস্ট দলিলের পরিপন্থী না হয় উহা নিশ্চিত করিবে।<br><br>(২) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড তথা উহার অধীনে স্কীম পরিচালনার জন্যে ট্রাস্টির অনুমতি সাপেক্ষে যেই সকল ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে হিসাব খুলিবে ও বন্ধ করিবে তাহার পূর্ণ বিবরণসহ ঐ সকল ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংক হিসাবের বিবরণী এবং সংশ্লিষ্ট সিকিউরিটিজ লেনদেনের বিস্তারিত পাক্ষিক ভিত্তিতে ট্রাস্টি ও হেফাজতকারিকে সরবরাহ করিবে।<br><br>(৩) (ক) সম্পদ ব্যবস্থাপক তাহার প্রতিটি আর্থিক বৎসর শেষ হইবার ০৪ (চার) মাসের মধ্যে কমিশনের প্যানেলভূক্ত কোন নিরীক্ষক কর্তৃক ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডস অন অডিটিং (ISA) অনুযায়ী নিরীক্ষা কার্য সম্পন্ন করিয়া নিরীক্ষা প্রতিবেদনসহ ট্রাস্টি ও কমিশনের নিকট আর্থিক প্রতিবেদন প্রেরণ করিবে।<br><br>তবে শর্ত থাকে যে, একই নিরীক্ষক দ্বারা পর পর তিনটি ধারাবাহিক হিসাব বৎসরের অধিক সময় কোন সম্পদ ব্যবস্থাপক কোম্পানির হিসাব নিরীক্ষা করিতে পারিবে না।<br><br>তবে আরো শর্ত থাকে যে, নিরীক্ষিত হিসাব বিবরণীতে কোন প্রকার অসঙ্গতি, অসত্য তথ্য বা প্রকৃত সত্য থেকে বিচ্যুতি ঘটলে তাহার জন্য সম্পদ ব্যবস্থাপক দায়বদ্ধ থাকিবে;<br><br>(খ) প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক তাহার আর্থিক প্রতিবেদন ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য হিসাব মানদন্ড মোতাবেক প্রস্তুত করিবে;<br>~~(গ) উপ-বিধি (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এবং সময় সময় জারিকৃত কমিশনের অন্যান্য নির্দেশনাও পরিপালন করিবে;~~ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৪) সম্পদ ব্যবস্থাপক উহার কার্যক্রম সম্পর্কে প্রতি বৎসর ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর তারিখের পরবর্তী পনের দিনের মধ্যে কমিশন ও ট্রাস্টির নিকট ত্রৈমাসিক প্রতিবেদন পেশ করিবে। | (ঘ) প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক তাহার বর্ষ সমাপ্তির পরবর্তী ছয় (০৬) মাসের মধ্যে হালনাগাদকৃত Schedule-X (Annual Summary of Share Capital and List of Shareholders), Form-XII (Particulars of the Directors) and Form-XV (Return of Allotment) এর সত্যায়িত কপি কমিশনে দাখিল করিবে।<br><br>(৪) সম্পদ ব্যবস্থাপক উহার আর্থিক কার্যক্রম সম্পর্কে প্রতি বৎসর ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর তারিখের পরবর্তী ~~ত্রিশ~~ পয়তাল্লিশ (৪৫) দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারির নিকট ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদন পেশ করিবে। ত্রৈমাসিক প্রতিবেদন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানির বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে। |
| (৫) সম্পদ ব্যবস্থাপক, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত সকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে, যথাঃ-<br>(ক) নিয়ন্ত্রণমূলক প্রতিপালন ও প্রতিবেদন সংক্রান্ত কার্যসমূহ;<br>(খ) মিউচ্যুয়াল ফান্ডের প্রসপেক্টাস, বার্ষিক ও সাময়িক প্রতিবেদন এবং বিনিয়োগকারীর জন্য অন্যান্য পত্রাদি প্রণয়ন ও বিতরণ;<br>(গ) বিজ্ঞাপন ও অন্যান্য বিক্রয় সামগ্রী;<br>(ঘ) হিসাব রক্ষণ কার্যক্রম ও কর রিটার্ন প্রণয়ন; এবং<br>(ঙ) বীমা ও অন্যান্য সেবাসমূহ। | (৫) সম্পদ ব্যবস্থাপক, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত সকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে, যথাঃ-<br>(ক) নিয়ন্ত্রণমূলক প্রতিপালন ও প্রতিবেদন সংক্রান্ত কার্যসমূহ;<br>(খ) মিউচ্যুয়াল ফান্ডের প্রসপেক্টাস, বার্ষিক ও সাময়িক প্রতিবেদন এবং বিনিয়োগকারীর জন্য অন্যান্য পত্রাদি প্রণয়ন ও বিতরণ;<br>(গ) বিজ্ঞাপন ও অন্যান্য বিক্রয় সামগ্রী;<br>(ঘ) হিসাব রক্ষণ কার্যক্রম ও কর রিটার্ন প্রণয়ন; এবং<br>(ঙ) বীমা ও অন্যান্য সেবাসমূহ।<br>(চ) এই বিধির অধীন সংরক্ষণ করা হয় এমন যাবতীয় হিসাব বই, রেকর্ড ও দলিলপত্র ১২ (বারো) বছর ~~তার কার্যালয়ে~~ সংরক্ষণ করিতে হইবে। |
| (৬) সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে যুক্তিসংগত নোটিশ পাওয়ার পর ট্রাস্টি যে কোনো সময় উক্ত কোম্পানীকে, কমিশনের পূর্বানুমতিক্রমে, মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা হইতে অব্যাহতি প্রদান করিতে পরিবে;<br><br>তবে শর্ত থাকে যে, নব নিযুক্ত সম্পদ ব্যবস্থাপক দায়িত্ব গ্রহন না করা পর্যন্ত উক্তরূপ অব্যাহতি কার্যকর হইবে না। | (৬) সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে যুক্তিসংগত নোটিশ পাওয়ার পর ট্রাস্টি যে কোনো সময় উক্ত কোম্পানীকে, কমিশনের পূর্বানুমতিক্রমে, মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা হইতে অব্যাহতি প্রদান করিতে পরিবে;<br><br>তবে শর্ত থাকে যে, নব নিযুক্ত সম্পদ ব্যবস্থাপক দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত উক্তরূপ অব্যাহতি কার্যকর হইবে না। |
| (৭) কোনো চুক্তিতে যাহাই থাকুক না কেন, কোনো সম্পদ ব্যবস্থাপক বা উহার পরিচালক বা কর্মকর্তা স্ব স্ব পদে নিয়োজিত থাকাকালীন সময়ে নিজ নিজ কর্ম বা বিচ্যুতির জন্য মিউচ্যুয়াল ফান্ডের প্রতি স্ব স্ব দায় দায়িত্ব হইতে অব্যাহতি পাইবে না। | |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৮) কমিশনের ও ট্রাস্টির নিকট সম্পদ ব্যবস্থাপক কর্তৃক পেশকৃত তথ্য ও বিবরণীতে কোনো প্রকার বস্তুতগত পরিবর্তন ঘটিলে সম্পদ ব্যবস্থাপক তৎক্ষণাৎ সেই সম্পর্কে কমিশন ও ট্রাস্টিকে অবহিত করিবে।<br><br>(৯) কমিশনের পূর্ব অনুমোদন ব্যতীত সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনায় কোনো প্রকার পরিবর্তন করা যাইবে না।<br>(১০) সম্পদ ব্যবস্থাপক কোনো প্রতিষ্ঠানের ফান্ড ব্যবস্থাপনার ক্ষেত্রে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ২ এর দফা (চ) অনুযায়ী পোর্টফোলিও ম্যানেজার হিসাবে গণ্য হইবে। এ ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এ বর্ণিত পোর্টফোলিও ম্যানেজারের দায়িত্ব ও আচরণ বিধি মানিয়া চলিবে। | (৭) কোনো চুক্তিতে যাহাই থাকুক না কেন, সম্পদ ব্যবস্থাপক কোম্পানির কোন পরিচালক, চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তাগণ স্বীয় পদ বা পদে অধিষ্ঠিত থাকাকালীন নিজ নিজ কর্ম বা বিচ্যুতির জন্য সম্পদ ব্যবস্থাপক কোম্পানি কর্তৃক সংগঠিত কোন অন্যায়/ অপরাধের/ ভুলের জন্য স্ব স্ব দায় দায়িত্ব হইতে অব্যাহতি পাইবে না।<br><br>(৮) কমিশনের ও ট্রাস্টির নিকট সম্পদ ব্যবস্থাপক কর্তৃক পেশকৃত তথ্য ও বিবরণীতে কোনো প্রকার বস্তুতগত পরিবর্তন ঘটিলে সম্পদ ব্যবস্থাপক তৎক্ষণাৎ সেই সম্পর্কে কমিশন ও ট্রাস্টিকে অবহিত করিবে।<br>(৯) সম্পদ ব্যবস্থাপক কোনো ব্যক্তি ও প্রতিষ্ঠানের ফান্ড ব্যবস্থাপনার ক্ষেত্রে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ২ এর দফা (চ) অনুযায়ী পোর্টফোলিও ম্যানেজার হিসাবে গণ্য হইবে। সেক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এ বর্ণিত পোর্টফোলিও ম্যানেজারের দায়িত্ব ও আচরণ বিধি মানিয়া চলিবে। এছাড়াও, সম্পদ ব্যবস্থাপক অষ্টম তফসিলে বর্ণিত আচরণ বিধি মানিয়া চলিবে।<br><br>(১০) মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের গণপ্রস্তাবের (Public Offering) কার্যক্রম পরিচালনার জন্য সম্পদ ব্যবস্থাপক কোম্পানি ইস্যু ব্যবস্থাপকের দায়িত্ব পালন করিবে।<br><br>(১১) সম্পদ ব্যবস্থাপক কোম্পানি মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের জন্য বিধিমালার অধীন নির্ধারিত ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালন স্বাপেক্ষে বিক্রয় প্রতিনিধি (Selling Agent) হিসেবে নিয়োগ প্রদান করিতে পারিবে:<br><br>(ক) সম্পদ ব্যবস্থাপক কোম্পানী ও বিক্রয় প্রতিনিধির মধ্যে চুক্তিপত্র সম্পাদিত হইতে হইবে;<br><br>(খ) ব্যক্তি বিক্রয় প্রতিনিধিকে ~~(প্রাতিষ্ঠানিক বিক্রয় প্রতিনিধির ক্ষেত্রে মনোনীত কর্মকর্তা)~~ কমিশন কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী বা তৎকর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | সিকিউরিটিজ ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট ক্রয় বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে;<br><br>(গ) সিকিউরিটিজ ক্রয় বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য ব্যাক্তি অথবা প্রতিষ্ঠানিক বিক্রয় প্রতিনিধির পেশাগত দক্ষতা এবং সক্ষমতা থাকিতে হইবে। প্রতিষ্ঠানিক বিক্রয় প্রতিনিধির ক্ষেত্রে এর জন্য কমপক্ষে ০২ (দুই) জন উপযুক্ত কর্মকতা থাকিতে হইবে;<br><br>(ঘ) বিক্রয় প্রতিনিধির অফিসে লজিস্টিক সাপোর্টসহ পর্যাপ্ত স্থান থাকিতে হইবে;<br><br>(ঙ) মিউচ্যুয়াল ফান্ডের বিক্রয় প্রতিনিধির ব্যয় "বিপণন ও বিক্রয় ব্যয়" হিসেবে ফান্ড হতে আদায়যোগ্য যা ফান্ডের মোট ব্যয়ের সর্বোচ্চ সীমা ৩.০% (ফিক্সড ইনকাম ফান্ড এবং মানি মার্কেট ফান্ডের ক্ষেত্রে ২.০%) এর মধ্যে অন্তর্ভুক্ত থাকিবে। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে। এই বিক্রয় প্রতিনিধির ফি এককালীন, অগ্রিম (front-end load) অথবা পর্যায়ক্রমিক, কিস্তিতে (trailing) অথবা বকেয়া (back-end load) পরিশোধযোগ্য হইতে পারে।<br><br>(১২) প্রতিটি সম্পদ ব্যবস্থাপক কমপক্ষে ০৩ (তিন) জন সদস্যের সার্বক্ষণিক বিনিয়োগ কমিটি (Investment Committee) গঠনপূর্বক তাহাদের সুপারিশ দ্বারা বিনিয়োগ করিবে ও বিনিয়োগ প্রত্যাহার করিবে। প্রতিটি সম্পদ ব্যবস্থাপক তাহার বিনিয়োগ কমিটির কার্যপ্রণালী (Terms of Reference) ও কমিটির সদস্যদের বৃত্তান্ত নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করিবে। সম্পদ ব্যবস্থাপক কর্তৃক বিনিয়োগ কমিটির কার্যক্রম ও সিদ্ধান্ত নথিভূক্ত ও সংরক্ষণ করিতে হইবে।<br><br>এই বিধিমালা কার্যকরের তারিখ হইতে ছয় (৬) মাস এর মধ্যে সার্বক্ষণিক বিনিয়োগ কমিটি গঠনপূর্বক কমিশনকে অবহিত করিতে হইবে।<br><br>(১৩) (ক) কমিশনের অনুমোদন ব্যতীত সম্পদ ব্যবস্থাপক কোম্পানি তার নিবন্ধিত অফিস ব্যতিরেকে তার ব্যবসায় পারিচালনা করিবে না বা শাখা খুলিবে না এবং কমিশনের অনুমতি সাপেক্ষে নতুন শাখা-অফিস খুলিতে পারিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | (খ) শাখা খোলার আবেদনের যোগ্যতাঃ<br><br>এই নিয়মের অধীনে নিম্নলিখিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক কোম্পানি নতুন শাখা অফিস খোলার জন্য বিবেচ্য হইবে, যথা:-<br><br>(১) সম্পদ ব্যবস্থাপক কোম্পানি পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তাবিত নতুন শাখার (শাখার অবস্থান উল্লেখ পূর্বক) খোলার বিষয়ে সর্বসম্মতির সিদ্ধান্ত থাকিতে হইবে।<br><br>~~(২) সম্পদ ব্যবস্থাপক কোম্পানি যেকোনো ৩ টি বিভাগীয় শহরে একটি করে শাখা অফিস কমিশনের পূর্বানুমতিক্রমে খুলতে পারিবে~~<br>~~তবে শর্ত থাকে যে, একই বিভাগে নূন্যতম ২ (দুই) টি অথবা সর্বমোট ৩ এর বেশি শাখা অফিস খোলার জন্য সম্পদ ব্যবস্থাপকের পরিশোধিত মূলধন ন্যূনতম ২০ (বিশ) কোটি টাকা হইবে। এর অতিরিক্ত প্রতিটি শাখা খোলার জন্য পরিশোধিত মূলধন হিসাবে অতিরিক্ত ১০ (দশ) কোটি টাকা থাকিতে হইবে।~~<br><br>~~তবে শর্ত থাকে যে, একজন সম্পদ ব্যবস্থাপক সর্বোচ্চ ১০ (দশ) টি শাখা আফিস খুলিতে পারিবেন এবং কমিশন প্রয়োজন মনে করিলে সেই সংখ্যা বাড়াইতে পারিবে।~~<br><br>(৩) সম্পদ ব্যবস্থাপকের প্রস্তাবিত শাখা অফিসে সেবা প্রদানের জন্য পেশাগত দক্ষতা এবং সক্ষমতা থাকিতে হইবে এবং এর জন্য কমপক্ষে প্রতিটি শাখায় একজন শাখা ব্যবস্থাপক এবং একজন কমপ্লায়েন্স অফিসারসহ কমপক্ষে ০৪ (চার) জন কর্মকতা থাকিতে হইবে।<br><br>(৪) সম্পদ ব্যবস্থাপকের প্রস্তাবিত শাখা অফিসের জন্য লজিস্টিক সাপোর্টসহ পর্যাপ্ত স্থান থাকিতে হইবে। যদি স্থানটি সম্পদ ব্যবস্থাপকের মালিকানাধীন না হয় তবে সম্পদ ব্যবস্থাপককে ন্যূনতম দুই বছরের জন্য স্থান ভাড়া করিবার জন্য পর্যাপ্ত ব্যবস্থা করতে হবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | (৫) সম্পদ ব্যবস্থাপককে তার শাখা অফিসের সামনে সম্পদ ব্যবস্থাপক কোম্পানির নাম, রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করে একটি স্পষ্ট দৃশ্যমান সাইন বোর্ড প্রদর্শন করিতে হইবে এবং শাখা খোলার জন্য কমিশনের অনুমোদনসহ সম্পদ ব্যবস্থাপকের নিবন্ধন সনদের কপি সম্পদ ব্যবস্থাপকের শাখা অফিসে প্রদর্শন করিতে হইবে।<br><br>(গ) শাখার অনুমোদনঃ<br><br>(১) নতুন কোন শাখা খোলার জন্য সম্পদ ব্যবস্থাপক কোম্পানিকে নিম্নলিখিত তথ্যসহকারে কমিশনের নিকট দরখাস্ত করিতে হইবে,<br><br>যথা:-<br>(ক) সম্পদ ব্যবস্থাপক কোম্পানির নাম;<br>(খ) নিবন্ধিত অফিস ও শাখা অফিসের ঠিকানা, যদি থাকে;<br>(গ) প্রস্তাবিত শাখার ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ও ই-মেইল ঠিকানা;<br>(ঘ) পরিশোধিত মূলধন;<br>(ঙ) নিট সম্পদ (Net-Worth);<br>(চ) প্রস্তাবিত শাখা ব্যবস্থাপক এবং কমপ্লাইয়েন্স অফিসার সহ অন্যান্য কর্মকর্তার নাম ও পদবী।<br><br>(২) আবেদনকারীকে উক্ত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে, যথা:-<br><br>ক) শাখা খোলার সিদ্ধান্তের বিষয়ে সম্পদ ব্যবস্থাপক কোম্পানির পরিচালনা পর্ষদের রেজোলিউশনের প্রধান নির্বাহী কর্তৃক যথাযথভাবে সত্যায়িত অনুলিপি।<br>(খ) শাখা ব্যবস্থাপক ও কমপ্লায়ান্স অফিসারের নাম, ঠিকানা, যোগ্যতা ও নিয়োগপত্রের কপি যা প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত<br>(গ) শাখা অফিস ভাড়ার চুক্তিপত্রের অনুলিপি |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | (ঘ) ইউটিলিটির সংযোগ থাকার প্রমাণপত্র<br>(ঘ) সম্পদ ব্যবস্থাপক কোম্পানির প্রধান কার্যালয় কর্তৃক শাখার যথাযথ তদরকি নিশ্চিত করিতে হইবে।<br>(ঙ) কমিশন জনস্বার্থে যে কোন সময় যে কোন শাখার অনুমোদন বাতিল বা স্থগিত রাখিতে পারিবে।<br>(১৪) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, সম্পদ ব্যবস্থাপক কোম্পানির জন্য একটি পৃথক সার্ভিস রুলস থাকিতে হইবে যাহা তাহার পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হইতে হইবে । |
| **ষষ্ঠ অধ্যায়<br>হেফাজতকারি** | **ষষ্ঠ অধ্যায়<br>হেফাজতকারি** |
| **৩৪। হেফাজতকারি হিসাবে নিবন্ধন।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের হেফাজতকারি হিসাবে নিয়োগের জন্য কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, হেফাজতকারি হিসাবে গঠিত কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে হেফাজতকারি হিসাবে নিয়োগ করা যাইবে না। | ৩৪। কোনো মিউচ্যুয়াল ফান্ডের হেফাজতকারি হিসাবে নিয়োগের জন্য কোনো তফসীলি ব্যাংক অথবা ডিজিটাল ব্যাংক ~~আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা, ডিপোজিটরী বা কোনো কোম্পানীকে~~ এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| ৩৫। **নিবন্ধনের দরখাস্ত**।–<br>(১) হেফাজতকারি হিসাবে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'ঘ' ও পাঁচ হাজার টাকার একটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কমিশনের বরাবরে জমা করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত হেফাজতকারির সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।<br>(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। | ৩৫। **নিবন্ধনের দরখাস্ত**।–<br>(১) হেফাজতকারি হিসাবে কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'ঘ' মোতাবেক আবেদনপত্র দাখিল করিতে হইবে ও পঞ্চাশ হাজার টাকার একটি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে কমিশনের বরাবরে জমা করিতে হইবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত হেফাজতকারির সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।<br>(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **৩৬। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।–** | **৩৬। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।–** |
| (১) কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা হেফাজতকারি হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি- | (১) কোনো কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা হেফাজতকারি হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি- |
| (ক) উহার অন্যূন এক কোটি টাকা পরিশোধিত মূলধন এবং ষাট লক্ষ টাকার নীট সম্পদ (net-worth) না থাকে; | (ক) উহার অন্যূন ০৫ (পাঁচ) কোটি টাকা পরিশোধিত মূলধন এবং উক্ত পরিশোধিত মূলধনের সার্বক্ষনিক ন্যূনতম শতকরা ৬০ (ষাট) ভাগ নীট সম্পদ (net-worth) না থাকে;<br><br>তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে নিবন্ধনপ্রাপ্ত কোনো হেফাজতকারির যদি উক্ত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে তাহা হইলে এই শর্ত কার্যকর হইবার ৩ (তিন) বৎসরের মধ্যে উহা পূর্ণ করিতে হইবেঃ |
| (খ) উহা বা উহার কোনো পরিচালক ঋণ খেলাপী থাকে; | (খ) উহা বা উহার কোনো পরিচালক ঋণ খেলাপী থাকে; |
| (গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে; | (গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে; |
| (ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা সম্পদ ব্যবস্থাপক, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের কোনো পরিচালক হন বা উহাদের সহিত কোনোভাবে সম্পর্কিত হন। | (ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের কোনো পরিচালক হন বা উহাদের সহিত কোনোভাবে সম্পর্কিত হন। |
| (ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন পাঁচ বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে; | (ঙ) উহার ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা বা কাস্টডিয়াল বিভাগের প্রধান কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন ১০ (দশ) বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে। আরো শর্ত থাকে যে, অন্যান্য সার্বক্ষণিক কর্মকর্তাগণের মধ্যে কমপক্ষে ০২ (দুই) জনের ব্যবসায় প্রশাসন, বাণিজ্য, অর্থনীতি, অথবা পরিসংখ্যানে ন্যূনতম স্নাতক বা বৈশ্বিকভাবে স্বীকৃত সমমানের ডিগ্রি না থাকে অথবা কমিশন কর্তৃক পুঁজিবাজার বিষয়ক স্বীকৃত কোনো সনদ না থাকে; |
| (চ) উহার ব্যবসার স্থান, অফিস ও সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম না থাকে। | (চ) উহার ব্যবসার স্থান, অফিস, সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম, তৃতীয় তফসিলের ধারা ৪ অনুযায়ী ফান্ডের ব্যাংক হিসাবের লেনদেন অনুমোদনের জন্য প্রয়োজনীয় ডিজিটাল সিস্টেম ও নিজস্ব ওয়েব-সাইট (Web-site) না থাকে; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনোটি যে কোনো হেফাজতকারির ক্ষেত্রে শিথিল করিতে পারিবে। | (ছ) Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এবং সময় সময় কমিশন কর্তৃক নির্ধারিত সার্বক্ষণিক ঝুঁকিভিত্তিক মূলধন (Risk Based Capital) না থাকিলে কমিশন কোনো কোম্পানীকে হেফাজতকারি হিসেবে নিবন্ধন সনদ মঞ্জুর করিবে না।<br><br>(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনোটি যে কোনো হেফাজতকারির ক্ষেত্রে শিথিল করিতে পারিবে। |
| **৩৭। নিবন্ধন মঞ্জুরী।**- (১) বিধি ৩৬ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে হেফাজতকারির নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং হেফাজতকারিকে নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ বিশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো হেফাজতকারিকে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে। | **৩৭। নিবন্ধন মঞ্জুরী।**- (১) বিধি ৩৬ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে হেফাজতকারির নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং হেফাজতকারিকে নিবন্ধন করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ দুই লক্ষ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।<br><br>(২) কোনো হেফাজতকারিকে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে। |
| **৩৮। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**- (১) বিধি ৩৬ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন হেফাজতকারির নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণসহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পরিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর | **৩৮। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**- (১) বিধি ৩৬ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন হেফাজতকারির নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণসহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পরিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানী গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে। | সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানী গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে। |
| **৩৯। বার্ষিক ফি**।- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক হেফাজতকারিকে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ পাঁচ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়র মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো হেফাজতকারি বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত হেফজতকারীকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো হেফাজতকারি হিসাবে কাজ গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো হেফাজতকারিকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থবৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। | **৩৯। বার্ষিক ফি**।- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক হেফাজতকারিকে প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ পঞ্চাশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে প্রদান করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, উক্ত সময়র মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো হেফাজতকারি বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত হেফজতকারীকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোনো হেফাজতকারি হিসাবে কাজ গ্রহণ বিবেচনা করিবে না।<br><br>(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুন্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো হেফাজতকারিকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থবৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে। |
| **৪০। হেফাজতকারির নিয়োগ**।–<br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি সমূহ হেফাজতে রাখার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো হেফাজতকারিকে নিয়োগ করিবে।<br><br>(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে, কোনো হেফাযতকারীর নিয়োগ, প্রযোজ্য ক্ষেত্রে, বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।<br><br>(৩) হেফাজতকারি নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তন কমিশনের পূর্বনুমোদনক্রমে হইতে হইবে। | **৪০। হেফাজতকারির নিয়োগ**।–<br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিজসহ অন্যান্য আর্থিক সম্পদ হেফাজতে রাখার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো হেফাজতকারিকে নিয়োগ করিবে।<br><br>(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে, কোনো হেফাজতকারির নিয়োগ, প্রযোজ্য ক্ষেত্রে, বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | (৩) হেফাজতকারি নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তন কমিশনের পূর্বনুমোদনক্রমে হইতে হইবে। তবে জনস্বার্থে ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদানপূর্বক উপযুক্ত কারণ সাপেক্ষে কমিশন যে কোনো হেফাজতকারির নিয়োগ বাতিল করিতে পারিবে এবং ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপকের সাথে পরামর্শক্রমে নতুন হেফাজতকারি নিয়োগ করিতে পারিবে। এইক্ষেত্রে নতুন হেফাজতকারি নিয়োগ না হওয়া পর্যন্ত বর্তমান হেফাজতকারি অবসর গ্রহণ করিতে পারিবে না। |
| **৪১। হেফাজতকারির দায়-দায়িত্ব।**–<br><br>(১) হেফাজতকারি মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি সমূহ নিরাপদ হেফাজতে রাখিবে এবং মিউচ্যুয়াল ফান্ডের সম্পদের সর্বোচ্চ নিরাপত্তার ব্যবস্থা করিবে।<br><br>(২) হেফাজতকারি, অন্যান্যের মধ্যে, মক্কেলের খাত ওয়ারী নিম্মোক্ত দলিল ও তথ্যাদি সংরক্ষন করিবে-<br>(ক) সিকিউরিটিজ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;<br>(খ) অর্থ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;<br>(গ) মক্কেলের পক্ষে ধারণকৃত সিকিউরিটিজের উপর মক্কেলের অধিকার সম্পর্কিত পূর্ণ বিবরণ;<br>(ঘ) সিকিউরিটিজ নিবন্ধনের পূর্ণাঙ্গ বিবরণ;<br>(ঙ) প্রত্যেক মক্কেলের জন্য হিসাব বিবরণী (ledger of accounts);<br>(চ) মক্কেলের নিকট হইতে প্রাপ্ত এবং মক্কেলের নিকট প্রদত্ত আদেশের পূর্ণাঙ্গ বিবরণ। | **৪১। হেফাজতকারির দায়-দায়িত্ব।**–<br><br>(১) হেফাজতকারি মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিসহ সংশ্লিষ্ট অন্যান্য যাবতীয় সম্পদসমূহ নিরাপদ হেফাজতে রাখিবে এবং মিউচ্যুয়াল ফান্ডের সম্পদের সর্বোচ্চ নিরাপত্তার ব্যবস্থা করিবে। হেফাজতকারির নিজস্ব সম্পদ ও মিউচ্যুয়াল ফান্ডের সম্পদের পৃথক সংরক্ষণ নিশ্চিত করতে হইবে।<br><br>(২) হেফাজতকারি, অন্যান্যের মধ্যে, মক্কেলের খাত ওয়ারী নিম্মোক্ত দলিল ও তথ্যাদি সংরক্ষন করিবে-<br>(ক) সিকিউরিটিজ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;<br>(খ) অর্থ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;<br>(গ) মক্কেলের পক্ষে ধারণকৃত সিকিউরিটিজের উপর মক্কেলের অধিকার সম্পর্কিত পূর্ণ বিবরণ;<br>(ঘ) সিকিউরিটিজ নিবন্ধনের পূর্ণাঙ্গ বিবরণ;<br>(ঙ) প্রত্যেক মক্কেলের জন্য হিসাব বিবরণী (ledger of accounts);<br>(চ) মক্কেলের নিকট হইতে প্রাপ্ত এবং মক্কেলের নিকট প্রদত্ত আদেশের পূর্ণাঙ্গ বিবরণ।<br><br>(৩) হেফাজতকারি মিউচ্যুয়াল ফান্ডের যাবতীয় সম্পদের নিরাপত্তার স্বার্থে সিকিউরিটিজ সনদসহ অন্যান্য দলিল যাচাই-বাছাই করিতে পারিবে এবং এই লক্ষ্যে সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক হেফাজতকারি কর্তৃক চাহিত সকল ধরণের তথ্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রদানে বাধ্য থাকিবে।<br><br>(৪) (ক) প্রত্যেক হেফাজতকারি তাহার প্রতিটি আর্থিক বৎসর শেষ হইবার ০৪ (চার) মাসের মধ্যে কমিশনের প্যানেলভুক্ত কোন নিরীক্ষক কর্তৃক ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডস |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | অন অডিটিং (ISA) অনুযায়ী নিরীক্ষা কার্য সম্পন্ন করিয়া নিরীক্ষা প্রতিবেদনসহ কমিশনের নিকট আর্থিক প্রতিবেদন প্রেরণ করিবে।<br><br>তবে শর্ত থাকে যে, একই নিরীক্ষক দ্বারা পর পর তিনটি ধারাবাহিক হিসাব বৎসরের অধিক সময় কোন হেফাজতকারি কোম্পানির হিসাব নিরীক্ষা করিতে পারিবে না।<br><br>তবে শর্ত থাকে যে, হেফাজতকারি ব্যাংক অথবা ডিজিটাল ব্যাংক, উহার বার্ষিক নিরীক্ষিত প্রতিবেদনে এতদসংক্রান্ত একটি পৃথক নিরীক্ষা বিবরণী এবং প্রতিবেদন সংযুক্ত হইলেই যথেষ্ঠ হইবে;<br><br>তবে আরো শর্ত থাকে যে, নিরীক্ষিত হিসাব বিবরণীতে কোন প্রকার অসঙ্গতি, অসত্য তথ্য বা প্রকৃত সত্য থেকে বিচ্যুতি ঘটলে তাহার জন্য হেফাজতকারি দায়বদ্ধ থাকিবে;<br><br>(খ) প্রত্যেক হেফাজতকারি তাহার আর্থিক প্রতিবেদন ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য হিসাব মানদন্ড মোতাবেক প্রস্তুত করিবে;<br><br>(৫) তৃতীয় তফসিল অনুযায়ী ফান্ডের ব্যাংক হিসাবের লেনদেন সম্পাদনের জন্য, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারীর সমন্বয়ের জন্য উপযুক্ত ডিজিটাল লেনদেন অনুমোদন সিস্টেম সরবরাহ করা ও তার মাধ্যমে বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি অনুযায়ী অনুমোদিত লেনদেনসমূহ সঠিক ও নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করা;<br><br>(৬) সম্পদ ব্যবস্থাপকের প্রস্তাবক্রমে ও ট্রাস্টির অনুমোদনক্রমে, হেফাজতকারী কোনো নির্দিষ্ট ফান্ড বা স্কিমের হিসাবরক্ষণ কার্যক্রম পরিচালনা করে দৈনিক নেট এসেট ভ্যালু (NAV) গণনা ও প্রকাশ করা, বে-মেয়াদি স্কিম বা ফান্ডের ক্ষেত্রে সমন্বিত বিনিয়োগ হিসাবের মাধ্যমে বা অন্য কোনোভাবে বিভিন্ন ইউনিটহোল্ডারদের বিনিয়োজিত ইউনিট ধারণ করা অথবা অন্য কোনো সুনির্দিষ্ট কার্যক্রম পরিচালনা করা ইত্যাদি দায়িত্বে নির্দিষ্ট ফিসের বিপরীতে নিয়োজিত হইতে পারেন। উক্ত ফি ফান্ড অ্যাডমিনিস্ট্রেশন ফি (Fund Administration Fees) হিসেবে গণ্য হইবে। |

DRAFT

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **সপ্তম অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ডের স্কীম** | **সপ্তম অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ডের স্কীম** |
| **৪২। স্কীম ঘোষণার পদ্ধতি**।–<br><br>(১) ট্রাস্টি এবং কমিশনের পূর্বানুমোদনক্রমে, সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীম ঘোষণা করিতে পারিবে।]<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো স্কীম অনুমোদনের জন্য সম্পদ ব্যবস্থাপক কমিশনের নিকট উক্ত স্কীমের বিবরণ, প্রসপেক্টাস, লেটার অব অফার, ট্রাস্টির অনুমতিপত্র এবং স্কীম সম্পর্কিত অন্যান্য আনুষংগিক কাগজপত্র দাখিল করিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কাগজপত্র বিবেচনার পর কমিশন উক্ত কাগজপত্র প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রস্তাবিত স্কীম অনুমোদন বা নামঞ্জুর করিবে অথবা প্রয়োজনীয় সংশোধনের জন্য সম্পদ ব্যবস্থাপককে নির্দেশ প্রদান করিতে পারিবে। | **৪২। স্কীম ঘোষণার পদ্ধতি**।–<br><br>(১) ট্রাস্টি এবং কমিশনের পূর্বানুমোদনক্রমে, সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীম ঘোষণা করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো স্কীম অনুমোদনের জন্য সম্পদ ব্যবস্থাপক কমিশনের নিকট উক্ত স্কীমের বিবরণ, প্রসপেক্টাস, লেটার অব অফার, ট্রাস্টির অনুমতিপত্র এবং স্কীম সম্পর্কিত অন্যান্য আনুষংগিক কাগজপত্র দাখিল করিবে।<br><br>(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কাগজপত্র বিবেচনার পর কমিশন উক্ত কাগজপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত স্কীম অনুমোদন বা নামঞ্জুর করিবে অথবা প্রয়োজনীয় সংশোধনের জন্য সম্পদ ব্যবস্থাপককে নির্দেশ প্রদান করিতে পারিবে। |
| **৪৩। স্কীম সম্পর্কে প্রচারণা**।–<br><br>(১) কমিশনের অনুমোদন ব্যতীত, কোনো স্কীম সম্পর্কে কোনো প্রসপেক্টাস, লেটার অব অফার বা বিজ্ঞাপন প্রচার করা যাইবে না।<br><br>(২) প্রত্যেক স্কীমের প্রসপেক্টাস, লেটার অব অফার, সারসংক্ষেপ (Abridged version) ও অন্যান্য বিজ্ঞাপনী ''চতুর্থ তফসিল'' ও ''চতুর্থ তফসিল-১''এ বর্ণিত নিয়মাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।]<br><br>(৩) কোনো স্কীম সংক্রান্ত প্রসপেক্টাস এ চতুর্থ তফসিল (১) এ বর্ণিত তথ্যাদি অন্তর্ভূক্ত থাকিবে যাহার সার সংক্ষেপ, (Abridged version), কমিশনের অনুমোদন সাপেক্ষে, একটি বহুল প্রচারিত জাতীয় বাংলা দৈনিক পত্রিকায় এবং বিজ্ঞপ্তি আকারে একটি জাতীয় বাংলা ও একটি জাতীয় ইংরেজী দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে। | **৪৩। স্কীম সম্পর্কে প্রচারণা**।–<br><br>(১) কমিশনের অনুমোদন ব্যতীত, কোনো স্কীম সম্পর্কে কোনো প্রসপেক্টাস, লেটার অব অফার বা বিজ্ঞাপন প্রচার করা যাইবে না।<br><br>(২) প্রত্যেক স্কীমের প্রসপেক্টাস, লেটার অব অফার, সারসংক্ষেপ (Abridged version) ও অন্যান্য বিজ্ঞাপনী ''চতুর্থ তফসিল'' ও ''চতুর্থ তফসিল-১''এ বর্ণিত নিয়মাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।<br><br>(৩) কোনো স্কীম সংক্রান্ত প্রসপেক্টাস এ চতুর্থ তফসিল (১) এ বর্ণিত তথ্যাদি অন্তর্ভূক্ত থাকিবে যাহার সার সংক্ষেপ (Abridged version), কমিশনের অনুমোদন সাপেক্ষে, একটি বহুল প্রচারিত জাতীয় বাংলা দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে। |

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৪) কমিশন কর্তৃক অনুমোদিত স্কীম সম্পর্কে কোনো প্রসপেক্টাস, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, পত্রিকায় প্রকাশ করিবে। | (৪) এছাড়াও উপবিধি (৩) অনুযায়ী উক্ত প্রসপেক্টাস প্রকাশের তথ্য বিজ্ঞপ্তি আকারে একটি জাতীয় বাংলা দৈনিক পত্রিকা, একটি জাতীয় ইংরেজী দৈনিক পত্রিকা এবং একটি অনলাইন পত্রিকায় প্রকাশ করিতে হইবে।<br><br>(৫) কমিশন কর্তৃক অনুমোদিত স্কীম সম্পর্কে কোনো প্রসপেক্টাস, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, পত্রিকায় প্রকাশ করিবে।] |
| ৪৪। **বিভ্রান্তিমূলক বিবরণ।**- (১) বিধি ৪৩ এর অধীন কোনো প্রসপেক্টাস, লেটার অব অফার অথবা বিজ্ঞাপনে কোনোরূপ বিভ্রান্তিমূলক বিবরণ অথবা ভুল বা অসত্য বক্তব্য বা মতামত থাকিবে না। | ৪৪। **বিভ্রান্তিমূলক বিবরণ।**- (১) বিধি ৪৩ এর অধীন কোনো প্রসপেক্টাস, লেটার অব অফার অথবা বিজ্ঞাপনে কোনোরূপ বিভ্রান্তিমূলক বিবরণ অথবা ভুল বা অসত্য বক্তব্য বা মতামত থাকিবে না। |
| ৪৫। **স্কীমের তালিকাভুক্তিকরণ।–**<br><br>(১) কোনো স্কীম কমিশন কর্তৃক অনুমোদিত হইবার অব্যবহিত পর উহা, প্রযোজ্য ক্ষেত্রে, কোনো স্টক এক্সচেঞ্জে চাঁদার মেয়াদ উত্তীর্নের ছয় সপ্তাহের মধ্যে তালিকাভুক্ত করিতে হইবে; অন্যথায় বিধি ৪৮, উপ-বিধি (৩) ও (৪) অনুযায়ী চাঁদার অর্থ ফেরৎ দিতে হইবে।<br><br>(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীতে উল্লিখিত সময়সীমা সর্বোচ্চ এক মাস পর্যন্ত বর্ধিত করিতে পারিবে। | ৪৫। **স্কীমের তালিকাভুক্তিকরণ।–**<br><br>(১) কোনো স্কীম কমিশন কর্তৃক অনুমোদিত হইবার অব্যবহিত পর উহা, প্রযোজ্য ক্ষেত্রে, কোনো স্টক এক্সচেঞ্জে চাঁদার মেয়াদ উত্তীর্ণের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তালিকাভুক্ত করিতে হইবে; অন্যথায় বিধি ৪৮, উপ-বিধি (৩) ও (৪) অনুযায়ী চাঁদার অর্থ ফেরৎ দিতে হইবে।<br><br>(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীতে উল্লিখিত সময়সীমা সর্বোচ্চ এক মাস পর্যন্ত বর্ধিত করিতে পারিবে। |
| ৪৬। **স্কীমের জন্য সংগৃহিতব্য ন্যূনতম অর্থ।–**<br><br>(১) প্রত্যেক নতুন মেয়াদি স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা এবং নতুন বে-মেয়াদি স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে ১০ (দশ) কোটি টাকা। মিউচ্যুয়াল ফান্ডের (স্কীমের) কমপক্ষে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) পাবলিক অফারের মাধ্যমে উত্তোলন করিতে হইবে।]<br><br>(২) স্কীমের কোনো অংশ উদ্যোক্তা যথাযথ বিবেচনা করিলে পাবলিক অফারের পূর্বে, মিউচ্যুয়াল ফান্ডের বিদ্যমান (existing) ইউনিট হোল্ডারগণের প্রাপ্যতা (entitlement) বা রাইটস্ (rights) হিসাবে প্রদান ব্যতিরেকে, প্রাক-আইপিও প্লেসমেন্ট এর মাধ্যমেও | ৪৬। **স্কীমের জন্য সংগৃহিতব্য ন্যূনতম অর্থ।–**<br><br>(১) প্রত্যেক নতুন মেয়াদি স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা এবং নতুন বে-মেয়াদি স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে ২৫ (পঁচিশ) কোটি টাকা। মিউচ্যুয়াল ফান্ডের (স্কীমের) কমপক্ষে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) পাবলিক অফারের মাধ্যমে উত্তোলন করিতে হইবে। তবে কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা যদি বাংলাদেশী না হন তবে কমপক্ষে ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) পাবলিক অফারের মাধ্যমে উত্তোলন করিতে হইবে।<br><br>(২) স্কীমের কোনো অংশ উদ্যোক্তা যথাযথ বিবেচনা করিলে পাবলিক অফারের পূর্বে প্রাক-আইপিও প্লেসমেন্ট এর মাধ্যমেও সংগ্রহ করা যাইবে। এইরূপ ক্ষেত্রে কমিশনের সম্মতি |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| সংগ্রহ করা যাইবে। এইরূপ ক্ষেত্রে কমিশনের সম্মতি গ্রহণের পূর্বে প্লেসমেন্টের অর্থ স্কীমের ব্যাংক একাউন্টে জমা হইয়াছে এই মর্মে প্রামানিক দলিল কমিশনে দাখিল করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, প্রাক-আইপিও প্লেসমেন্ট এর ক্ষেত্রে কোনোরূপ বাট্টা (discount) বা ফি (fee) গ্রহণ বা প্রদান করা যাইবে না।] | গ্রহণের পূর্বে প্লেসমেন্টের অর্থ স্কীমের ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংক একাউন্টে জমা হইয়াছে এই মর্মে প্রামাণিক দলিল কমিশনে দাখিল করিতে হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, প্রাক-আইপিও প্লেসমেন্ট সংগ্রহের ক্ষেত্রে কোনোরূপ বাট্টা (discount) বা ফি (fee) গ্রহণ বা প্রদান করা যাইবে না।] |
| **৪৭। প্রাথমিক চাঁদার জন্য স্কীম খোলা রাখার মেয়াদ।**-প্রাথমিক চাঁদার জন্য কোনো স্কীম-<br><br>(ক) মেয়াদি স্কীমের ক্ষেত্রে পনের দিন;<br><br>(খ) বে-মেয়াদি স্কীমের ক্ষেত্রে পঁয়তাল্লিশ দিন অথবা প্রাথমিক সংগৃহীতব্য চাঁদা সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন পর্যন্ত, যেটি আগে হয়, অভিহিত মূল্যে বিক্রয়ের জন্য;<br>এর অধিক খোলা রাখা যাইবে নাঃ<br>তবে শর্ত থাকে যে কমিশন কোনো বিশেষ ক্ষেত্রে উক্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।<br><br>তবে আরও শর্ত থাকে যে, চাঁদা গ্রহণের তারিখ শেষ হওয়ার পূর্বেই যদি স্কীমের মোট অর্থের সমপরিমান চাঁদার অর্থ ব্যাংকে জমা হয়, তবে সম্পদ ব্যবস্থাপক অবিলম্বে ইস্যু ব্যাংকারদেরকে আর কোনো চাঁদা গ্রহণ থেকে বিরত থাকার জন্য নির্দেশ দিবেন। | **৪৭। প্রাথমিক চাঁদার জন্য স্কীম খোলা রাখার মেয়াদ।**-প্রাথমিক চাঁদার জন্য কোনো স্কীম-<br><br>(ক) মেয়াদি স্কীমের ক্ষেত্রে Bangladesh Securities and Exchange Commisison (Public Issue) Rules, 2015 মোতাবেক নির্ধারিত হইবে যাহা কমিশন কর্তৃক প্রদত্ত সম্মতিপত্রে উল্লেখ থাকিবে;<br><br>(খ) বে-মেয়াদি স্কীমের ক্ষেত্রে ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস অথবা প্রাথমিক সংগৃহীতব্য চাঁদা সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন পর্যন্ত, যেটি আগে হয়, অভিহিত মূল্যে বিক্রয়ের জন্য;<br>এর অধিক খোলা রাখা যাইবে নাঃ<br>তবে শর্ত থাকে যে কমিশন কোনো বিশেষ ক্ষেত্রে উক্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।<br><br>তবে আরও শর্ত থাকে যে, চাঁদা গ্রহণের তারিখ শেষ হওয়ার পূর্বেই যদি বে-মেয়াদি স্কীমের মোট অর্থের সমপরিমান চাঁদার অর্থ ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে জমা হয়, তবে সম্পদ ব্যবস্থাপক অবিলম্বে ইস্যু ব্যাংকারদেরকে বা প্রযোজ্য ক্ষেত্রে স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকারদেরকে বা বিক্রয় প্রতিনিধিকে (Selling Agents) আর কোনো চাঁদা গ্রহণ থেকে বিরত থাকার জন্য নির্দেশ দিবেন। |
| **৪৮। ইউনিট বরাদ্দ ও অর্থ ফেরৎ প্রদান।**–<br><br>(১) সম্পদ ব্যবস্থাপক যদি বিধি ৪৬ এর অধীন ন্যূনতম অর্থ বা লক্ষ্যমাত্রার অন্যূন পঞ্চাশ শতাংশ অর্থ মেয়াদি ফান্ডের ক্ষেত্রে এবং চল্লিশ শতাংশ অর্থ বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে, যাহা অধিকতর হইবে, সংগ্রহ করিতে ব্যর্থ হয় তাহা হইলে, উহা চাঁদা প্রদানকারীগণের নিকট হইতে সংগৃহীত সমুদয় অর্থ কোনো প্রকার কর্তন ছাড়াই ফেরৎ প্রদান করিবে: | **৪৮। ইউনিট বরাদ্দ ও অর্থ ফেরৎ প্রদান।**–<br><br>(১) সম্পদ ব্যবস্থাপক যদি বিধি ৪৬ এর অধীন ন্যূনতম অর্থ বা লক্ষ্যমাত্রার অন্যূন পঞ্চাশ শতাংশ অর্থ মেয়াদি ফান্ডের ক্ষেত্রে এবং চল্লিশ শতাংশ অর্থ বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে, যাহা অধিকতর হইবে, সংগ্রহ করিতে ব্যর্থ হয় তাহা হইলে, উহা চাঁদা প্রদানকারীগণের নিকট হইতে সংগৃহীত সমুদয় অর্থ কোনো প্রকার কর্তন ছাড়াই ফেরৎ প্রদান করিবে: |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| তবে শর্ত থাকে যে, কমিশন কোনো বিশেষ ক্ষেত্রে লক্ষ্যমাত্রার নীচে ফান্ড গঠনের অনুমোদন দিতে পারিবে।<br><br>(২) যেক্ষেত্রে লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্থ সংগৃহীত হয় সেক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক স্কীমের সমপরিমান অর্থ রাখিয়া অবশিষ্ট অর্থ চাঁদা প্রদানকারীগণকে ফেরৎ দিবে।<br><br>(৩) উপ-বিধি (১) বা উপ-বিধি (২) এর অধীন ফেরৎযোগ্য অর্থ চাঁদার মেয়াদ শেষ হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে রেজিষ্ট্রি ডাকযোগে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট, বা কমিশনের পূর্বানুমোদনক্রমে কোনো ব্যাংকে খোলা এসক্রো (ঊংপৎড়া) একাউন্ট হইতে রিফান্ড ওয়ারেন্ট (জবভঁহফ ডধৎৎধহঃ) এর মাধ্যমে প্রাপকগণকে ফেরত প্রদান করিতে হইবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন এসক্রো একাউন্টে প্রাক-আইপিও প্লেসমেন্ট ও পাবলিক সাবসক্রিপসনের টাকা কোনো তফসিলি ব্যাংকে জমা করিতে হইবে। উক্ত একাউন্টের টাকা কমিশনের পূর্বানুমতি ছাড়া উত্তোলন করা যাইবে না। লটারী শেষে সফল আবেদনকারীদের টাকা এসক্রো একাউন্ট হইতে কোম্পানীর একাউন্টে জমা হইবে; এবং বিফল আবেদনকারী ও বাতিলকৃত আবেদনের টাকা সরাসরি ফেরত দিতে হইবে। ইস্যুয়ার কোম্পানী টাকা ফেরতদানের সকল ব্যবস্থা গ্রহণ করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, এসক্রো একাউন্টে প্রাপ্ত সকল সুদের টাকা ইস্যু সংক্রান্ত প্রাথমিক খরচের সাথে সমন্বয় করিতে হইবে।<br><br>(৫) উপ-বিধি (৩) এ বর্ণিত সময়সীমার মধ্যে অর্থ ফেরৎ প্রদানে ব্যর্থ হইলে উক্ত সময়সীমার পর, সম্পদ ব্যবস্থাপকের খাত হইতে বার্ষিক শতকরা আঠার টাকা হারে চাঁদা প্রদানকারীগণকে সুদসহ সমুদয় অর্থ পরবর্তী এক মাসের মধ্যে পরিশোধ করিতে হইবে। | তবে শর্ত থাকে যে, কমিশন কোনো বিশেষ ক্ষেত্রে লক্ষ্যমাত্রার নীচে ফান্ড গঠনের অনুমোদন দিতে পারিবে।]<br><br>(২) যেক্ষেত্রে লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্থ সংগৃহীত হয় সেক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক স্কীমের সমপরিমান অর্থ রাখিয়া অবশিষ্ট অর্থ চাঁদা প্রদানকারীগণকে ফেরৎ দিবে।<br><br>(৩)উপ-বিধি (১) বা উপ-বিধি (২) এর অধীন ফেরৎযোগ্য অর্থ কমিশন কর্তৃক অনুমোদিত পাবলিক ইস্যু আবেদন পদ্ধতি মোতাবেক প্রাপকগণকে ফেরত প্রদান করিতে হইবে। তবে যে সকল বে-মেয়াদি স্কীম পাবলিক ইস্যু আবেদন পদ্ধতি অনুসরণ করিয়া চাঁদা সংগ্রহ করিবে না, উহাদের ক্ষেত্রে ফেরতযোগ্য অর্থ চাঁদার মেয়াদ শেষ হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে রেজিস্ট্রি ডাকযোগে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট, রিফান্ড ওয়ারেন্ট (Refund Warrant) অথবা প্রযোজ্য ক্ষেত্রে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার পদ্ধতিতে কমিশনের পূর্বানুমোদনক্রমে কোনো ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংকে খোলা এসক্রো (Escrow) একাউন্ট হইতে প্রাপকগণের ব্যাংক, এমএফএস বা ডিজিটাল ব্যাংক হিসাবে ফেরত প্রদান করিতে হইবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন এসক্রো একাউন্টে প্রাক-আইপিও প্লেসমেন্ট ও পাবলিক সাবসক্রিপসনের টাকা কোনো তফসিলি ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে জমা করিতে হইবে। উক্ত একাউন্টের টাকা কমিশনের পূর্বানুমতি ছাড়া উত্তোলন করা যাইবে না। আনুপাতিক হারে বণ্টন শেষে সফল আবেদনের টাকা ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংকে খোলা এসক্রো একাউন্ট হইতে ফান্ডের অপারেশনাল অ্যাকাউন্টে জমা হইবে। বিফল ও বাতিলকৃত আবেদনের টাকা সরাসরি ফেরত দিতে হইবে। সম্পদ ব্যবস্থাপক সফল আবেদনকারীকে ইউনিট বরাদ্দ এবং বিফল আবেদনকারীকে টাকা ফেরতদানের সকল ব্যবস্থা নিশ্চিত করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, এসক্রো একাউন্টে প্রাপ্ত সকল সুদের টাকা ইস্যু সংক্রান্ত প্রাথমিক খরচের সাথে সমন্বয় করিতে হইবে।<br><br>(৫) উপ-বিধি (৩) এ বর্ণিত সময়সীমার মধ্যে অর্থ ফেরৎ প্রদানে ব্যর্থ হইলে উক্ত সময়সীমার পর, সম্পদ ব্যবস্থাপকের খাত হইতে বার্ষিক শতকরা আঠার টাকা হারে চাঁদা |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৬) উপ-বিধি (৩) ও (৪) এ উল্লিখিত সময় সীমার পরবর্তী সাত দিনের মধ্যে ফেরৎ প্রদান সংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করিতে হইবে, এবং কমিশন উহার পরিপালন হইতেছে কিনা তাহা যাচাই করিয়া দেখিবে। | প্রদানকারীগণকে সুদসহ সমুদয় অর্থ পরবর্তী এক মাসের মধ্যে পরিশোধ করিতে হইবে।<br><br>(৬) উপ-বিধি (৩) ও (৪) এ উল্লিখিত সময় সীমার পরবর্তী সাত দিনের মধ্যে ফেরৎ প্রদান সংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করিতে হইবে, এবং কমিশন উহার পরিপালন হইতেছছে কিনা তাহা যাচাই করিয়া দেখিবে। |
| ৪৯। **ইউনিট সনদ**।- ইউনিট ক্রয়ের জন্য কোনো দরখাস্তকারীর দরখাস্ত প্রত্যাখান করা না হইলে বরাদ্দ সংক্রান্ত অবহিতি পত্র ত্রিশ দিনের মধ্যে এবং ইউনিট সংখ্যা উল্লেখ করিয়া নববই দিনের মধ্যে ইউনিট সনদ ইস্যু করিবে। | ৪৯। **ইউনিট ইস্যু ~~সনদ~~**।–<br>(ক) সকল মেয়াদি এবং বেমেয়াদি ফান্ডের ইউনিট অজড় (Dematerialized) ভিত্তিতে থাকিবে।<br><br>(খ) বেমেয়াদি ফান্ডের ক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক, সিডিবিএল- বিধিসমূহ পালনপূর্বক, ডিপোজিটরি পার্টিসিপেন্ট (Depository Participant/ DP) হিসেবে দায়িত্ব পালন করতে পারবে এবং এর মাধ্যমে প্রত্যক ইউনিটধারীকে অথবা পোর্টফলিও ব্যবস্থাপনা সেবার ক্ষেত্রে- মক্কেলকে বিশেষ ধরনের বেনিফিশিয়ারি ওউনার্স (Beneficiary Owners/ BO Account) হিসাব খুলে- এর মাধ্যমে বিনিয়োগকৃত ইউনিটসমূহ যথাযথভাবে জমা রাখার সেবা দিতে পারবে। তবে শর্ত থাকে যে, উক্ত BO হিসেবে প্রত্যেক লেনদেনের (ইউনিট ক্রয় -বিক্রয়) পর, সিডিবিএল থেকে হিসাবধারীর যোগাযোগের ঠিকানায় সম্পাদিত লেনদেনের বিবরণ প্রেরণ করিবে; এবং সম্পদ ব্যবস্থাপক, DP হিসেবে, উক্ত BO হিসাবসমূহের তথ্য হালনাগাদ করাসহ যথাযথ হিসাব বিবরণী প্রস্তুত ও প্রকাশ করবে।<br>~~(খ) কমিশন কর্তৃক অন্যথায় নির্দেশিত না হইলে, সকল বে-মেয়াদি ফান্ড জড় (Non-Dematerialized) অথবা অজড় (Dematerialized) যে কোনো উপায়ে থাকতে পারবে; যেই সকল বে-মেয়াদি ফান্ড অজড় (উবসধঃবৎরধষরুবফ) ভিত্তিতে নাই সেই~~<br>(গ) সকল বে-মেয়াদি ফান্ডের ইউনিট ক্রয়ের জন্য কোনো দরখাস্তকারীর দরখাস্ত প্রত্যাখান করা না হইলে ~~বরাদ্দ~~ ইউনিট-ইস্যু সংক্রান্ত অবহিতি পত্র ৩ (তিন) কার্যদিবসের ~~৩০ (ত্রিশ) দিনের~~ মধ্যে এবং ইউনিট সংখ্যা উল্লেখ করিয়া ৭ (সাত) কার্যদিবসের ~~৯০ (নববই) দিনের~~ মধ্যে ইউনিট ~~সনদ~~ ইস্যু করিবে।<br>(ঘ) মিউচ্যুয়াল ফান্ড খাতে আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) ও ডিজিটাল লেনদেন নিশ্চিত করতে, উপরিউক্ত বিশেষ BO হিসাব ও ফান্ড হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে: |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | ( ঘ ১) আবেদনকারী অথবা ইউনিটধারীর স্বাক্ষরের বদলে তার নিবন্ধিত ই-মেইল ঠিকানায় অথবা মোবাইল নম্বরে এক-কালীন পাসওয়ার্ডের (One Time Password অথবা OTP) যাচাইকরন-স্বাপেক্ষে যে কোনো লেনদেন সম্পাদিত হইবে<br>( ঘ২) আবেদনকারী অথবা ইউনিটধারীর মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস (Mobile Financial Service/ MFS) হিসাব অথবা ব্যাংক হিসাব উভয়ই KYC, হিসাব খোলা ও ফান্ডের লেনদেনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হইবে<br><br>~~(গ) এই বিধি কার্যকরের তারিখ হইতে অব্যবহিত পরে যে সকল মেয়াদি ফান্ড রূপান্তরিত হইয়া বে-মেয়াদি ফান্ডে পরিণত হইবে এবং অন্য নতুন বে-মেয়াদি ফান্ডের ইউনিটও অজড় (উবসধঃবৎরধষরুবফ) ভিত্তিতে থাকিবে।~~ |
| **৫০। ইউনিট সনদ হস্তান্তর।–**<br><br>(১) স্কীমে কোনো বাধা বা নিষেধাজ্ঞা না থাকিলে কোনো ইউনিট সনদ আইনানুগ অবাধে হস্তান্তর করা যাইবে।<br><br>(২) সম্পদ ব্যবস্থাপক হস্তান্তর দলিল এবং সংশ্লিষ্ট ইউনিট সনদ গ্রহণ করিয়া হস্তান্তর তালিকাভুক্ত করিবে এবং পনের দিনের মধ্যে হস্তান্তর গ্রহণকারীর নিকট হস্তান্তরীত ইউনিট সনদ প্রদান করিবে। | **৫০। ইউনিট ~~সনদ~~ লেনদেন ও হস্তান্তর।–**<br><br>(১) স্কীমে কোনো বাধা বা নিষেধাজ্ঞা না থাকিলে কোনো বে-মেয়াদি স্কীমের ইউনিট অজড় ভিত্তিতে এক্সচেঞ্জের কোনো ট্রেডিং প্লাটফর্মে অথবা কমিশন অনুমোদিত অন্য কোনো মাধ্যমে লেনদেন হইতে পারিবে। তবে মেয়াদি স্কীম বা কমিশন কর্তৃক নির্ধারিত স্কীম বা ফান্ডসমূহকে স্টক এক্সচেঞ্জ-এর মূল ট্রেডিং বোর্ডে লেনদেন করিতে হইবে।<br><br>~~(২) বে-মেয়াদি ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হস্তান্তর দলিল এবং সংশ্লিষ্ট ইউনিট সনদ গ্রহণ করিয়া হস্তান্তর তালিকাভুক্ত করিবে এবং ১৫ (পনের) কার্যদিবসের দিনের মধ্যে হস্তান্তর গ্রহণকারীর নিকট হস্তান্তরিত ইউনিট সনদ প্রদান করিবে।~~ |
| **৫০ক। -(১) লক-ইন (Lock-in)**।- মিউচ্যুয়াল ফান্ডে (স্কীমে) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বিনিয়োগকারীদের বিনিয়োগের উপর<br><br>(অ) মেয়াদি ফান্ডের ইউনিটের ক্ষেত্রে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হইতে, এবং (আ) বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে, ফান্ড গঠনের তারিখ হইতে, উভয় ক্ষেত্রে ৬ (ছয়) মাস পর্যন্ত লক-ইন (Lock-in) বলবৎ থাকিবে।]<br><br>(২) মিউচ্যুয়াল ফান্ডের প্রাইভেট প্লেসমেন্টে, সংশ্লিষ্ট ফান্ডের উদ্যোক্তা নহে এমন, - | **৫০ক। (১) লক-ইন (Lock-in)**।- মিউচ্যুয়াল ফান্ডে (স্কীমে) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বিনিয়োগকারীদের বিনিয়োগের উপর<br><br>(অ) মেয়াদি ফান্ডের ইউনিটের ক্ষেত্রে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হইতে, এবং (আ) বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে, স্কীম বা ফান্ড গঠনের তারিখ হইতে, উভয় ক্ষেত্রে ৬ (ছয়) মাস পর্যন্ত লক-ইন (Lock-in) বলবৎ থাকিবে।]<br><br>(২) মিউচ্যুয়াল ফান্ডের প্রাইভেট প্লেসমেন্টে, সংশ্লিষ্ট ফান্ডের উদ্যোক্তা বা সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের অধীন অন্য স্কীম বা ফান্ড নহে এমন, - |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (অ) একক ব্যক্তির অনুকূলে সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকা;<br><br>(আ) অতালিকাভুক্ত কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থার অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর ক্ষেত্রে) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না;<br><br>(ই) তালিকাভুক্ত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডের অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য, তবে মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে সংরক্ষিত কোটা প্রযোজ্য হবে না) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না; এবং<br><br>(ঈ) স্বীকৃত তথা রেজিষ্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড ও সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund) এর অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না।<br><br>এই সংক্রান্ত চূড়ান্ত তালিকা প্রসপেক্টাসে অন্তর্ভূক্ত করিতে হইবে।। | (অ) একক ব্যক্তির অনুকূলে সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকা;<br><br>(আ) অতালিকাভুক্ত কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থার অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর ক্ষেত্রে) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না;<br><br>(ই) তালিকাভুক্ত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডের অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য, তবে মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে সংরক্ষিত কোটা প্রযোজ্য হবে না) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না; এবং<br><br>(ঈ)স্বীকৃত তথা রেজিষ্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড ও সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund) এর অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না।<br><br>এই সংক্রান্ত চূড়ান্ত তালিকা প্রসপেক্টাসে অন্তর্ভূক্ত করিতে হইবে। |
| **৫০খ। স্কীমের মেয়াদ**।- কোনো মেয়াদি স্কীমের মেয়াদ এবং পরিমাণ স্কীম ঘোষণার সময় নির্ধারণ করিতে হইবেঃ তবে শর্ত থাকে যে স্কীমের মেয়াদ শেষ হইবার কমপক্ষে ১ (এক) বছর পূর্বে ইউনিট মালিকগণের বিশেষ সভা করিয়া উপস্থিত ভোটদানকারী ইউনিট মালিকগণের তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠের ভোটে স্কীমের মেয়াদ সর্বোচ্চ অনুরূপ একটি মেয়াদের জন্য বর্ধিত করা যাইবে। | **৫০খ। স্কীমের মেয়াদ**।- কোনো মেয়াদি স্কীমের মেয়াদ এবং পরিমাণ স্কীম ঘোষণার সময় নির্ধারণ করিতে হইবে;<br><br>তবে শর্ত থাকে যে প্রাথমিকভাবে কোনো মেয়াদি স্কীমের মেয়াদ ১০ (দশ) বৎসরের অধিক হইবে না;<br><br>আরো শর্ত থাকে যে, স্কীমের প্রাথমিক মেয়াদ পূর্ণ হওয়ার কমপক্ষে ০১ (এক) বৎসর পূর্বে ইউনিট মালিকগনের বিশেষ সভা করিয়া উপস্থিত ইউনিট মালিকগণের ইউনিট ধারণের ভিত্তিতে ~~(হু ঠধষঁব)~~ (by holding percentage of total outstanding units) তিন-চতুর্থাংশের ভোট প্রাপ্তি এবং কমিশনের অনুমোদন সাপেক্ষে ~~মেয়াদ বৃদ্ধি করা যাইবে।~~ উক্ত স্কিম বে-মেয়াদি হিসেবে রূপান্তরিত (Conversion) করা যাইবে।<br><br>বর্তমানে পরিচালিত সকল মেয়াদি ফান্ডের প্রাথমিক মেয়াদ শেষ হওয়ার পর, কোনোভাবেই আর মেয়াদ বর্ধন করা যাইবে না। বিশেষভাবে, যে সকল মেয়াদি ফান্ডের ক্ষেত্রে ইতিমধ্যেই |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | প্রাথমিকভাবে নির্ধারিত ১০ বছর মেয়াদ শেষ করার পর আরো ১০ বছরের জন্য মেয়াদ বাড়ানো হয়েছে, তাদের বর্ধিত মেয়াদ শেষ হইলে আর মেয়াদ বর্ধন না করে উক্ত ফান্ড অথবা স্কিম বিধি-অনুযায়ী অবলুপ্ত করিবে। |
| **৫০গ। স্কীমের রূপান্তর (Conversion of scheme)**।- কোনো মেয়াদি ফান্ড বা স্কীমের বিশেষ সভায় উপস্থিত অন্যূন তিন-চতুর্থাংশ ইউনিট মালিকগণ স্কীমটির রূপান্তরের পক্ষে প্রস্তাব গ্রহণ করিলে কমিশনের অনুমোদন সাপেক্ষে মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের স্কীম অথবা স্কীমগুলো বেমেয়াদি স্কীমে রূপান্তরিত হইতে পারে। | **৫০গ। স্কীমের রূপান্তর** (Conversion of scheme)।-(১) কোনো মেয়াদি ফান্ড বা স্কীমের বিশেষ সভায় উপস্থিত অন্যূন তিন-চতুর্থাংশ ইউনিট এর মালিকগণ স্কীমটির রূপান্তরের পক্ষে প্রস্তাব গ্রহণ করিলে কমিশনের অনুমোদন সাপেক্ষে মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের স্কীম অথবা স্কীমগুলো বে-মেয়াদি স্কীমে রূপান্তরিত হইতে পারে। |
| **৫১। স্কীমের অবলুপ্তি**।-<br>(১) কোনো বেমেয়াদি স্কীমের অনাদায়ী ইউনিটের মোট সংখ্যা যদি যে কোনো সময় পুনঃক্রয়ের পর প্রকৃত ইস্যুকৃত ইউনিট সংখ্যার শতকরা পঁচিশ ভাগের কম হয় তাহা হইলে উক্ত স্কীমের অবলুপ্তি হইবে।<br><br>(২) কোনো মেয়াদি স্কীমের অবলুপ্তি হইতে পারে, যদি-<br><br>(ক) উক্ত স্কীমের নির্ধারিত মেয়াদ সমাপ্ত হয়;<br>(খ) কোনো বিশেষ ঘটনার কারণে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টি যদি উক্ত স্কীমের অবলুপ্তির প্রয়োজন বোধ করে;<br>(গ) উক্ত স্কীমের অন্যূন্য শতকরা পঁচাত্তর ভাগ ইউনিট মালিক স্কীমটির অবলুপ্তির পক্ষে প্রস্তাব গ্রহণ করে;<br>(ঘ) কমিশন ইউনিট মালিকদের স্বার্থে উক্ত স্কীমের অবলুপ্তির নির্দেশ প্রদান করে।<br><br>(৩) উপ-বিধি (১) বা (২) অনুযায়ী কোনো স্কীমের অবলুপ্তি হইলে বা ঘটাইতে হইলে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপক একই সাথে পৃথকভাবে উক্ত স্কীমের অবলুপ্তির বিবরণসহ একটি নোটিশ অবিলম্বে-<br><br>(ক) কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট প্রেরণ করিবে; এবং | **৫১। স্কীমের অবলুপ্তি**।-<br>(১) কোনো বে-মেয়াদি স্কীমের অনাদায়ী ইউনিটের মোট সংখ্যা যদি যে কোনো সময় পুনঃক্রয়ের পর প্রকৃত ইস্যুকৃত ইউনিট সংখ্যার শতকরা পঁচিশ ভাগের কম হয় তাহা হইলে উক্ত স্কীমের অবলুপ্তি হইবে।<br><br>(২) কোনো মেয়াদি স্কীমের অবলুপ্তি হইতে পারে, যদি-<br><br>(ক) উক্ত স্কীমের নির্ধারিত মেয়াদ সমাপ্ত হয়;<br>(খ) কোনো বিশেষ ঘটনার কারণে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টি যদি উক্ত স্কীমের অবলুপ্তির প্রয়োজন বোধ করে;<br>(গ) উক্ত স্কীমের অন্যূন্য শতকরা পঁচাত্তর ভাগ ইউনিটের মালিক স্কীমটির অবলুপ্তির পক্ষে প্রস্তাব গ্রহণ করে;<br>(ঘ) কমিশন ইউনিট মালিকদের স্বার্থে উক্ত স্কীমের অবলুপ্তির নির্দেশ প্রদান করে।<br><br>(৩) উপ-বিধি (১) বা (২) অনুযায়ী কোনো স্কীমের অবলুপ্তি হইলে বা ঘটাইতে হইলে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপক একই সাথে পৃথকভাবে উক্ত স্কীমের অবলুপ্তির বিবরণসহ একটি নোটিশ অবিলম্বে-<br><br>(ক) কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট প্রেরণ করিবে; এবং<br><br>(খ) কমিশন কর্তৃক অবলুপ্তির কারণ অনুমোদিত হইলে বাংলাদেশের বহুল প্রচারিত অন্ততঃ একটি বাংলা পত্রিকাসহ দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (খ) কমিশন কর্তৃক অবলুপ্তির কারণ অনুমোদিত হইলে বাংলাদেশের বহুল প্রচারিত অন্ততঃ একটি বাংলা পত্রিকাসহ দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিবে। | |
| **৫২। অবলুপ্তির নোটিশের ফলাফল।**- বিধি ৫১; উপ-বিধি (৩) এর অধীন কোনো স্কীমের অবলুপ্তির নোটিশ প্রদানের তারিখ হইতে ট্রাস্টি অথবা সম্পদ ব্যবস্থাপক-<br>(ক) উক্ত স্কীম সম্পর্কিত যে কোনো ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনা হইতে বিরত থাকিবে;<br>(খ) স্কীমের ইউনিট সৃষ্টি ও বাতিল করা হইতে বিরত থাকিবে;<br>(গ) স্কীমের ইউনিট ইস্যু ও পরিশোধ করা হইতে বিরত থাকিবে। | **৫২। অবলুপ্তির নোটিশের ফলাফল।**- বিধি ৫১; উপ-বিধি (৩) এর অধীন কোনো স্কীমের অবলুপ্তির নোটিশ প্রদানের তারিখ হইতে ট্রাস্টি অথবা সম্পদ ব্যবস্থাপক-<br>(ক) উক্ত স্কীম সম্পর্কিত যে কোনো ব্যবসায়িক বা বিনিয়োগ কর্মকান্ড পরিচালনা হইতে বিরত থাকিবে;<br>(খ) স্কীমের ইউনিট সৃষ্টি ও বাতিল করা হইতে বিরত থাকিবে;<br>(গ) স্কীমের ইউনিট ইস্যু ও পরিশোধ করা হইতে বিরত থাকিবে। |
| **৫৩। অবলুপ্তির নিয়ম ও পদ্ধতি।**- (১) কোনো স্কীমের অবলুপ্তি বিবেচনার উদ্দেশ্যে ট্রাস্টি বিধি ৫১; উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত নোটিশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের একটি সভা আহবান করিবে যাহাতে উপস্থিত ও ভোটদানকারী ইউনিট মালিকগণের তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ট ভোটে স্কীমটি অবলুপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টিকে ক্ষমতা প্রদান করিতে হইবে। অবলুপ্তির পক্ষে তিন-চতুর্থাংশের বেশি ভোট না হইলে প্রতিকুল বা বিরূপ পরিস্থিতির প্রেক্ষাপটে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টির আলোচ্য স্কীম অবলোপনের পর্যাপ্ত কারণ আছে বলিয়া মনে হইলে তবেই কেবল স্কীমটি বিলুপ্ত করা যাইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে কোনো স্কীম অবলুপ্তির ক্ষেত্রে উক্তরূপ কোনো সভার প্রয়োজন হইবে না।<br><br>(২) উপ-বিধি(১) এর অধীন ক্ষমতা প্রাপ্ত ট্রাস্টি সংশ্লিষ্ট স্কীমের সম্পদ উক্ত স্কীমের ইউনিট মালিকগণের সর্বোত্তম স্বার্থে হস্তান্তর করিবে এবং উহার বিনিময়ে প্রাপ্ত অর্থ সর্ব প্রথম স্কীমের অধীন প্রকৃত দায় পরিশোধে ব্যবহার করিবে, অতঃপর অবলুপ্তির সহিত সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর অবশিষ্ট অর্থ ইউনিট মালিকগণের মধ্যে অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণের তারিখে স্কীমের সম্পদ তাহাদের স্বার্থের অনুপাত অনুযায়ী বিতরণ করিবে।<br><br>(৩) অবলুপ্তি সম্পন্ন হইবার পর উপ-বিধি (২) এ উল্লিখিত ট্রাস্টি কমিশন এবং ইউনিট মালিকগণকে অবলুপ্তির ত্রিশ দিনের মধ্যে অবলুপ্তি সম্পর্কিত একটি রিপোর্ট প্রদান | **৫৩। অবলুপ্তির নিয়ম ও পদ্ধতি।**- (১) কোনো স্কীমের অবলুপ্তি বিবেচনার উদ্দেশ্যে ট্রাস্টি বিধি ৫১; উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত নোটিশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের একটি সভা আহবান করিবে যাহাতে উপস্থিত ও ভোটদানকারী ইউনিট মালিকগণের তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ট ভোটে স্কীমটি অবলুপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টিকে ক্ষমতা প্রদান করিতে হইবে। অবলুপ্তির পক্ষে তিন-চতুর্থাংশের বেশি ভোট না হইলে প্রতিকুল বা বিরূপ পরিস্থিতির প্রেক্ষাপটে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টির আলোচ্য স্কীম অবলোপনের পর্যাপ্ত কারণ আছে বলিয়া মনে হইলে তবেই কেবল স্কীমটি বিলুপ্ত করা যাইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে কোনো স্কীম অবলুপ্তির ক্ষেত্রে উক্তরূপ কোনো সভার প্রয়োজন হইবে না।<br><br>(২) উপ-বিধি(১) এর অধীন ক্ষমতা প্রাপ্ত ট্রাস্টি সংশ্লিষ্ট স্কীমের সম্পদ উক্ত স্কীমের ইউনিট মালিকগণের সর্বোত্তম স্বার্থে হস্তান্তর করিবে এবং উহার বিনিময়ে প্রাপ্ত অর্থ সর্ব প্রথম স্কীমের অধীন প্রকৃত দায় পরিশোধে ব্যবহার করিবে, অতঃপর অবলুপ্তির সহিত সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর অবশিষ্ট অর্থ ইউনিট মালিকগণের মধ্যে অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণের তারিখে স্কীমের সম্পদ তাহাদের স্বার্থের অনুপাত অনুযায়ী বিতরণ করিবে।<br>(৩) অবলুপ্তি সম্পন্ন হইবার পর উপ-বিধি (২) এ উল্লিখিত ট্রাস্টি কমিশন এবং ইউনিট মালিকগণকে অবলুপ্তির ত্রিশ দিনের মধ্যে অবলুপ্তি সম্পর্কিত একটি রিপোর্ট প্রদান করিবে, যাহাতে অবলুপ্তির কারণ, অবলুপ্তির পূর্বে স্কীমের সম্পদ বিক্রয়ের পদক্ষেপসমূহ, অবলুপ্তির জন্য অর্থ ব্যয় এবং ইউনিট মালিকগণের মধ্যে বন্টনের জন্য |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| করিবে, যাহাতে অবলুপ্তির কারণ, অবলুপ্তির পূর্বে স্কীমের সম্পদ বিক্রয়ের পদক্ষেপসমূহ, অবলুপ্তির জন্য অর্থ ব্যয় এবং ইউনিট মালিকগণের মধ্যে বন্টনের জন্য প্রাপ্ত নীট অর্থের উল্লেখ থাকিবে এবং যাহার সহিত স্কীমের নিরীক্ষকদের প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে। | প্রাপ্ত নীট অর্থের উল্লেখ থাকিবে এবং যাহার সহিত স্কীমের নিরীক্ষকদের প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে। |
| **৫৪। স্কীমের অবলুপ্তি।**–<br>(১) বিধি ৫৩; উপ-বিধি (৩) এর অধীন রিপোর্ট প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে নিশ্চিত হয় যে, স্কীমটি অবলুপ্তির জন্য গৃহীত সকল পদক্ষেপ সম্পন্ন হইয়াছে তাহা হইলে কমিশন তৎসম্পর্কে রির্পোট প্রদানকারী ট্রাস্টিকে লিখিতভাবে অবহিত করিবে এবং উক্তরূপ অবহিতির পর স্কীমটি অবলুপ্ত হইবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত কমিশনের অবহিতি পত্রের তারিখ হইতে সাত কার্য দিবসের মধ্যে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে ক্ষমতা প্রাপ্ত ট্রাস্টি ইউনিট মালিকগণের প্রাপ্য সমুদয় অর্থ ফেরৎ প্রদান করিবে, এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশনের নিকট দাখিল করিবে। | **৫৪। স্কীমের অবলুপ্তি।**–<br>(১) বিধি ৫৩; উপ-বিধি (৩) এর অধীন রিপোর্ট প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে নিশ্চিত হয় যে, স্কীমটি অবলুপ্তির জন্য গৃহীত সকল পদক্ষেপ সম্পন্ন হইয়াছে তাহা হইলে কমিশন তৎসম্পর্কে রির্পোট প্রদানকারী ট্রাস্টিকে লিখিতভাবে অবহিত করিবে এবং উক্তরূপ অবহিতির পর স্কীমটি অবলুপ্ত হইবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত কমিশনের অবহিতি পত্রের তারিখ হইতে সাত কার্য দিবসের মধ্যে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে ক্ষমতা প্রাপ্ত ট্রাস্টি ইউনিট মালিকগণের প্রাপ্য সমুদয় অর্থ ফেরৎ প্রদান করিবে, এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশনের নিকট দাখিল করিবে। |
| **অষ্টম অধ্যায়**<br>**বিনিয়োগের উদ্দেশ্য ও মূল্যায়ন নীতিমালা** | **অষ্টম অধ্যায়**<br>**বিনিয়োগের উদ্দেশ্য, ক্ষেত্র ও মূল্যায়ন নীতিমালা** |
| **৫৫। বিনিয়োগের উদ্দেশ্য।**–<br><br>(১) উপ-বিধি (২) এ বর্ণিত শর্ত সাপেক্ষে মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমের অধীন সংগৃহীত অর্থ কেবলমাত্র স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সিকিউরিটিজ, প্রাথমিক সিকিউরিটিজ (IPO) এবং অর্থ বাজারে হস্তান্তরযোগ্য সিকিউরিটিজে বিনিয়োগ করা যাইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, কমিশনের সম্মতি প্রাপ্ত কোনো প্রাথমিক সিকিউরিটিজ ইস্যুকারী কোম্পানীর সিকিউরিটিতে প্রাক-আইপিও (pre-IPO) প্লেসমেন্টও ইহার অন্তর্ভূক্ত হইবে।<br><br>(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অর্থের অন্তত: শতকরা ষাট ভাগ (৬০%) অর্থ পুঁজিবাজারে বিনিয়োগ করিতে হইবে যাহার মধ্যে অন্তত: অর্ধেক অর্থ স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজে হইতে হইবে: | **৫৫। বিনিয়োগের উদ্দেশ্য ও ক্ষেত্র।**–<br><br>(১) মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমের অধীন সংগৃহীত অর্থ কেবলমাত্র নিম্নোক্ত খাতসমূহে বিনিয়োগ করিতে পারিবে:<br><br>(ক) স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সিকিউরিটিজ। ~~কমিশন অনুমোদিত প্রক্রিয়ায় শর্ট-সেল লেনদেন, এক্সচেঞ্জ-ট্রেডেড ফিউচার বা অপশনস বা অন্য কোনো ডেরিভিটিভ সিকিউরিটিস এর অন্তর্ভুক্ত হইবে;~~<br><br>(খ) অর্থ বাজারে হস্তান্তরযোগ্য সিকিউরিটিজ যাহার মধ্যে সরকারি সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হইবে;<br><br>(গ) মূল স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত A-ক্যাটাগরিভুক্ত কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বন্ড, অগ্রাধিকার (Preferred) শেয়ার, ইসলামী শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ যা কিনা |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| তবে শর্ত থাকে যে, মিউচ্যুয়াল ফান্ডের কোনো অর্থ ঐ ফান্ডের কোনো স্কীমে বিনিয়োগ করিতে হইলে সেই ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ও সময় উল্লেখপূর্বক বিনিয়োগের অন্ততঃ সাত দিন পূর্বে সম্পদ ব্যবস্থাপক কর্তৃক লিখিতভাবে কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে জানাইতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, পুজিবাজার বহির্ভূত বিনিয়োগের ফলে সৃষ্ট পত্রকোষের গঠন (Composition of Portfolio) সম্পর্কিত বিশদ প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে কমিশনে দাখিল করিতে হইবে। | কমিশন অনুমোদিত এবং যা ~~প্রাইভেটলি প্লেসড বন্ড, ডিবেঞ্চার, ইসলামী শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ এবং কোনো কোম্পানীর মূলধনে যাহারা~~ ইনফরমেশন মেমোরেনডাম/ প্রাইভেট প্লেসমেন্ট মেমোরেনডাম প্রকাশের মাধ্যমে অথবা অন্য কোনো বিধিবদ্ধ উপায়ে বিনিয়োগ আহবান করেছে;<br><br>~~(ঘ) সিকিউরিটাইজড ডেবট ইন্সট্রুমেন্ট (ঝবপঁৎরঃরুবফ উবনঃ ওহংঃৎঁসবহঃং) যাহা সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ বা বন্ধক ভিত্তিক সিকিউরিটিজ;~~<br><br>~~(ঙ) কমিশন কতৃক অনুমোদিত বে-মেয়াদী মিউচুয়্যাল ফান্ড ও ইটিএফ;~~<br><br>(২) ইক্যুইটি মিউচ্যুয়াল ফান্ড এবং বর্ধিষ্ণু বিনিয়োগ ফান্ডের (Growth Fund) মোট সম্পদের অন্তত: শতকরা ~~সত্তর ভাগ (৭০%)~~ একান্ন ভাগ (৫১%) অর্থ স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ইকুয়িটি সিকিউরিটিজে বিনিয়োগ করিতে হইবে।<br><br>(৩) ফিক্সড ইনকাম ফান্ডের মোট সম্পদের অন্তত: শতকরা ~~সত্তর ভাগ (৭০%)~~ পঁয়ষট্টি ভাগ (৬৫%) অর্থ ফিক্সড ইনকাম ইন্সট্রুমেন্টে ~~এবং মানি মার্কেট ইন্সট্রুমেন্টে (Money Market Instruments)~~ বিনিয়োগ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, ফিক্সড ইনকাম ফান্ড আইপিও ছাড়া অন্য কোনো ইক্যুইটি সিকিউরিটিজে বিনিয়োগ করতে পারিবে না।<br><br>(৪) ~~মিক্সড ফান্ড এবং~~ ব্যালেন্সড্ ফান্ডের (Balanced Fund) মোট সম্পদের অন্তত: পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ ফিক্সড ইনকাম সিকিউরিটিজ ~~ইন্সট্রুমেন্ট~~ বা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ইক্যুইটি শেয়ারে-বিনিয়োগ করিতে হইবে।<br><br>(৫) মানি মার্কেট ফান্ডের (Money Market Fund) মোট সম্পদের অন্তত: শতকরা ষাট ভাগ (৬০%) ফিক্সড ইনকাম সিকিউরিটিজে ~~মানি মার্কেট ইন্সট্রুমেন্টে (Money Market Instruments)~~ বিনিয়োজিত হইবে যার অবশিষ্ট মেয়াদ (Time to Maturity) ১ বছরের বেশি হইতে পারিবে না। তবে শর্ত থাকে যে, মানি মার্কেট ফান্ড আইপিও ছাড়া অন্য কোনো ইক্যুইটি সিকিউরিটিজে বিনিয়োগ করতে পারিবে না। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | (৬) শরিয়াহ ফান্ডের মোট সম্পদের অন্তত: শতকরা ত্রিশ ভাগ (৩০%) অর্থ স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ইসলামি শরিয়াহ-ভিত্তিক সিকিউরিটিজে বিনিয়োগ করিতে হইবে। এই ফান্ডের অবশিষ্ট অংশ শরিয়াহ-ভিত্তিক অর্থবাজার সিকিউরিটিজ বিনিয়োগ করিতে পারিবে।<br><br>(৭) স্পেশাল পার্পাস ফান্ডের ক্ষেত্রে ইউনিটহোল্ডারদের স্বার্থে কমিশন উপবিধি (১), (২), (৩), (৪) ও (৫) এর বিধানাবলীর যে কোনোটি শিথিল করিতে পারিবে।<br><br>(৮) বর্তমান সকল ফান্ডের ক্ষেত্রেও উপরিউক্ত বিধিমালা প্রযোজ্য হইবে। |
| **৫৬। বিনিয়োগে বাধানিষেধ**।- সম্পদ ব্যবস্থাপক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট সিকিউরিটিজের যথাযথ আর্থিক অবস্থা বিশ্লেষণপূর্বক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং বিধি ৫৫ অনুসারে কোনো বিনিয়োগ পঞ্চম তফসিল এ বর্ণিত বাধানিষেধ সাপেক্ষে করিবে। | **৫৬। বিনিয়োগে বাধানিষেধ**। -(১) সম্পদ ব্যবস্থাপক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট সিকিউরিটিজের যথাযথ আর্থিক অবস্থা বিশ্লেষণপূর্বক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং বিধি ৫৫ অনুসারে কোনো বিনিয়োগ পঞ্চম তফসিল এ বর্ণিত বাধানিষেধ সাপেক্ষে করিবে।<br><br>(২) কোন সম্পদ ব্যবস্থাপক কোম্পানী তাহার ব্যবস্থানাধীন কোন মিউচ্যুয়াল ফান্ড বা স্কীম হইতে উক্ত সম্পদ ব্যবস্থাপক কোম্পানীর নিয়ন্ত্রণাধীন স্বার্থ সংশ্লিষ্ট কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে বিধিমালা বহির্ভূত কোনো প্রকার লেনদেনে জড়িত হইতে পারিবে না। |
| **৫৭। কতিপয় ব্যবসায়ে বিনিয়োগ নিষেধ**।- মিউচ্যুয়াল ফান্ডের অর্থ কোনোভাবেই অপশন ট্রেডিং (option trading), শর্ট-সেলিং (short-selling) বা কেরী-ফরওয়ার্ড (carry forward) লেনদেনে ব্যবহার করা যাইবে না। | **৫৭। কতিপয় ব্যবসায়ে বিনিয়োগ নিষেধ**।- মিউচ্যুয়াল ফান্ডের অর্থ কোনোভাবেই ~~নন-লিস্টেড~~ অপশন ট্রেডিং (~~Non-listed~~ option trading), শর্ট-সেলিং (short-selling) বা কেরী-ফরওয়ার্ড (carry forward) লেনদেনে ব্যবহার করা যাইবে না। |
| **৫৮। বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড প্রত্যেকটি স্কীমের জন্য, কমিশনের পূর্বানুমোদনক্রমে, বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করিবে। | **৫৮। বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড প্রত্যেকটি স্কীমের জন্য, কমিশনের পূর্বানুমোদনক্রমে, বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করিবে।<br><br>তবে শর্ত থাকে যে, বিনিয়োগ মূল্যায়নে ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) ও বাংলাদেশে প্রযোজ্য আইন ও এই বিধিমালা ~~অন্যান্য হিসাব মানদন্ডে~~ বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে। ~~তবে কমিশন সময়ে সময়ে বিনিয়োগ মূল্যায়ন সম্পর্কিত ভিন্ন কোনো আদেশ জারি করিতে পারিবে।~~<br><br>আরো শর্ত থাকে যে, বিনিয়োগ মূল্যায়নের যে পদ্ধতিই নির্ধারণ করা হোক না কেন উহা বার্ষিক প্রতিবেদনে স্বতন্ত্রভাবে প্রকাশ করিতে হইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (২) উপ-বিধি (১) এর বিধান ব্যহত না করিয়া, বাজারে তালিকাভূক্ত নহে এইরূপ বিনিয়োগের মূল্য সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি ত্রৈমাসিক ভিত্তিতে পুনরীক্ষিত করিবে এবং নিরীক্ষকগণ মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিবেন। | (২) উপ-বিধি (১) এর বিধান ব্যহত না করিয়া, বাজারে তালিকাভূক্ত নহে এইরূপ বিনিয়োগের মূল্য সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি ত্রৈমাসিক ভিত্তিতে পুনরীক্ষিত করিবে এবং নিরীক্ষকগণ মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিবেন। |
| **৫৯। অব্যবসাকৃত বিনিয়োগের মূল্যায়ন**।- যে ক্ষেত্রে বিনিয়োগ তালিকাভূক্ত কিন্তু মূল্যায়নের তারিখের পূর্ববর্তী এক মাসের মধ্যে উহার ব্যবসা করা হয় নাই সেই ক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক উহার একটি নিরপেক্ষ ও স্বাধীন মূল্যায়ন করিবে যাহাতে উহার প্রকৃত আদায়যোগ্য মূল্য প্রতিফলিত হয়; উক্ত মূল্যায়নের পদ্ধতি ট্রাস্টি কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং নিরীক্ষকগণ কর্তৃক মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিতে হইবে। | ~~**৫৯। অব্যবসাকৃত বিনিয়োগের মূল্যায়ন**।- যে ক্ষেত্রে বিনিয়োগ তালিকাভূক্ত কিন্তু মূল্যায়নের তারিখের পূর্ববর্তী এক মাসের মধ্যে উহার ব্যবসা করা লেনদেন হয় নাই (অর্থাৎ non-traded or thinly-traded securities) সেই ক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক সর্বশেষ লেনদেনকৃত মূল্যে উহার একটি নিরপেক্ষ ও স্বাধীন মূল্যায়ন করিবে যাহাতে উহার প্রকৃত আদায়যোগ্য মূল্য প্রতিফলিত হয়; উক্ত মূল্যায়নের পদ্ধতি ট্রাস্টি কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং নিরীক্ষকগণ কর্তৃক মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিতে হইবে।~~ |
| **৬০। শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য নির্ণয় পদ্ধতি।**–<br><br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (পৃথকভাবে ক্রয় মূল্য ও চলতি বাজার মূল্য এর ভিত্তিতে) নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ণয় করিবে, যথাঃ-<br><br>মোট নীট সম্পদ মূল্য (NAV)= ফান্ডের মোট সম্পদের পরিমান - ফান্ডের মোট দায়ের পরিমান<br><br>ইউনিট প্রতি নীট সম্পদের মূল্য = মোট নীট সম্পদ মূল্য (NAV) / মোট অপরিশোধিত (un-redeemed) ইউনিটের সংখ্যা।<br><br>(ক) মোট সম্পদের পরিমান বলিতে নিম্নবর্ণিত সম্পদকে বুঝাইবে- | **৬০। শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য নির্ণয় পদ্ধতি।**–<br><br>(১) প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক কোম্পানি সর্বদা দৈনিক ভিত্তিতে উহার প্রত্যেকটি মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য ফেয়ার ভ্যালুতে (Fair Value) নির্ণয় করিবে এবং কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উহা প্রকাশ করিবে।<br><br>(২) কোন ফান্ডের ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত মোট সম্পদ হইতে ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত মোট দায় বাদ দিয়ে উক্ত ফান্ডের নীট সম্পদ মূল্য নির্ণয় করিতে হইবে। ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য নির্ণয়ের ক্ষেত্রে পরিমাপ দিবসের নীট সম্পদ মূল্যকে মোট ইস্যুকৃত ইউনিট সংখ্যা (Outstanding Units) দিয়ে ভাগ করিতে হবে। যথাঃ-<br>ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত মোট নীট সম্পদ মূল্য (NAV) = ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত ফান্ডের মোট সম্পদের পরিমান - ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত ফান্ডের মোট দায়ের পরিমান।<br>ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত ইউনিট প্রতি নীট সম্পদের মূল্য = ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত মোট নীট সম্পদ মূল্য (NAV) / মোট ইস্যুকৃত ইউনিটের সংখ্যা (Outstanding Units)<br><br>(ক) মোট সম্পদের পরিমান বলিতে নিম্নবর্ণিত সম্পদকে বুঝাইবে- |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| হেফাজতে রক্ষিত সকল সিকিউরিটিজের মূল্য, বন্ধককৃত সকল সিকিউরিটিজের মূল্য, হাতে ও ব্যাংকে রক্ষিত নগদ টাকা, পাওনাযোগ্য সিকিউরিটিজের মূল্য, পাওনাযোগ্য বিনিয়োগের বিক্রয় মূল্য, আয়কর বাদে আদায়যোগ্য লভ্যাংশ, আয়কর বাদে আদায়যোগ্য সুদ, অবসায়ন খরচ বাদে ইস্যু খরচ, অবসায়ন খরচ বাদে মুদ্রন ও ষ্টেশনারী খরচ।<br><br>(খ) মোট ফান্ডের দায়ের পরিমান বলিতে নিম্নবর্ণিত দায়কে বুঝাইবে-<br>প্রদেয়যোগ্য সকল সিকিউরিটিজের মূল্য, প্রদেয়যোগ্য বিনিয়োগের ক্রয় মূল্য, ব্রোকারেজ ও হেফাজতকারির চাজ, সকল ধরনের মুদ্রন, পাবলিকেশন ও ষ্টেশনারী খরচ, বকেয়া বিলম্বিত খরচ (ট্রাস্টি ফি, বার্ষিক ফি, অডিট ফি, গ্যারান্টি কমিশন)।<br><br>(২) মিউচ্যুয়াল ফান্ডের সকল স্কীম প্রতি সপ্তাহে উহাদের নীট সম্পদ মূল্য নির্ণয় করিবে।<br><br>(৩) প্রত্যেকটি স্কীমের নির্ণয়কৃত নীট সম্পদ মূল্য (ক্রয় মূল্য ও চলতি বাজার মূল্যের ভিত্তিতে) প্রত্যেক সপ্তাহের প্রথম কর্মদিবসে সিকিউরিটিজ লেনদেন শুরু হইবার পূর্বে কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে জানাইতে হইবে। একই সাথে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব-সাইটে (Web-site) উহা প্রকাশ করিতে হইবে, এবং প্রেস রিলিজ আকারে উক্ত তথ্য পুঁজিবাজার সম্পর্কীয় সংবাদ পরিবেশনকারী অন্ততঃ একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে। | হেফাজতে রক্ষিত সকল সিকিউরিটিজের মূল্য, বন্ধককৃত সকল সিকিউরিটিজের মূল্য, হাতে ও ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে রক্ষিত নগদ টাকা, পাওনাযোগ্য সিকিউরিটিজের মূল্য, পাওনাযোগ্য বিনিয়োগের বিক্রয় মূল্য, আয়কর বাদে আদায়যোগ্য লভ্যাংশ, আয়কর বাদে আদায়যোগ্য সুদ, অগ্রিম ব্যয়সমূহ, অবসায়ন খরচ বাদে ইস্যু খরচ, অবসায়ন খরচ বাদে মুদ্রন ও ষ্টেশনারী খরচ।<br><br>(খ) মোট ফান্ডের দায়ের পরিমান বলিতে নিম্নবর্ণিত দায়কে বুঝাইবে-<br><br>প্রদেয়যোগ্য সকল সিকিউরিটিজের মূল্য, প্রদেয়যোগ্য বিনিয়োগের ক্রয় মূল্য, ব্রোকারেজ ও হেফাজতকারির চাজ, সকল ধরনের মুদ্রন, পাবলিকেশন ও ষ্টেশনারী খরচ বাবদ বকেয়া ব্যয়সমূহ, বকেয়া বিলম্বিত খরচ (ম্যানেজমেন্ট ফি, ফান্ড অ্যাডমিনিস্ট্রেশন ফি, ট্রাস্টি ফি, বার্ষিক ফি, অডিট ফি, গ্যারান্টি কমিশন)।<br><br>(৩) উপ-বিধি (১) ও (২) এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রত্যেকটি মেয়াদি ~~অজড়~~ ফান্ড বা স্কীমের ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত নীট সম্পদ মূল্য প্রত্যেক ট্রেডিং দিবসে সিকিউরিটিজ লেনদেন শুরু হইবার কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত প্লাটফর্মে প্রকাশ করিতে হইবে। বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত নীট সম্পদ মূল্য সম্পদ ব্যবস্থাপকের কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব-সাইটে প্রকাশ করিতে হইবে। |
| **৬১। বেমেয়াদি স্কীমের ইউনিটের মূল্য নিরূপণ।**- (১) কোনো স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য এবং মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক যে কোনো সময় উক্ত ইউনিটের পুনঃক্রয় মূল্য উক্ত স্কীম নিরূপন করিতে পারিবে।<br><br>(২) মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য স্টক-এক্সচেঞ্জের প্রাত্যহিক লেনদেন খবর, ইউনিটের প্রত্যেকটি বিক্রয় কেন্দ্রে এবং সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (web-site) ও একই সাথে প্রেস রিলিজ আকারে উক্ত তথ্য | **৬১। বেমেয়াদি স্কীমের ইউনিটের মূল্য নিরূপণ।**- (১) সম্পদ ব্যবস্থাপক কোনো ফান্ডের ইউনিট প্রতি বিক্রয় মূল্য এবং পুনঃক্রয় মূল্য প্রকাশ করিবে যাহা উক্ত ফান্ডের ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের (NAV) ভিত্তিতে নিরূপন করিতে হইবে।<br><br>(২) সম্পদ ব্যবস্থাপক কোনো ফান্ডের ইউনিট প্রতি বিক্রয় মূল্য, পুনঃক্রয় মূল্য ও নীট সম্পদ মূল্য স্টক-এক্সচেঞ্জের প্রাত্যহিক লেনদেন খবর (যদি স্টক-এক্সচেঞ্জে তালিকাভুক্ত থাকে), ইউনিটের প্রত্যেকটি বিক্রয় কেন্দ্রে এবং সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (web-site) প্রত্যেক ট্রেডিং দিবসে প্রকাশনা নিশ্চিত করিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| অন্ততঃ একটি পুঁজিবাজার সম্পর্কীয় সংবাদ পরিবেশনকারী জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিবে যাহাতে সংশ্লিষ্ট সকল বিনিয়োগকারী উহা জানিতে পারে।<br><br>(৩) যে কোনো স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য নির্ধারণকালে মিউচ্যুয়াল ফান্ড ইহা নিশ্চিত করিবে যেন এই দুইটি মূল্যের মধ্যকার ব্যবধান বিক্রয় মূল্যের শতকরা পাঁচ ভাগের বেশি না হয়।<br>(৪) সম্পদ ব্যবস্থাপক কোনো স্কীমের ইউনিট প্রতি পুনঃক্রয় মূল্য নির্ধারণে (surrender value) ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের (NAV) সর্বোচ্চ ১৫% কম বা বেশি করিতে পারিবে। | (৩) যে কোনো স্কীমের ইউনিটের পুনঃক্রয় মূল্য নির্ধারণকালে সম্পদ ব্যবস্থাপক ইহা নিশ্চিত করিবে যেন বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্যের মধ্যকার ব্যবধান ফেয়ার ভ্যালুতে মূল্যায়িত ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের (NAV) শতকরা ~~০১ (এক)~~ ০২ (দুই) ভাগের বেশি না হয়।<br>(৪) কোনো ফান্ডের ইউনিটের রিডেম্পশন (ৎবফবসঢ়ঃরড়হ) অনুরোধ আগে আসলে আগে পাবেন (ভরৎংঃ-পড়সব-ভরৎংঃ-ংবৎাব) ভিত্তিতে নিষ্পত্তি করিতে হইবে। যদি কোনো নির্দিষ্ট দিনে রিডেম্পশন (ৎবফবসঢ়ঃরড়হ) অনুরোধ ফান্ডের মোট বকেয়া ইউনিটের (ড়ঁঃংঃধহফরহম হরঃং) ৫% ছাড়িয়ে যায়, তাহলে সম্পদ ব্যবস্থাপক কোম্পানী ৫% এর অতিরিক্ত রিডেম্পশন অনুরোধ নিষ্পত্তিতে সর্বোচ্চ ~~০৩ (তিন)~~ ০৭ (সাত) কার্যদিবস বিলম্ব করিতে পারিবে।<br><br>তবে শর্ত থাকে যে, মোট বকেয়া ইউনিটের (ড়ঁঃংঃধহফরহম হরঃং) ৫% এর অতিরিক্ত রিডেম্পশন (ৎবফবসঢ়ঃরড়হ) অনুরোধ যাহা নিষ্পত্তিতে বিলম্ব করা হইবে, তাহা সেই দিনের পুনঃক্রয় মূল্যে নিষ্পত্তি করিতে হইবে, যেইদিন প্রকৃতপক্ষে সম্পদ ব্যবস্থাপকের কাছে রিডেম্পশন (ৎবফবসঢ়ঃরড়হ) অনুরোধ জমা দেওয়া হয়েছিল। |
| **নবম অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ডের সাধারণ দায়িত্বসমূহ** | **নবম অধ্যায়**<br>**মিউচ্যুয়াল ফান্ডের সাধারণ দায়িত্বসমূহ** |
| **৬২। যথাযথ হিসাব বহি ও অন্যান্য দলিলপত্র রক্ষণাবেক্ষণ।**–<br><br>(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের যথাযথ হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র Securities and Exchange Rules, 1987 মোতাবেক রক্ষণাবেক্ষণ করিবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, হিসাব বহি এইরূপভাবে রক্ষণাবেক্ষণ করিতে হইবে যেন উহা হইতে যে কোনো সময় মিউচ্যুয়াল ফান্ডের লেনদেন ও আর্থিক অবস্থান সম্পর্কে জানিতে পারা যায়, বিশেষ করিয়া উক্ত ফান্ডের কার্যক্রম সম্পর্কে প্রকৃত ও সঠিক চিত্র যেন পাওয়া যায়ঃ<br><br>আরও শর্ত থাকে যে, যে স্থানে হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র সংরক্ষিত থাকিবে মিউচ্যুয়াল ফান্ড তাহা কমিশনকে অবহিত করিবে। | **৬২। যথাযথ হিসাব বহি ও অন্যান্য দলিলপত্র রক্ষণাবেক্ষণ।**–<br><br>(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের যথাযথ হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র Securities and Exchange Rules, 2020 ও প্রযোজ্য আইন ও IFRS/IAS মোতাবেক রক্ষণাবেক্ষণ করিবেঃ<br>তবে শর্ত থাকে যে, এই বিধির অধীন সংরক্ষণ করা হয় এমন যাবতীয় হিসাব বই, রেকর্ড ও দলিলপত্র ফান্ডের সূচনালগ্ন থেকে ১২ (বারো) বছর পর্যন্ত ~~তার কার্যালয়ে~~সংরক্ষণ করিতে হইবে।<br><br>আরও শর্ত থাকে যে, হিসাব বহি এইরূপভাবে রক্ষণাবেক্ষণ করিতে হইবে যেন উহা হইতে যে কোনো সময় মিউচ্যুয়াল ফান্ডের লেনদেন ও আর্থিক অবস্থান সম্পর্কে জানিতে পারা যায়, বিশেষ করিয়া উক্ত ফান্ডের কার্যক্রম সম্পর্কে প্রকৃত ও সঠিক চিত্র যেন পাওয়া যায়ঃ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাব রক্ষণের এইরূপ নীতিমালা ও মান অনুসরণ করিবে যাহাতে নিদিষ্ট মেয়াদান্তে স্কীমওয়ারী সম্পদ ও দায়ের বিস্তারিত ও যথাযথ বিবরণী এবং উক্ত মেয়াদের কর্মকান্ডসহ ইউনিট মালিকদের অনুকূলে জমাকৃত আয় সংক্রান্ত তথ্যাবলী সঠিক ও যথাযথভাবে জানা যায়। | আরও শর্ত থাকে যে, যে স্থানে হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র সংরক্ষিত থাকিবে মিউচ্যুয়াল ফান্ড তাহা কমিশনকে অবহিত করিবে।<br><br>(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাবরক্ষণের এইরূপ নীতিমালা ও মান অনুসরণ করিবে যাহাতে নিদিষ্ট মেয়াদান্তে স্কীমওয়ারী সম্পদ ও দায়ের বিস্তারিত ও যথাযথ বিবরণী এবং উক্ত মেয়াদের কর্মকান্ডসহ ইউনিট মালিকদের অনুকূলে জমাকৃত আয় সংক্রান্ত তথ্যাবলী সঠিক ও যথাযথভাবে জানা যায়। |
| **৬৩। হিসাব বৎসর**।-প্রত্যেক স্কীমের সূচনার তারিখ হইতে চলতি অর্থ বৎসরের শেষ তারিখ পর্যন্ত প্রথম হিসাব বৎসর এবং পরবর্তী অর্থ বৎসর পূর্ণ হিসাব বৎসর হিসাবে গণনা করা হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, প্রথম হিসাব বৎসরের সময় তিন মাসের কম হইলে সেই ক্ষেত্রে উক্ত সময় পরবর্তী পূর্ণ অর্থ বৎসরের সাথে যুক্ত করিয়া স্কীমের প্রথম হিসাব বৎসর গণনা করা হইবে। | **৬৩। হিসাব বৎসর**।-প্রত্যেক স্কীমের সূচনার তারিখ হইতে চলতি অর্থ বৎসরের শেষ তারিখ পর্যন্ত প্রথম হিসাব বৎসর এবং পরবর্তী অর্থ বৎসর পূর্ণ হিসাব বৎসর হিসাবে গণনা করা হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, প্রথম হিসাব বৎসরের সময় তিন মাসের কম হইলে সেই ক্ষেত্রে উক্ত সময় পরবর্তী পূর্ণ অর্থ বৎসরের সাথে যুক্ত করিয়া স্কীমের প্রথম হিসাব বৎসর গণনা করা হইবে। |
| **৬৪। আয়ের শ্রেণীবিন্যাস**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাবে মূলধনী লাভ এবং অন্যান্য আয় পৃথক পৃথকভাবে দেখাইবে। | **৬৪। আয়ের শ্রেণীবিন্যাস**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাবে মূলধনী লাভ এবং অন্যান্য আয় পৃথক পৃথকভাবে দেখাইবে এবং এক্ষেত্রে ট্রাস্ট ডীডে উল্লিখিত নির্দেশনা অনুসরণ করিতে হইবে। |
| **৬৫। ব্যয়ের সীমাবদ্ধতা**।–<br>(১) সকল ব্যয় স্পষ্টরূপে চিহ্নিত এবং প্রত্যেকটি স্কীমে বন্টিত হইতে হইবে।<br><br>(২) নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের নিকট বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি, যাহা প্রসপেক্টাসে উল্লেখ করা হইয়াছে, এবং উহার ব্যবস্থাপনাধীন বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড ও তার অধীনে ইস্যুকৃত স্কীমের নীট সম্পদের মোট পরিমানের উপর নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে দাবী করিতে পারিবে, যথাঃ-<br><br>(ক) নীট সম্পদের পরিমাণ পাঁচ কোটি টাকার বেশি না হইলে, সংশ্লিষ্ট স্কীমের হিসাব বৎসরের গড়পড়তা সাপ্তাহিক নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা আড়াই ভাগ হারে;<br><br>(খ) নীট সম্পদের পরিমাণ পাঁচ কোটি টাকার উর্দ্ধে কিন্তু পঁচিশ কোটি টাকার বেশি না হইলে, পাঁচ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা দুই ভাগ হারে; | **৬৫। ব্যয়ের সীমাবদ্ধতা**–<br>(১) সকল ব্যয় স্পষ্টরূপে প্রসপেক্টাসে খাতওয়ারীভাবে বর্ণিত থাকিতে হইবে।<br><br>(২) নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের নিকট হইতে বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি আদায় করিতে পারিবে, যাহা সংশ্লিষ্ট ফান্ড বা স্কীমের সংশ্লিষ্ট হিসাব বৎসরে ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের উপর বার্ষিক হারে গণনা করা হইবে এবং ত্রৈমাসিক মেয়াদ পূর্তিতে প্রাপ্য হইবে। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে।<br><br>(ক) নীট সম্পদের পরিমাণ দশ (১০) কোটি টাকার বেশি না হইলে, সংশ্লিষ্ট স্কীমের হিসাব বৎসরের গড়পড়তা সাপ্তাহিক নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা দুই ভাগ (২.০০%) হারে; |

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| (গ) নীট সম্পদের পরিমাণ পঁচিশ কোটি টাকার বেশি হইলে কিন্তু পঞ্চাশ কোটি টাকার বেশি না হইলে, পঁচিশ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা দেড় ভাগ হারে;<br><br>(ঘ) নীট সম্পদের পরিমাণ পঞ্চাশ কোটি টাকার বেশি হইলে তদুর্ধ টাকার নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা এক ভাগ হারেঃ<br><br>তবে শর্ত থাকে যে, যদি ক্রম বর্ধমান হারে ফি নেওয়া হয় তবে প্রতিটি স্কীমে গড় হারে নিতে হইবে;<br><br>(ঙ) স্পেশাল পার্পাস ফান্ড এর ক্ষেত্রে উপ-বিধি (২) এর দফা (ক), (খ), (গ) ও (ঘ) এ উল্লিখিত ফি প্রযোজ্য হইবে না, এই ক্ষেত্রে ফি নীট সম্পদের উপর শতকরা এক দশমিক পাঁচ ভাগ (১.৫%) পর্যন্ত করা যাইতে পারে:<br><br>তবে শর্ত থাকে যে, কমিশন বিশেষ ক্ষেত্রে উক্ত ফি এর হার বৃদ্ধি করিতে পারিবে:<br><br>আরও শর্ত থাকে যে, উল্লিখিত সকল ক্ষেত্রে পঞ্চম তফসিল [বিধি ৫৬ দ্রষ্টব্য] এ উল্লিখিত বিনিয়োগে বাধা-নিষেধ এর ক্রমিক নং ১০ পরিপালন করিতে হইবে। | (খ) নীট সম্পদের পরিমাণ দশ (১০) কোটি টাকার উর্দ্ধে কিন্তু পঁচিশ (২৫) কোটি টাকার বেশি না হইলে, দশ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা এক দশমিক সাত পাঁচ ভাগ (১.৭৫%) হারে;<br><br>(গ) নীট সম্পদের পরিমাণ পঁচিশ (২৫) কোটি টাকার বেশি হইলে কিন্তু পঞ্চাশ (৫০) কোটি টাকার বেশি না হইলে, পঁচিশ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা দেড় ভাগ (১.৫০%) হারে;<br><br>(ঘ) নীট সম্পদের পরিমাণ পঞ্চাশ (৫০) কোটি টাকার বেশি হইলে কিন্তু একশত (১০০) কোটি টাকার বেশি না হইলে, পঞ্চাশ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর তদুর্ধ টাকার নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা সোয়া এক ভাগ (১.২৫%) হারেঃ<br><br>(ঙ) নীট সম্পদের পরিমাণ একশত (১০০) কোটি টাকার বেশি হইলে তদুর্ধ টাকার নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা এক ভাগ (১.০০%) হারেঃ<br><br>তবে শর্ত থাকে যে, যদি ক্রম বর্ধমান হারে ফি নেওয়া হয় তবে প্রতিটি স্কীমে গড় হারে নিতে হইবে;<br><br>(চ) স্পেশাল পার্পাস ফান্ড এর ক্ষেত্রে উপ-বিধি (২) এর দফা (ক), (খ), (গ) ও (ঘ) এ উল্লিখিত ফি প্রযোজ্য হইবে না, এই ক্ষেত্রে ফি নীট সম্পদের উপর শতকরা এক দশমিক পাঁচ ভাগ (১.৫%) পর্যন্ত করা যাইতে পারে<br><br>তবে শর্ত থাকে যে, পরিদর্শন বা তদন্তের মাধ্যমে সম্পদ ব্যবস্থাপকের কার্যে অবহেলার কারণে কোন মিউচ্যুয়াল ফান্ডের তহবিল তছরূপ উৎঘাঠিত হইলে, কমিশন সিদ্ধান্ত মোতাবেক উক্ত বিষয়টি সূরাহা হওয়ার আগ পর্যন্ত সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডের উপর প্রাপ্য ব্যবস্থাপনা ফি প্রদান স্থগিত থাকিবে।<br><br>আরও শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া কমিশন ব্যবস্থাপনা ফি স্থগিতের সিদ্ধান্ত গ্রহণ করিবে না; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | ~~সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের নিকট হইতে বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি আদায় করিতে পারিবে, যাহা সংশ্লিষ্ট ফান্ড বা স্কীমের সংশ্লিষ্ট হিসাব বৎসরে ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের (প্রাথমিক ইস্যু খরচ ব্যতীত) উপর বার্ষিক অনূর্ধ্ব ১.৫০% (শতকরা এক ভাগ) হারে গণনা করা হইবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে প্রাপ্য হইবে। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে।~~<br><br>~~তবে শর্ত থাকে যে, কমিশন বিশেষ ক্ষেত্রে উক্ত ফি এর হার বৃদ্ধি করিতে পারিবে:~~ |
| (৩) উপ-বিধি (২) এ উল্লিখিত ফি ব্যতীত, সম্পদ ব্যবস্থাপক নিম্নবর্ণিত ব্যয়সমূহও মিউচ্যুয়াল ফান্ড হইতে আদায় করিতে পারিবে, যথাঃ-<br><br>(ক) মিউচ্যুয়াল ফান্ড ও উহার স্কীমসমূহের সূচনাকালে ব্যয়িত প্রাথমিক ইস্যু খরচের অবসায়ন (amortization) যাহা মেয়াদি ক্ষেত্রে পূর্ণ মেয়াদ এবং বেমেয়াদি ক্ষেত্রে সাত বৎসর সময়ের মধ্যে করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, প্রাথমিক ইস্যু খরচ কোনো স্কীমের সংগৃহীত তহবিলের শতকরা পাঁচ ভাগের বেশি হইবে না, যাহার প্রক্কলিত খাত ওয়ারী বিভাজন প্রসপেক্টাসে উল্লেখ করিতে হইবে;<br><br>(খ) নিম্ন বর্ণিত ব্যয়সহ নিয়মিত ব্যয়সমূহ, যথাঃ-<br><br>(অ) ট্রাস্টি ও হেফাজতকারিকে প্রদত্ত ফি, ব্যাংক চার্জ, ব্রোকারেজ কমিশন, বিপণন ও বিক্রয় ব্যয়;<br><br>(আ) লিস্টিং ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইউনিট সংক্রান্ত অন্যান্য খরচ। | (৩) কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি তাহার দায়-দায়িত্ব পরিপালনের জন্য ট্রাস্ট/ফান্ড হইতে ফি আদায় করিতে পারিবে, যাহা সংশ্লিষ্ট ফান্ড অথবা স্কীমের সংশ্লিষ্ট হিসাব বৎসরে ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের (প্রাথমিক ইস্যু খরচ ব্যতীত) উপর বার্ষিক অনূর্ধ্ব ০.১০% (শতকরা দশমিক এক ভাগ) হারে ষান্মাসিক ভিত্তিতে মেয়াদ পূর্তিতে প্রাপ্য হইবে। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, পরিদর্শন অথবা তদন্তের মাধ্যমে ট্রাস্টির কার্যে অবহেলার কারণে কোন মিউচ্যুয়াল ফান্ডের তহবিল তছরূপ উৎঘাঠিত হইলে, কমিশন সিদ্ধান্ত মোতাবেক উক্ত বিষয়টি সূরাহা হওয়ার আগ পর্যন্ত সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডের উপর প্রাপ্য ট্রাস্টি ফি প্রদান স্থগিত থাকিবে।<br><br>আরও শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া কমিশন ট্রাস্টি ফি স্থগিতের সিদ্ধান্ত গ্রহণ করিবে না; |

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | (৪) কোনো মিউচ্যুয়াল ফান্ডের হেফাজতকারি তাহার দায়-দায়িত্ব পরিপালনের জন্য ট্রাস্ট/ফান্ড হইতে ফি আদায় করিতে পারিবে, যাহা সংশ্লিষ্ট ফান্ড অথবা স্কীমের সংশ্লিষ্ট হিসাব বৎসরে ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের (প্রাথমিক ইস্যু খরচ ব্যতীত) উপর বার্ষিক অনূর্ধ্ব ০.১০% (শতকরা দশমিক এক ভাগ) হারে ষান্মাসিক ভিত্তিতে মেয়াদ পূর্তিতে প্রাপ্য হইবে। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে।<br>কোনো ফান্ড অথবা স্কিমের হিসাবরক্ষণ কার্যক্রম পরিচালনা করে দৈনিক নেট এসেট ভ্যালু (NAV) গণনা ও প্রকাশ করার জন্য অথবা সমন্বিত বি.ও বা বিনিয়োগ হিসেবের মাধ্যমে অথবা অন্য কোনোভাবে ইউনিটহোল্ডারদের বিনিয়োজিত ইউনিট ধারণ করার জন্য, অন্য কোনো সুনির্দিষ্ট ফান্ড পরিচালনা কার্যক্রম পালনের জন্য ট্রাস্টির অনুমোদনক্রমে, হেফাজতকারী ট্রাস্ট/ফান্ড হইতে আলাদাভাবে ফান্ড অ্যাডমিনিস্ট্রেশন ফি আদায় করিতে পারিবে, যাহা সংশ্লিষ্ট ফান্ড বা স্কীমের সংশ্লিষ্ট হিসাব বৎসরে ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের (প্রাথমিক ইস্যু খরচ ব্যতীত) উপর যথাক্রমে বার্ষিক অনূর্ধ্ব ০.০৩% (শতকরা দশমিক শূন্য তিন ভাগ) এবং ০.০৭% (শতকরা দশমিক শূন্য সাত ভাগ) হারে ষান্মাসিক ভিত্তিতে মেয়াদ পূর্তিতে প্রাপ্য হইবে। বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইতে পারে।<br><br>তবে শর্ত থাকে যে, পরিদর্শন অথবা তদন্তের মাধ্যমে হেফাজতকারির কার্যে অবহেলার কারণে কোন মিউচ্যুয়াল ফান্ডের তহবিল তছরূপ উৎঘাঠিত হইলে, কমিশন সিদ্ধান্ত মোতাবেক উক্ত বিষয়টি সূরাহা হওয়ার আগ পর্যন্ত সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডের উপর প্রাপ্য হেফাজতকারির ফি প্রদান ~~স্তগিত~~ স্থগিত থাকিবে।<br><br>আরও শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া কমিশন হেফাজতকারির ফি ~~স্তগিতের~~ স্থগিতের সিদ্ধান্ত গ্রহণ করিবে না;<br><br>~~**(৫) কর্মদক্ষতা ফি** (Performance fee): সম্পদ ব্যবস্থাপক যদি তাহার অধীন সংশ্লিষ্ট ফান্ড বা স্কীম হইতে বিধি ৬৭ অনুযায়ী কোনো প্রকার প্রভিশন ঘাটতি না রাখিয়া পরপর ০২ (দুই) বৎসর ১৫% বা এর বেশি হারে নগদ লভ্যাংশ ঘোষণা করিতে পারে তবে উক্ত~~ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | ~~বৎসরে ফান্ড হইতে পারফরম্যান্স বোনাস আদায় করিতে পারিবে। উক্ত পারফরম্যান্স বোনাস এর হার সর্বশেষ পরিশোধিত লভ্যাংশের উপর শতকরা তিন (৩%) ভাগ হারে প্রাপ্য হইবে।~~<br><br>(৬) উপ-বিধি (২), (৩) ও (৪) ~~(৫)~~ এ উল্লিখিত ফি ব্যতীত, সম্পদ ব্যবস্থাপক নিম্নবর্ণিত ব্যয়সমূহও মিউচ্যুয়াল ফান্ড হইতে আদায় করিতে পারিবে, যথাঃ-<br><br>(ক) মিউচ্যুয়াল ফান্ড ও উহার স্কীমসমূহের সূচনাকালে ব্যয়িত প্রাথমিক ইস্যু খরচের অবসায়ন (amortization) যাহা মেয়াদি এবং বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসর সময়ের মধ্যে করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, মুনাফার আধিক্য থাকা সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক কোম্পানী প্রাথমিক ইস্যু খরচের অবসায়ন ০৫ (পাঁচ) বৎসর কম সময়ের মধ্যেও করিতে পারিবে:<br><br>আরও শর্ত থাকে যে, প্রাথমিক ইস্যু খরচ কোনো স্কীমের সংগৃহীত তহবিলের শতকরা ০৩ (তিন) ভাগের বেশি হইবে না, যাহার প্রক্কলিত খাত ওয়ারী বিভাজন প্রসপেক্টাসে উল্লেখ করিতে হইবে;<br><br>(খ) নিম্ন বর্ণিত ব্যয়সহ নিয়মিত ব্যয়সমূহ, যথাঃ-<br><br>(অ) ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংক চার্জ, বার্ষিক ফি, সিডিবিএল ফি, অডিট ফি, বিতরণ (Distribution), বিজ্ঞাপন (Advertisement) ও প্রচারণা (Promotion), বিপণন (Maketing) ও বিক্রয় (Sales) ব্যয়, ফান্ডের রিপোর্ট ও সাময়িকি প্রকাশনা ব্যয়, ইউনিটহোল্ডারদের মিটিং আয়োজন ব্যয়, শরিয়াহ মিটিং আয়োজনের ব্যয়, শরিয়াহ কমিটির সদস্যদের ফি, ইনডেক্স অথবা সূচক সার্ভিস ফি<br><br>(আ) লিস্টিং ফি (প্রযোজ্য ক্ষেত্রে) , বিধিমালা ও ট্রাস্ট ডীড দ্বারা বৈধ অন্যান্য খরচ। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
| --- | --- |
| | (ই) ইউনিটধারীদের e-KYC সেবা অথবা BO হিসাবের বিপরীতে কেন্দ্রীয়ভাবে দেয়া ফি সমূহ;<br><br>(৭) সম্পদ ব্যবস্থাপক কোম্পানী মিউচ্যুয়াল ফান্ডের বিশদ আয় বিবরনীতে উক্ত ফান্ডের লেনদেন ব্যয় (ব্রোকারেজ কমিশন) চার্জ করিতে পারিবে না। সম্পদ ব্যবস্থাপক কোম্পানী সিকিউরিটিজ ক্রয় বা বিক্রয়ের সময় সংগঠিত লেনদেন ব্যয় (ব্রোকারেজ কমিশন) সিকিউরিটিজের ক্রয়মূল্য বা বিক্রয়মূল্যের সাথে সমন্বয়পূর্বক ফান্ডের আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শন করিবে।<br><br>(৮) সম্পদ ব্যবস্থাপক কোম্পানীর আইনি ব্যয় মিউচ্যুয়াল ফান্ডের আয়ের বিপরীতে চার্জ করা যাইবে না।<br><br>(৯) ফান্ড বা স্কীমে ~~প্রাথমিক ইস্যু ব্যয় ও~~ বিনিয়োগের ফেয়ার ভ্যালু হ্রাসের সঞ্চিতি ছাড়া বার্ষিক মোট ব্যয় হিসাব বর্ষের ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের ~~(প্রাথমিক ইস্যু খরচ ব্যতীত)~~ শতকরা তিন (৩%) ভাগের বেশি হইবে না। ফিক্সড ইনকাম এবং মানি মার্কেট ফান্ড অথবা স্কীমের ক্ষেত্রে উক্ত বার্ষিক মোট ব্যয় হিসাব বর্ষের ফেয়ার ভ্যালুতে (Fair Value) মূল্যায়িত গড়পড়তা দৈনিক নীট সম্পদের (প্রাথমিক ইস্যু খরচ ব্যতীত) শতকরা দুই (২%) ভাগের বেশি হইবে না। এই সীমার অতিরিক্ত ব্যয় হইলে, সম্পদ ব্যবস্থাপকের কাছ থেকে সংশ্লিষ্ট ফান্ড বা স্কিমের অনুকূলে পরবর্তী হিসাব-বছরে আদায় অথবা সমন্বয়যোগ্য হইবে।<br><br>(১০) বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে। |
| **৬৬। লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।-** প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর প্রত্যেকটি স্কীমের বিপরীতে উক্ত স্কীমের ইউনিট মালিকগণের মধ্যে এই বিধিমালার আলোকে ও ট্রাস্টির মতামত সাপেক্ষে প্রসপেক্টাস (Prospectus) অথবা অফার ডকুমেন্ট (Offer Document) এ বর্ণিত লভ্যাংশ সংক্রান্ত ঘোষণা মোতাবেক নগদ লভ্যাংশ অথবা রি-ইনভেস্টমেন্ট অথবা উভয় অপশন বিতরণের ঘোষণা করিবে যাহার পরিমাণ উক্ত স্কীমের বার্ষিক লাভের শতকরা সত্তর ভাগ (৭০%) এর কম হইবে না। উলেস্নখ্য, কমিশন | **৬৬। লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।-**<br><br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর প্রত্যেকটি স্কীমের বিপরীতে উক্ত স্কীমের ইউনিট মালিকগণের মধ্যে এই বিধিমালা ~~ও ট্রাস্ট ডীডে~~ বর্ণিত নির্দেশনার আলোকে এবং ট্রাস্টির সিদ্ধান্ত সাপেক্ষে ~~প্রসপেক্টাস (Prospectus) অথবা অফার ডকুমেন্ট (Offer Document) এ বর্ণিত লভ্যাংশ সংক্রান্ত ঘোষণা মোতাবেক~~ নগদ লভ্যাংশ বিতরণের ঘোষণা করিবে যাহার পরিমাণ ~~উক্ত ফান্ডের বার্ষিক লাভের শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) এর~~ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| কর্তৃক নিবন্ধনকৃত সকল মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এর ক্ষেত্রে অত্র বিধি/বিধান প্রযোজ্য হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, যেই সকল বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীমের প্রকৃতি ও সম্ভাবনা সম্পর্কে শুরুতেই বিনিয়োগকারীদের সম্পূর্ণরূপে জানানো হইয়াছিল উহাদের ক্ষেত্রে উক্ত লভ্যাংশ প্রদানের হার বার্ষিক লাভের অন্ততঃ শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) এর কম হইবে না:<br><br>আরও শর্ত থাকে যে, উক্ত লভ্যাংশ সিদ্ধান্ত গ্রহণের পঁয়তাল্লিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের নিকট বিতরণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারির নিকট দাখিল করিতে হইবে। | ~~কম হইবে না। সকল~~ মেয়াদি (closed-end) স্কিম অথবা ফান্ডের ক্ষেত্রে ~~লভ্যাংশ প্রদানের হার~~ ইউনিট-প্রতি বার্ষিক রিয়েলাইজড লাভের অন্ততঃ শতকরা সত্তর ভাগ (৭০%)-এর কম হইবে না:<br><br>সকল বে-মেয়াদী (Open-end) স্কীম অথবা ফান্ডের ক্ষেত্রে, লভ্যাংশ প্রদানের হার ভার আরোপিত ইউনিট-প্রতি বার্ষিক রিয়েলাইজড লাভের অথবা Weighted Average Realized Profit Per Unit এর অন্ততঃ শতকরা ত্রিশ ভাগ (৩০%) এর কম হইবে না:<br><br>আরও শর্ত থাকে যে, ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হইতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে ইউনিট মালিকগণের নিকট বিতরণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারির নিকট দাখিল করিতে হইবে।<br><br>বিদ্যমান সকল ফান্ডের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে। |
| **৬৭। অবচয়, সঞ্চিতি ইত্যাদি।**-(১) কোনো স্কীমের লভ্যাংশ ঘোষণার পূর্বে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড, উহার নিরীক্ষকদের সন্তোষানুযায়ী, বিনিয়োগের ক্রয় মূল্য অপেক্ষা বাজার মূল্য কমিয়া যাওয়ার কারণে উদ্‌ভূত ক্ষতির জন্য প্রভিশনের (provisioning) ব্যবস্থা রাখিবে, এবং উক্ত সঞ্চিতি নির্ণয়ের পদ্ধতি হিসাবের টীকায় উল্লেখ করিবে।<br><br>(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের আয় হইতে যথাযথ উপযোজনের মাধ্যমে একটি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করিবে। | **৬৭। অবচয়, সঞ্চিতি ইত্যাদি।**-(১) কোনো স্কীমের লভ্যাংশ ঘোষণার পূর্বে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড, বিনিয়োগের ক্রয় মূল্য অপেক্ষা বাজার মূল্য কমিয়া যাওয়ার কারণে উদ্‌ভূত ক্ষতির জন্য এই বিধিমালার ষষ্ঠ শিডিউলের সংযোজনী- ২-এর আলোকে ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) এবং ট্রাস্ট ডীডে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রভিশনের (provisioning) ব্যবস্থা রাখিবে, এবং উক্ত প্রভিশনের নির্ণয়ের পদ্ধতি হিসাবের টীকায় উল্লেখ করিবে। তবে শর্ত থাকে যে, স্কীমের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে প্রভিশনের ব্যাপারে কোনো ঘাটতি (পুঞ্জীভূত ঘাটতিসহ) ছিল না মর্মে নিরীক্ষকের স্পষ্ট মতামত থাকিতে হইবে।<br><br>(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের আয় হইতে যথাযথ উপযোজনের মাধ্যমে একটি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করিবে। |
| **৬৮। নিরীক্ষকের প্রতিবেদন।**- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের জন্য এমন একজন নিরীক্ষক নিযুক্ত হইবেন যিনি ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক নহেন।<br><br>(২) নিরীক্ষক ট্রাস্টি কর্তৃক নিযুক্ত হইবেন। | **৬৮। নিরীক্ষকের প্রতিবেদন।**- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের জন্য কমিশনের প্যানেলভুক্ত এমন একজন নিরীক্ষক নিযুক্ত হইবেন যিনি ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক নহেন।<br><br>(২) নিরীক্ষক ট্রাস্টি কর্তৃক নিযুক্ত হইবেন। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৩) নিরীক্ষক Securities and Exchange Rules, 1987 মোতাবেক নিরীক্ষা কার্য সম্পন্ন পূর্বক উহাতে নির্দেশিত ফরমে ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারি ও কমিশনের নিকট তাহার প্রতিবেদন পেশ করিবেন এবং এই প্রতিবেদন মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনের অংশরূপে পরিগণিত হইবে। উক্ত প্রতিবেদনে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এবং ট্রাস্টির স্বাক্ষর থাকিতে হইবে।<br><br>(৪) নিরীক্ষকের প্রতিবেদনে, অন্যান্যদের মধ্যে, এই মর্মে মতামত থাকিতে হইবে যে, তিনি তাহার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাসমতে হিসাব নিরীক্ষণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কিনা; এবং ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব ও নগদান প্রবাহ বিবরণী যথাক্রমে স্কীমের সত্য ও ন্যায্য আর্থিক অবস্থা, হিসাবকালীন সময়ের ঘাটতি বা উদ্‌বৃত্ত ও নগদ অর্থ প্রবাহ প্রদর্শন করে কিনা, এবং এই বিধিমালার বিধি ৫৬ এর পঞ্চম তফসিলে বর্ণিত বিনিয়োগের বাধা নিষেধ অনুযায়ী স্কীমের অর্থ বিনিয়োগ করা হইয়াছে কিনা;<br><br>(৫) প্রয়োজনে কমিশন Securities and Exchange Rules, 1987 মোতাবেক যে কোনো মিউচ্যুয়াল ফান্ডের জন্য বিশেষ নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে। | (৩) নিরীক্ষক Securities and Exchange Rules, 2020 ও সংশ্লিষ্ট আইন ও বিঁধিমালা মোতাবেক নিরীক্ষা কার্য সম্পন্ন পূর্বক উহাতে নির্দেশিত ফরমে ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারি ও কমিশনের নিকট তাহার প্রতিবেদন পেশ করিবেন এবং এই প্রতিবেদন মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনের অংশরূপে পরিগণিত হইবে। উক্ত প্রতিবেদনে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এবং ট্রাস্টির স্বাক্ষর থাকিতে হইবে।<br><br>(৪) নিরীক্ষকের প্রতিবেদনে, অন্যান্যদের মধ্যে, এই মর্মে মতামত থাকিতে হইবে যে, তিনি তাহার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাসমতে হিসাব নিরীক্ষণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কিনা; এবং আর্থিক অবস্থার বিবরণী, বিশদ আয় বিবরণী ও নগদান প্রবাহ বিবরণী যথাক্রমে স্কীমের সত্য ও ন্যায্য আর্থিক অবস্থা, হিসাবকালীন সময়ের ঘাটতি অথবা উদ্‌বৃত্ত ও নগদ অর্থ প্রবাহ প্রদর্শন করে কিনা, এবং এই বিধিমালার বিধি ৫৬ এর পঞ্চম তফসিলে বর্ণিত বিনিয়োগের বাধা নিষেধ অনুযায়ী স্কীমের অর্থ বিনিয়োগ করা হইয়াছে কিনা; এই বিধিমালার বিধি ৬৭ অনুযায়ী প্রভিশনিং করা হয়েছে কিনা, ৬৫(৯) অনুযায়ী বার্ষিক মোট ব্যয় নির্দিষ্ট সীমার মধ্যে ছিল কিনা এবং বিধি মোতাবেক ব্যাংক আমানতসহ Related Party Transactions-সহ অন্যান্য বিষয় সম্পর্কে মতামত প্রদান করা হয়েছে কিনা;<br><br>(৫) প্রয়োজনে কমিশন Securities and Exchange Rules, 2020 মোতাবেক যে কোনো মিউচ্যুয়াল ফান্ডের জন্য বিশেষ নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে। |
| **৬৯। বার্ষিক প্রতিবেদন ও উহার সার সংক্ষেপ প্রকাশনা।**- সংশ্লিষ্ট হিসাব বৎসর সমাপ্তির পঁয়তালিশ দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্কীমওয়ারী বার্ষিক প্রতিবেদন বা উহার সার-সংক্ষেপ বিজ্ঞাপন আকারে প্রকাশ করিতে হইবেঃ<br><br>তবে শর্ত থাকে যে, ষষ্ঠ তফসিল ও সপ্তম তফসিল এ বর্ণিত সকল বিষয়ে তথ্যাদির পাশাপাশি সেই সকল তথ্যও বার্ষিক প্রতিবেদন বা উহার সার সংক্ষেপে থাকিতে হইবে যাহা মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরিবেঃ<br><br>আরও শর্ত থাকে যে, যখনই কোনো প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রকাশিত হইবে তখন উহার টীকায় উল্লেখ করিতে হইবে যে, মিউচ্যুয়াল ফান্ডের প্রধান কার্যালয়ে পূর্ণাঙ্গ | **৬৯। বার্ষিক প্রতিবেদন ও উহার সার সংক্ষেপ প্রকাশনা।**- সংশ্লিষ্ট হিসাব বৎসর সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্কীমওয়ারী বার্ষিক প্রতিবেদন অথবা উহার সার-সংক্ষেপ বিজ্ঞাপন আকারে প্রকাশ করিতে হইবে। বিশেষ ক্ষেত্রে কমিশন প্রয়োজন মনে করিলে উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।<br><br>তবে শর্ত থাকে যে, ষষ্ঠ তফসিল ও সপ্তম তফসিল এ বর্ণিত সকল বিষয়ে তথ্যাদির পাশাপাশি সেই সকল তথ্যও বার্ষিক প্রতিবেদন অথবা উহার সার সংক্ষেপে থাকিতে হইবে যাহা মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরিবেঃ |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| প্রতিবেদন দেখার জন্য পাওয়া যাইবে এবং মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পূর্ব নির্ধারিত নামমাত্র মূল্যের বিনিময়ে উক্ত প্রতিবেদনের কপি সংগ্রহ করা যাইবে। | আরও শর্ত থাকে যে, যখনই কোনো প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রকাশিত হইবে তখন উহার টীকায় উল্লেখ করিতে হইবে যে, মিউচ্যুয়াল ফান্ডের প্রধান কার্যালয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেখার জন্য পাওয়া যাইবে এবং এর সম্পদ ব্যবস্থাপকের ওয়েবসাইটেও উহা পাওয়া যাইবে। |
| **৭০। কমিশনের নিকট তথ্য প্রকাশ।**–<br><br>(১) কমিশন নির্দেশ দিলে, কোনো মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারি কমিশনের নিকট প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ এবং দলিলপত্র পেশ করিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া, মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ পেশ করিবে, যথাঃ-<br><br>(ক) বর্ষ সমাপ্তির তিন মাসের মধ্যে, বৎসরে একবার করিয়া, মিউচ্যুয়াল ফান্ড ও উহার প্রত্যেকটি স্কীমের যথাযথভাবে নিরীক্ষিত হিসাব বিবরণীর কপি, যাহার মধ্যে স্থিতিপত্র, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী থাকিবে;<br>(খ) অর্ধ বর্ষ সমাপ্তির পঁয়তাল্লিশ দিনের মধ্যে অনিরীক্ষিত ষান্মাসিক হিসাব বিবরণীর কপি;<br><br>(গ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ত্রিশ দিনের মধ্যে মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেকটি স্কীমের নীট সম্পদের অবস্থান পরিবর্তন সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী;<br><br>(ঘ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ত্রিশ দিনের মধ্যে একটি ত্রৈমাসিক পোর্টফোলিও বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের বিগত সময়কাল হইতে পরিবর্তনসমূহ অন্তর্ভূক্ত থাকিবে। | **৭০। কমিশনের নিকট তথ্য প্রকাশ।**–<br><br>(১) কমিশন নির্দেশ দিলে, কোনো মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারি কমিশনের নিকট প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ এবং দলিলপত্র পেশ করিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া, মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ পেশ করিবে, যথাঃ-<br><br>(ক) বর্ষ সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে, বৎসরে একবার করিয়া, মিউচ্যুয়াল ফান্ড ও উহার প্রত্যেকটি স্কীমের যথাযথভাবে নিরীক্ষিত হিসাব বিবরণীর কপি, যাহার মধ্যে আর্থিক অবস্থার বিবরণী, বিশদ আয় বিবরণী, নগদান প্রবাহ বিবরণী, মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী এবং আর্থিক বিবরণীর টিকাসমূহ ও গুরুত্বপূর্ণ হিসাবের নীতিমালা থাকিবে;<br>(খ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনিরীক্ষিত ত্রৈমাসিক হিসাব বিবরণীর কপি যাহার মধ্যে আর্থিক অবস্থার বিবরণী, বিশদ আয় বিবরণী, নগদান প্রবাহ বিবরণী, মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী এবং আর্থিক বিবরণীর টিকাসমূহ ও গুরুত্বপূর্ণ হিসাবের নীতিমালা থাকিবে;<br><br>(গ) প্রতি মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ~~০৭ (সাত)~~ ১০ (দশ) কার্যদিবসের দিনের মধ্যে একটি মাসিক পোর্টফোলিও বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের বিগত সময়কাল হইতে পরিবর্তনসমূহ অন্তর্ভূক্ত থাকিবে।<br><br>(ঘ) প্রতি মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ০৭ (সাত) ~~দিনের~~ কার্যদিবসের মধ্যে বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডের একটি মাসিক বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের প্রতি কার্যদিবসের নতুন ইউনিট ইস্যু (হর্ব ঁহরঃ রংংঁব) , মুলধন সংগ্রহ (পধঢ়রঃধষ ৎবপবরাবফ), |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| | ইউনিট পুনঃক্রয় (হরঃ ৎবঢ়ঁৎপযধংবফ) এবং মুলধন প্রত্যাবর্তন (পধঢ়রঃধষ ৎবফববসবফ) পরিমান অন্তর্ভূক্ত থাকিবে।<br><br>(৩) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত ছকে ইউনিটহোল্ডারদের জন্য ফান্ডের পূর্নাঙ্গ পোর্টফোলিও বিবরণী প্রকাশ করিবে এবং সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (বিন-ংরঃব) আপলোড করিবে।<br><br>(৪ ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফান্ডের অনিরীক্ষিত ত্রৈমাসিক হিসাব বিবরণীর কপি সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (বিন-ংরঃব) আপলোড করিবে।<br><br>(৫) বর্ষ সমাপ্তির ~~০৭ (সাত)~~ ১৫ (পনের) দিনের মধ্যে, মিউচ্যুয়াল ফান্ড ও উহার প্রত্যেকটি স্কীমের সকল ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংক হিসাবের পূর্ববতী ০১ (এক) বৎসরের হিসাব বিবরণীর কপি যথাযথ ~~ব্যাংক~~ কর্তৃপক্ষের সত্যায়নপূর্বক কমিশনে দাখিল করিতে হইবে। |
| ৭১। **বিনিয়োগকারীদের নিকট তথ্য প্রকাশ**।- যে সকল কারণে বিনিয়োগ হইতে ইপ্সিত আয় অর্জন সম্ভব হয় নাই সেই সকল কারণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি কমিশন ও বিনিয়োগকারীগণকে নিয়মিতভাবে অবহিত করিবে। | ৭১। **বিনিয়োগকারীদের নিকট তথ্য প্রকাশ**।- যে সকল কারণে বিনিয়োগ হইতে ইপ্সিত আয় অর্জন সম্ভব হয় নাই সেই সকল কারণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি কমিশন ও বিনিয়োগকারীগণকে নিয়মিতভাবে অবহিত করিবে। |
| ৭২। **বার্ষিক প্রতিবেদন কমিশনের নিকট দাখিলকরণ**।-প্রত্যেক হিসাব বৎসর সমাপ্তির পর নববই দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট উহার বার্ষিক প্রতিবেদন এবং মিউচ্যুয়াল ফান্ডের বিনিয়োগ ও সঞ্চয়সহ সকল বিষয়ে বিস্তারিত বিবরণ পেশ করিবে যাহাতে উক্ত মিউচ্যুয়াল ফান্ডের সমগ্র স্কীমওয়ারী পোর্টফোলিও সম্পর্কে কমিশন অবহিত হইতে পারে। | ৭২। **বার্ষিক প্রতিবেদন কমিশনের নিকট দাখিলকরণ**।-প্রত্যেক হিসাব বৎসর সমাপ্তির পর নব্বই দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট উহার বার্ষিক প্রতিবেদন এবং মিউচ্যুয়াল ফান্ডের বিনিয়োগ ও সঞ্চয়সহ সকল বিষয়ে বিস্তারিত বিবরণ পেশ করিবে যাহাতে উক্ত মিউচ্যুয়াল ফান্ডের সমগ্র স্কীমওয়ারী পোর্টফোলিও সম্পর্কে কমিশন অবহিত হইতে পারে। |
| ৭৩। **অর্ধ-বার্ষিক আর্থিক ফলাফল প্রকাশ**।- প্রত্যেক অর্ধ-বর্ষ সমাপ্তির পর ত্রিশ দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার ষাম্মাসিক আর্থিক ফলাফল কমিশন ও সংশ্লিষ্ট ষ্টক-এক্সচেঞ্জ এর নিকট দাখিল করাসহ একটি বহুল প্রচারিত জাতীয় বাংলা দৈনিক খবরের কাগজে বিজ্ঞাপন আকারে প্রকাশ করিবে; উহাতে সপ্তম তফসিল এ বর্ণিত সকল তথ্যসহ সেই সকল তথ্যের উল্লেখ থাকিবে যাহা উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরার জন্য প্রয়োজনীয়। | ৭৩। **অর্ধ-বার্ষিক আর্থিক ফলাফল প্রকাশ**।- প্রত্যেক অর্ধ-বর্ষ সমাপ্তির পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার ষাম্মাসিক আর্থিক ফলাফল কমিশন ও সংশ্লিষ্ট ষ্টক-এক্সচেঞ্জ এর নিকট দাখিল করাসহ একটি বহুল প্রচারিত জাতীয় বাংলা দৈনিক খবরের কাগজে বিজ্ঞাপন আকারে প্রকাশ করিবে; উহাতে সপ্তম তফসিল এ বর্ণিত সকল তথ্যসহ সেই সকল তথ্যের উল্লেখ থাকিবে যাহা উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরার জন্য প্রয়োজনীয়। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **৭৪। মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি ক্রয় ও বিক্রয়।–**<br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড সরবরাহের ভিত্তিতে সিকিউরিটি ক্রয় বিক্রয় করিবে এবং ক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটির সরবরাহ গ্রহণ এবং বিক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটির সরবরাহ প্রদান করিবে এবং কোনো ক্ষেত্রেই ঘাটতি বিক্রয় বা আগাম লেনদেন বা বদলা অর্থায়নে নিয়োজিত হইবে না।<br><br>(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার নিজ নামে সংশ্লিষ্ট স্কীমের হিসাবে সিকিউরিটিজ ক্রয় বা হস্তান্তর করিবে। | **৭৪। মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি ক্রয় ও বিক্রয়।–**<br>(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড সরবরাহের ভিত্তিতে সিকিউরিটি ক্রয় বিক্রয় করিবে এবং ক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটির সরবরাহ গ্রহণ এবং বিক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটির সরবরাহ প্রদান করিবে এবং কোনো ক্ষেত্রেই ঘাটতি বিক্রয় অথবা আগাম লেনদেন অথবা বদলা অর্থায়নে নিয়োজিত হইবে না।<br><br>(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার নিজ নামে সংশ্লিষ্ট স্কীমের হিসাবে সিকিউরিটিজ ক্রয় অথবা হস্তান্তর করিবে।<br><br>(৩) কোনো নির্দিষ্ট ফান্ড অথবা স্কিম বিনিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য একটিমাত্র বেনেফিশিয়ারী অওনার্স (BO) হিসাব রাখতে পারিবে এবং কোনো Linked Account রাখতে পারিবে না |
| **দশম অধ্যায়**<br>**পরিদর্শন** | **দশম অধ্যায়**<br>**পরিদর্শন** |
| **৭৫। কমিশনের পরিদর্শন ক্ষমতা।–**<br>(১) উপ-বিধি (২) এ বর্ণিত যে কোনো উদ্দেশ্যে কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারির হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র পরিদর্শনের জন্য কমিশন পরিদর্শন কর্মকর্তা হিসাবে এক বা একাধিক ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিদর্শনের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথাঃ-<br><br>(ক) হিসাব বহি ও অন্যান্য বহি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;<br><br>(খ) আইন ও বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা;<br><br>(গ) অধিগ্রহণের ক্ষেত্রে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের ভূমিকা পর্যালোচনা করা; | **৭৫। কমিশনের পরিদর্শন ক্ষমতা।**- (১) উপ-বিধি (২) এ বর্ণিত যে কোনো উদ্দেশ্যে কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারির হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র পরিদর্শনের জন্য কমিশন পরিদর্শন কর্মকর্তা হিসাবে দুই বা ততোধিক ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে।<br><br>(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিদর্শনের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথাঃ-<br><br>(ক) হিসাব বহি ও অন্যান্য বহি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;<br><br>(খ) আইন ও বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা;<br><br>(গ) অধিগ্রহণের ক্ষেত্রে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি অথবা সম্পদ ব্যবস্থাপকের ভূমিকা পর্যালোচনা করা; |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (ঘ) মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারির কর্ম কান্ডের সহিত সম্পর্কিত যে কোনো ব্যাপারে বিনিয়োগকারী, অন্য মিউচ্যুয়াল ফান্ড, অথবা অন্য কোনো ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত অভিযোগ তদন্ত করা;<br><br>(ঙ) সিকিউরিটি ব্যবসায় বা বিনিয়োগকারীদের স্বার্থে স্বতঃপ্রণোদিতভাবে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারির কর্মকান্ড তদন্ত করা;<br><br>(চ) অন্য কোনো বিষয়ে কমিশন জনস্বার্থে প্রয়োজন বিবেচনা করিলে। | (ঘ) মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারির কর্ম কান্ডের সহিত সম্পর্কিত যে কোনো ব্যাপারে বিনিয়োগকারী, অন্য মিউচ্যুয়াল ফান্ড, অথবা অন্য কোনো ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত অভিযোগ তদন্ত করা;<br><br>(ঙ) সিকিউরিটি ব্যবসায় অথবা বিনিয়োগকারীদের স্বার্থে স্বতঃপ্রণোদিতভাবে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির কর্মকান্ড তদন্ত করা;<br><br>(চ) অন্য কোনো বিষয়ে কমিশন জনস্বার্থে প্রয়োজন বিবেচনা করিলে।<br><br>(৩) বিনিয়োগকারী অথবা সংশ্লিষ্ট যে কোনো পক্ষের স্বার্থে কমিশন এই বিধির অধীন যে কোনো পক্ষ অথবা সকল পক্ষের বিষয়ে পরিবদর্শন অথবা তদন্ত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে। |
| **৭৬। পরিদর্শন পূর্বে নোটিশ প্রদান।**–<br>(১) বিধি ৭৫ এর অধীন কোনো পরিদর্শন শুরু করার কমপক্ষে তিন দিন পূর্বে কমিশন মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা ক্ষেত্রমত, হেফাজতকারিকে তৎসম্পর্কে নোটিশ প্রদান করিবে।<br>(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন যদি মনে করে যে, বিনিয়োগকারীদের স্বার্থে উক্ত উপ-বিধিতে বর্ণিত নোটিশ প্রদান করা উচিৎ হইবে না, তাহা হইলে কমিশন কোনো নোটিশ প্রদান ছাড়াই সরাসারি লিখিত আদেশ দ্বারা মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারির বিধি ৭৫ এ উল্লিখিত বিষয়সমূহ পরিদর্শন করার নির্দেশ প্রদান করিতে পারিবে।<br>(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন কাজ পরিচালনা করিবে এবং যে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি সম্পর্কে পরিদর্শন করা হইবে সেই মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি বিধি ৭৭ এর অধীন উহার দায়িত্ব যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিবে। | **৭৬। পরিদর্শন পূর্বে নোটিশ প্রদান।**–<br>(১) বিধি ৭৫-এর অধীন কোনো পরিদর্শন শুরু করার কমপক্ষে ০৩ (তিন) কার্যদিবস পূর্বে কমিশন মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা ক্ষেত্রমত, হেফাজতকারিকে তৎসম্পর্কে নোটিশ প্রদান করিবে।<br><br>(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন যদি মনে করে যে, বিনিয়োগকারীদের স্বার্থে উক্ত উপ-বিধিতে বর্ণিত নোটিশ প্রদান করা উচিৎ হইবে না, তাহা হইলে কমিশন কোনো নোটিশ প্রদান ছাড়াই সরাসারি লিখিত আদেশ দ্বারা মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারির বিধি ৭৫ এ উল্লিখিত বিষয়সমূহ পরিদর্শন করার নির্দেশ প্রদান করিতে পারিবে।<br>(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন কাজ পরিচালনা করিবে এবং যে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি সম্পর্কে পরিদর্শন করা হইবে সেই মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি বিধি ৭৭ এর অধীন উহার দায়িত্ব যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিবে। |
| **৭৭। পরিদর্শনকালে মিউচ্যুয়াল ফান্ডের সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের দায়িত্ব।** (১) এই অধ্যায়ের অধীন যে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি সম্পর্কে পরিদর্শন করা হইবে উহার প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ তত্ত্বাবধান বা নিয়ন্ত্রণভূক্ত সকল হিসাব বহি, অন্যান্য কাগজপত্র এবং মিউচ্যুয়াল ফান্ডের কর্মকান্ড | **৭৭। পরিদর্শনকালে মিউচ্যুয়াল ফান্ডের সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের দায়িত্ব।**(১) এই অধ্যায়ের অধীন যে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি সম্পর্কে পরিদর্শন করা হইবে উহার প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ তত্ত্বাবধান অথবা নিয়ন্ত্রণভূক্ত সকল হিসাব বহি, অন্যান্য কাগজপত্র এবং মিউচ্যুয়াল ফান্ডের |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| সম্পর্কিত বিবরণ ও তথ্য পরিদর্শন কর্মকর্তার নিকট তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পেশ করিতে বাধ্য থাকিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুন্ন না করিয়া সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড এবং উহার সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের অফিস চলাকালীন সময়ে উক্ত অফিস ও উহার সহিত সম্পৃক্ত অন্যান্য অফিসে পরিদর্শন কর্মকর্তা বা উহার পক্ষে অন্য কোনো ব্যক্তির প্রবেশাধিকার থাকিবে এবং উক্ত কর্মকর্তা বা ব্যক্তির চাহিদা মোতাবেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার পক্ষে অন্য কোনো ব্যক্তির নিয়ন্ত্রিত হিসাব বহি, রেকর্ড, দলিলপত্র এবং কম্পিউটার ডাটা পরীক্ষা করার এবং দলিলাদি অথবা অন্যান্য জিনিসপত্র কপি বা জব্দ করার অধিকার থাকিবে।<br><br>(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শনকালে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির যে কোনো সদস্য, পরিচালক, কর্মচারী বা সংশ্লিষ্ট কাজের সহিত জড়িত যে কোনো ব্যক্তির কাগজপত্র ও দলিলপত্র পরীক্ষা করিতে পারিবে।<br><br>(৪) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারির প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব হইবে পরিদর্শন কর্মকর্তাকে পরিদর্শন সম্পর্কিত কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা। | কর্মকান্ড সম্পর্কিত বিবরণ ও তথ্য পরিদর্শন কর্মকর্তার নিকট তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পেশ করিতে বাধ্য থাকিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড এবং উহার সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের অফিস চলাকালীন সময়ে উক্ত অফিস ও উহার সহিত সম্পৃক্ত অন্যান্য অফিসে পরিদর্শন কর্মকর্তা অথবা উহার পক্ষে অন্য কোনো ব্যক্তির প্রবেশাধিকার থাকিবে এবং উক্ত কর্মকর্তা অথবা ব্যক্তির চাহিদা মোতাবেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার পক্ষে অন্য কোনো ব্যক্তির নিয়ন্ত্রিত হিসাব বহি, রেকর্ড, দলিলপত্র এবং কম্পিউটার ডাটা পরীক্ষা করার এবং দলিলাদি অথবা অন্যান্য জিনিসপত্র কপি বা জব্দ করার অধিকার থাকিবে।<br><br>(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শনকালে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির যে কোনো সদস্য, পরিচালক, কর্মচারী অথবা সংশ্লিষ্ট কাজের সহিত জড়িত যে কোনো ব্যক্তির কাগজপত্র ও দলিলপত্র পরীক্ষা করিতে পারিবে।<br><br>(৪) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারির প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব হইবে পরিদর্শন কর্মকর্তাকে পরিদর্শন সম্পর্কিত কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা। |
| ৭৮। **কমিশনের নিকট প্রতিবেদন দাখিল**।-পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন শেষে যথা শীঘ্র সম্ভব কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে। | ৭৮। **কমিশনের নিকট প্রতিবেদন দাখিল**।-পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন শেষে যথা শীঘ্র সম্ভব কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে। |
| ৭৯। **পরিদর্শন প্রতিবেদন বিবেচনা ও তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ**।- কমিশন বিধি ৭৮ এর অধীন দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন বিবেচনা করিবে এবং উহাতে উল্লিখিত বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিবে এবং পরিদর্শন কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে কমিশন কর্তৃক কোনো ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ দান করিবে। | ৭৯। **পরিদর্শন প্রতিবেদন বিবেচনা ও তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ**।- কমিশন বিধি ৭৮ এর অধীন দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন বিবেচনা করিবে এবং উহাতে উল্লিখিত বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির ৩০ (তিরিশ) দিনের মধ্যে প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিবে এবং পরিদর্শন কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে কমিশন কর্তৃক কোনো ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ দান করিবে। |
| ৮০। **নিরীক্ষক নিয়োগ**।- (১) বিধি ৭৮ এর অধীন পরিদর্শন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজন হইলে কোনো মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির হিসাব বহি বা অন্যান্য বিষয় তদন্ত করিবার জন্য কমিশন এক বা একাধিক নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে। | ৮০। **নিরীক্ষক নিয়োগ**।- (১) বিধি ৭৮ এর অধীন পরিদর্শন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজন হইলে কোনো মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির হিসাব বহি অথবা অন্যান্য বিষয় তদন্ত করিবার জন্য কমিশন এক অথবা একাধিক প্যানেলভুক্ত নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক বিধি ৭৫ এ বর্ণিত পরিদর্শন কর্মকর্তার সমান ক্ষমতার অধিকারী হইবেন এবং এই বিধির অধীন তদন্তের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি এবং উহাদের সংশ্লিষ্ট কর্মচারীগণ বিধি ৭৭ এ বর্ণিত দায়িত্ব পালনে বাধ্য থাকিবে। | (২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক বিধি ৭৫ এ বর্ণিত পরিদর্শন কর্মকর্তার সমান ক্ষমতার অধিকারী হইবেন এবং এই বিধির অধীন তদন্তের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি এবং উহাদের সংশ্লিষ্ট কর্মচারীগণ বিধি ৭৭ এ বর্ণিত দায়িত্ব পালনে বাধ্য থাকিবে। |
| **একাদশ অধ্যায়**<br>**শাস্তি** | **একাদশ অধ্যায়**<br>**শাস্তি** |
| **৮১। বিধির বিধান সমূহ নির্দেশ হিসাবে গণ্য করণ।**- এই বিধিমালায় উলিস্নখিত পরিপালনীয় বিধানসমূহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ বা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ<br><br>শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোনো আদেশ বা নির্দেশও জারী করিতে পারিবে। | **৮১। বিধির বিধান সমূহ নির্দেশ হিসাবে গণ্য করণ।**- এই বিধিমালায় উলিস্নখিত পরিপালনীয় বিধানসমূহ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ অথবা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ<br><br>শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোনো আদেশ অথবা নির্দেশও জারি করিতে পারিবে। |
| **৮২। শাস্তি ও উহার কারণ।**- (১) যে কেহ-<br><br>(ক) এই বিধিমালার অধীন নিবন্ধন মঞ্জুরের কোনো শর্ত মানিয়া চলিতে ব্যর্থ হইলে; অথবা<br><br>(খ) আইন ও এই বিধিমালার কোনো বিধান লংঘন করিলে;<br>উপ-বিধি (২) এ বর্ণিত যে কোনো শাস্তি তাহার প্রতি আরোপিত হইবে।<br>(২) উপ-বিধি (১) অনুযায়ী যে সকল শাস্তি আরোপ করা যাইবে তাহা নিম্নরূপ, যথাঃ-<br>(ক) আইন দ্বারা নির্ধারিত জরিমানা ও শাস্তি;<br>(খ) একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নিবন্ধন স্থগিতকরণ, যাহা এক বৎসরের অধিক হইবেনা;<br>(গ) নিবন্ধন বাতিল;<br>(ঘ) অন্য কোনো স্কীম গ্রহণে নিষেধাজ্ঞা;<br>(ঙ) কোনো মিউচ্যুয়াল ফান্ডের জন্য ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি হিসাবে কাজ করিবার নিষেধাজ্ঞা; এবং<br>(চ) অন্য কোনো মিউচ্যুয়াল ফান্ড গঠনে নিষেধাজ্ঞা। | **৮২। শাস্তি ও উহার কারণ।**- (১) যে কেহ-<br>(ক) এই বিধিমালার অধীন নিবন্ধন মঞ্জুরের কোনো শর্ত মানিয়া চলিতে ব্যর্থ হইলে; অথবা<br>(খ) আইন ও এই বিধিমালার কোনো বিধান লংঘন করিলে;<br>উপ-বিধি (২) এ বর্ণিত যে কোনো শাস্তি তাহার প্রতি আরোপিত হইবে।<br><br>(২) উপ-বিধি (১) অনুযায়ী যে সকল শাস্তি আরোপ করা যাইবে তাহা নিম্নরূপ, যথাঃ-<br>(ক) আইন দ্বারা নির্ধারিত জরিমানা ও শাস্তি;<br>(খ) একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নিবন্ধন স্থগিতকরণ, যাহা এক বৎসরের অধিক হইবেনা;<br>(গ) নিবন্ধন বাতিল;<br>(ঘ) অন্য কোনো স্কীম গ্রহণে নিষেধাজ্ঞা;<br>(ঙ) কোনো মিউচ্যুয়াল ফান্ডের জন্য ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি হিসাবে কাজ করিবার নিষেধাজ্ঞা;<br>(চ) অন্য কোনো মিউচ্যুয়াল ফান্ড গঠনে নিষেধাজ্ঞা; এবং<br><br>(ছ) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা অন্য কোনো কর্মকর্তার নিয়োগ বাতিল এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট কার্যক্রমে সর্বোচ্চ ০৩ (তিন) বৎসরের জন্য নিষেধাজ্ঞা। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **৮৩। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণ।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণের শাস্তি আরোপ করা হইবে, যদি-<br><br>(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি আইন বা এই বিধিমালার কোনো বিধান লংঘন করে<br><br>(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি-<br><br>(অ) নিজ কাজ সম্পর্কিত কোনো তথ্য এই বিধিমালা অনুযায়ী দাখিল করিতে ব্যর্থ হয়;<br>(আ) ভ্রান্ত অথবা মিথ্যা তথ্য পরিবেশন করে;<br>(ই) এই বিধিমালা অনুযায়ী প্রতিবেদন প্রদান না করে;<br>(ঈ) কমিশন কর্তৃক পরিচালিত কোনো তদন্ত কাজে সহযোগিতা না করে;<br><br>(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বিনিয়োগকারীদের উত্থাপিত কোনো অভিযোগ নিরসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে কমিশনের নিকট সন্তোষজনক উত্তর প্রদান করিতে না পারে;<br><br>(ঘ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড কারচুপির আশ্রয় গ্রহণ করে;<br><br>(ঙ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অসদাচরণ অথবা অব্যবসায়ীসুলভ বা অপেশাদারীসুলভ আচরণ প্রদর্শন করে;<br><br>(চ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড এই বিধিমালার অধীন দেয় ফি পরিশোধ করিতে ব্যর্থ হয়;<br><br>(ছ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের কোনো শর্ত ভঙ্গ করে;<br><br>(জ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি এই বিধিমালায় বর্ণিত উহার দায়িত্ব পালন না করে। | **৮৩। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণ।**- কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণের শাস্তি আরোপ করা হইবে, যদি-<br><br>(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি আইন অথবা এই বিধিমালার কোনো বিধান লংঘন করে;<br><br>(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি-<br><br>(অ) নিজ কাজ সম্পর্কিত কোনো তথ্য এই বিধিমালা অনুযায়ী দাখিল করিতে ব্যর্থ হয়;<br>(আ) ভ্রান্ত অথবা মিথ্যা তথ্য পরিবেশন করে;<br>(ই) এই বিধিমালা অনুযায়ী প্রতিবেদন প্রদান না করে;<br>(ঈ) কমিশন কর্তৃক পরিচালিত কোনো তদন্ত কাজে সহযোগিতা না করে;<br><br>(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বিনিয়োগকারীদের উত্থাপিত কোনো অভিযোগ নিরসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে কমিশনের নিকট সন্তোষজনক উত্তর প্রদান করিতে না পারে;<br><br>(ঘ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড কারচুপির আশ্রয় গ্রহণ করে;<br><br>(ঙ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অসদাচরণ অথবা অব্যবসায়ীসুলভ অথবা অপেশাদারীসুলভ আচরণ প্রদর্শন করে;<br><br>(চ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড এই বিধিমালার অধীন দেয় ফি পরিশোধ করিতে ব্যর্থ হয়;<br><br>(ছ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের কোনো শর্ত ভঙ্গ করে;<br><br>(জ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি এই বিধিমালায় বর্ণিত উহার দায়িত্ব পালন না করে। |
| **৮৪। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল।**-কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিলের শাস্তি আরোপ করা হইবে, যদি- | **৮৪। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল।**-কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিলের শাস্তি আরোপ করা হইবে, যদি- |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার সম্পদ ব্যবস্থাপক ইচ্ছাকৃত কারচুপি করে যাহা পুঁজি বাজার ও বিনিয়োগকারীগণের স্বার্থের পরিপন্থী;<br><br>(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের আর্থিক অবস্থার এইরূপ অবনতি ঘটে যে, কমিশনের মতে উহা বিনিয়োগকারীগণের স্বার্থের অনুকূলে নহে;<br><br>(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি প্রতারণা বা কোনো ফৌজদারী অপরাধে দন্ডিত হয়। | (ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার সম্পদ ব্যবস্থাপক ইচ্ছাকৃত কারচুপি করে যাহা পুঁজি বাজার ও বিনিয়োগকারীগণের স্বার্থের পরিপন্থী;<br><br>(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের আর্থিক অবস্থার এইরূপ অবনতি ঘটে যে, কমিশনের মতে উহা বিনিয়োগকারীগণের স্বার্থের অনুকূলে নহে;<br><br>(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি প্রতারণা অথবা কোনো ফৌজদারী অপরাধে দন্ডিত হয়। |
| **৮৫। তদন্ত**।- বিধি ৮৬ এর অধীন তদন্ত অনুষ্ঠান ব্যতীত কোনো মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারির নিবন্ধন স্থগিত বা বাতিল করার আদেশ প্রদান করা হইবে না। | **৮৫। তদন্ত**।- বিধি ৮৬ এর অধীন তদন্ত অনুষ্ঠান ব্যতীত কোনো মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারির নিবন্ধন স্থগিত অথবা বাতিল করার আদেশ প্রদান করা হইবে না। |
| **৮৬। তদন্ত অনুষ্ঠান পদ্ধতি**।-<br>(১) বিধি ৮৫ এর অধীন তদন্ত অনুষ্ঠানের জন্য কমিশন এক বা একাধিক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবে।<br>(২) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারিকে উহার স্ব স্ব নিবন্ধীকৃত অফিস বা ব্যবসার প্রধান স্থানে তদন্ত অনুষ্ঠান সংক্রান্ত নোটিশ প্রদান করিবে।<br>(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারি উক্ত নোটিশের জবাব এবং তদন্তকারী কর্মকর্তা বা কমিশনের চাহিদা মোতাবেক প্রামান্য কাগজপত্র ও স্বাক্ষ্য তদন্তকারী কর্মকর্তার নিকট পেশ করিবে।<br><br>(৪) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর উপযুক্ত সুযোগ প্রদান করিবেন যাহাতে তিনি উপ-বিধি (৩) এর অধীনে পেশকৃত তাহার জবাবের পক্ষে বক্তব্য পেশ করিতে পারেন।<br><br>(৫) যাহার বিরুদ্ধে তদন্ত অনুষ্ঠিত হইবে তিনি নিজে অথবা তাহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি উপ-বিধি (৪) এর উদ্দেশ্যে তদন্তকারী কর্মকর্তার নিকট হাজির হইয়া বক্তব্য পেশ করিতে পারিবেন। | **৮৬। তদন্ত অনুষ্ঠান পদ্ধতি**।-<br>(১) বিধি ৮৫ এর অধীন তদন্ত অনুষ্ঠানের জন্য কমিশন এক অথবা একাধিক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবে।<br>(২) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারিকে উহার স্ব স্ব নিবন্ধীকৃত অফিস অথবা ব্যবসার প্রধান স্থানে তদন্ত অনুষ্ঠান সংক্রান্ত নোটিশ প্রদান করিবে।<br>(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারি উক্ত নোটিশের জবাব এবং তদন্তকারী কর্মকর্তা অথবা কমিশনের চাহিদা মোতাবেক প্রামাণ্য কাগজপত্র ও স্বাক্ষ্য তদন্তকারী কর্মকর্তার নিকট পেশ করিবে।<br><br>(৪) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর উপযুক্ত সুযোগ প্রদান করিবেন যাহাতে তিনি উপ-বিধি (৩) এর অধীনে পেশকৃত তাহার জবাবের পক্ষে বক্তব্য পেশ করিতে পারেন।<br><br>(৫) যাহার বিরুদ্ধে তদন্ত অনুষ্ঠিত হইবে তিনি নিজে অথবা তাহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি উপ-বিধি (৪) এর উদ্দেশ্যে তদন্তকারী কর্মকর্তার নিকট হাজির হইয়া বক্তব্য পেশ করিতে পারিবেন। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| (৬) তদন্তকারী কর্মকর্তা প্রয়োজন মনে করিলে তদন্তাধীন বিষয় উপস্থাপনের জন্য একজন পেশকারী কর্মকর্তা নিয়োগের জন্য কমিশনকে অনুরোধ করিতে পারিবেন।<br><br>(৭) সকল আনুসংগিক কাগজপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির বক্তব্য বিবেচনা করিয়া তদন্তকারী কর্মকর্তা কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনে প্রস্তাবিত শাস্তি ও শাস্তি প্রদানের ভিত্তি ও যৌক্তিকতা উল্লেখ করিবেন। | (৬) তদন্তকারী কর্মকর্তা প্রয়োজন মনে করিলে তদন্তাধীন বিষয় উপস্থাপনের জন্য একজন পেশকারী কর্মকর্তা নিয়োগের জন্য কমিশনকে অনুরোধ করিতে পারিবেন।<br><br>(৭) সকল আনুসঙ্গিক কাগজপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির বক্তব্য বিবেচনা করিয়া তদন্তকারী কর্মকর্তা কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনে প্রস্তাবিত শাস্তি ও শাস্তি প্রদানের ভিত্তি ও যৌক্তিকতা উল্লেখ করিবেন। |
| **৮৭। কারণ দর্শানো নোটিশ ও আদেশ।**–<br><br>(১) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কমিশন উহা বিবেচনা করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির প্রতি তদন্তকারী কর্মকর্তার সুপারিশকৃত শাস্তি কেন আরোপ করা হইবে না উহার কারণ দর্শানোর জন্য উক্ত ব্যক্তিকে নোটিশ প্রদান করিবে।<br>(২) উপ-বিধি (১) এর অধীন কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির একুশ দিনের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারি কমিশনের নিকট উহার জবাব প্রদান করিবে।<br>(৩) উপ-বিধি (২) এর অধীন কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে কমিশন উহার বিবেচনা অনুযায়ী যথোপযুক্ত আদেশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারিকে উহার কপি প্রদান করিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত আদেশ স্বয়ংসম্পূর্ণ হইবে এবং উহাতে উক্তরূপ আদেশ প্রদানের যৌক্তিকতা ও কারণসমূহের উল্লেখ থাকিবে। | **৮৭। কারণ দর্শানো নোটিশ ও আদেশ।**–<br><br>(১) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কমিশন উহা বিবেচনা করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির প্রতি তদন্তকারী কর্মকর্তার সুপারিশকৃত শাস্তি কেন আরোপ করা হইবে না উহার কারণ দর্শানোর জন্য উক্ত ব্যক্তিকে নোটিশ প্রদান করিবে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির একুশ দিনের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারি কমিশনের নিকট উহার জবাব প্রদান করিবে।<br>(৩) উপ-বিধি (২) এর অধীন কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে কমিশন উহার বিবেচনা অনুযায়ী যথোপযুক্ত আদেশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারিকে উহার কপি প্রদান করিবে।<br><br>(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত আদেশ স্বয়ংসম্পূর্ণ হইবে এবং উহাতে উক্তরূপ আদেশ প্রদানের যৌক্তিকতা ও কারণসমূহের উল্লেখ থাকিবে। |
| **৮৮। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত ও বাতিল করার ফলাফল।**- (১) কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত করা হইলে স্থগিতকালীন মেয়াদে উক্ত ফান্ড তৎসম্পর্কিত যাবতীয় কর্মকান্ড পরিচালনা হইতে বিরত থাকিবে।<br>(২) কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল করা হইলে বাতিল হইবার তারিখ হইতে উক্ত ফান্ড তৎসম্পর্কিত সকল প্রকার কাজকর্ম ও লেনদেন হইতে বিরত থাকিবে। | **৮৮। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত ও বাতিল করার ফলাফল।**- (১) কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত করা হইলে স্থগিতকালীন মেয়াদে উক্ত ফান্ড তৎসম্পর্কিত যাবতীয় কর্মকান্ড পরিচালনা হইতে বিরত থাকিবে।<br>(২) কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল করা হইলে বাতিল হইবার তারিখ হইতে উক্ত ফান্ড তৎসম্পর্কিত সকল প্রকার কাজকর্ম ও লেনদেন হইতে বিরত থাকিবে। |
| **৮৯। স্থগিত ও বাতিল আদেশ খবরের কাগজে প্রকাশ।**- বিধি ৮৩ ও ৮৪ এর অধীন প্রদত্ত কোনো স্থগিত বা বাতিল আদেশ কমিশন কর্তৃক ন্যূনপক্ষে দুইটি জাতীয় দৈনিক খবরের কাগজে প্রকাশ করিতে হইবে। | **৮৯। স্থগিত ও বাতিল আদেশ খবরের কাগজে প্রকাশ।**- বিধি ৮৩ ও ৮৪ এর অধীন প্রদত্ত কোনো স্থগিত অথবা বাতিল আদেশ কমিশন কর্তৃক ন্যূনপক্ষে দুইটি জাতীয় দৈনিক খবরের কাগজে প্রকাশ করিতে হইবে। |

DRAFT

| বর্তমান | প্রস্তাবিত পরিবর্তন |
|---|---|
| **৯০। আপীল।**- কমিশনের কোনো আদেশে কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ অনুযায়ী আপীল করিতে পারিবেন। | **৯০। আপীল।**- কমিশনের কোনো আদেশে কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ অনুযায়ী আপীল করিতে পারিবেন। |
| **৯১। রহিত করণ ও হেফাজত।**- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) প্রবিধানমালা, ১৯৯৭ এতদ্বারা রহিত করা হইল।<br><br>(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত প্রবিধানমালার অধীন, কিংবা ইহার পূর্বে, ইস্যুকৃত কোনো মিউচ্যুয়াল ফান্ড, এতদসংক্রান্ত কৃত কোনো কাজ কর্ম, গৃহীত কোনো ব্যবস্থা, মঞ্জুরকৃত কোনো নিবন্ধন বা প্রদত্ত কোনো অনুমোদন এই বিধিমালার অধীন ইস্যুকৃত, কৃত, গৃহীত, মঞ্জুরকৃত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে। | **৯১।রহিত করণ ও হেফাজত।**- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এতদ্বারা রহিত করা হইল।<br><br>(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধানমালার অধীন প্রদত্ত কোনো সম্মতি অথবা অনুমোদন, অথবা সম্পাদিত চুক্তি, ফি গ্রহণ অথবা প্রদান, সভায় গৃহীত সিদ্ধামত, পূর্বে ইস্যুকৃত নির্দেশনা, কিংবা ইহার পূর্বে, ইস্যুকৃত কোনো মিউচ্যুয়াল ফান্ড, এতদসংক্রান্ত কৃত কোনো কাজ কর্ম, গৃহীত কোনো ব্যবস্থা, মঞ্জুরকৃত কোনো নিবন্ধন অথবা প্রদত্ত কোনো অনুমোদন এই বিধিমালার অধীন ইস্যুকৃত, কৃত, গৃহীত, মঞ্জুরকৃত অথবা প্রদত্ত বলিয়া গণ্য হইবে। |

**ফরমসমূহ**
**ফরম-"ক"**
**[বিধি ৪ দ্রষ্টব্য]**
**মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত**

১.মিউচ্যুয়াল ফান্ডের নাম-------------------------------------
২.উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নাম--------------------------------
৩. নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং
ই-মেইল নং
ফ্যাক্স নং
৪.যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম
৫. উদ্যোক্তা কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা হইলে উহা নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান
৬.উদ্যোক্তার উদ্দেশ্য (সংঘ স্বারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)
৭. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন
৮. উদ্যোক্তার নিরীক্ষক ও ব্যাংকারদের নাম ও ঠিকানা
৯.উদ্যোক্তা অথবা উহার কোন পরিচালক ঋণ খেলাপী কিনা? হইলে পূর্ণ বিবরণ

DRAFT

১০. ট্রাস্ট দলিল কমিশন কর্তৃক অনুমোদিত কিনা? (ট্রাস্টি দলিল সংযুক্ত করিতে হইবে)
১১. ট্রাস্টির নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)
১২. সম্পদ ব্যবস্থাপকের নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)
১৩. হেফাজতকারীর নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

মিউচ্যুয়াল ফান্ডের পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও
সীল --------------------------------
তারিখ --------------------------
স্থান --------------------------------------------------------------------

**ফরম-"খ"**
**[বিধি ১৮ দ্রষ্টব্য]**
**ট্রাস্টি হিসাবে নিবন্ধনের দরখাস্ত**

১.ট্রাস্টির নাম-------------------------------------------------------
২.নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং
ই-মেইল নং
ফ্যাক্স নং
৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম
৪.নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান
৫. ট্রাস্টির উদ্দেশ্য (সংঘ স্বারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)
৬.মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরণ
৭. ট্রাস্টির নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)
৮. ট্রাস্টি অথবা উহার কোন পরিচালক ঋণ খেলাপি কিনা? হইলে পূর্ণ বিবরণ



DRAFT

৯.ট্রাস্টি অথবা উহার কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও কিনা অথবা উহাদের কোন পরিচালক অথবা উহাদের অধীনস্থ কোন কোম্পানী অথবা প্রতিষ্ঠানের পরিচালক অথবা উহাদের সহিত কোনভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. ট্রাস্টির প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক সেবার ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ

১২. সাংগঠনিক কাঠামো

১৩. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

ট্রাস্টির পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও
সীল--------------------------------------------
তারিখ------------------------------------------
স্থান--------------------------------------------

**ফরম-'গ'**
**{বিধি ২৬ দ্রষ্টব্য}**
**সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধনের দরখাস্ত**

১.সম্পদ ব্যবস্থাপকের নাম-----------------------------------------

২.নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং
ই-মেইল নং
ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪.নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. সম্পদ ব্যবস্থাপকের উদ্দেশ্য (সংঘ স্বারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬.মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরণ

৭. সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা

8.সম্পদ ব্যবস্থাপক অথবা উহার কোন পরিচালক ঋণ খেলাপি কিনা? হইলে পূর্ণ বিবরণ

9.সম্পদ ব্যবস্থাপক ও সম্পদ ব্যবস্থাপকের কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, হেফাজতকারী, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও ম্যানেজার কিনা অথবা উহাদের সহিত অন্য কোনভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক সেবার ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. সম্পদ ব্যবস্থাপকের পরিচালকদের নাম, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা

DRAFT

১২. অন্যান্য মুখ্য কর্মকর্তাদের নাম ও যোগ্যতার বিবরণ
১৩. সাংগঠনিক কাঠামো
১৪. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ
১৫. সহযোগী সংস্থা, কোম্পানী এবং সাবসিডিয়ারীসমূহের পরিচালকবৃন্দের নাম ও ঠিকানা
১৬. সম্পদ ব্যবস্থাপকের বিগত তিন বৎসরের নিরীক্ষিত হিসাব বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে)

সম্পদ ব্যবস্থাপকের পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও
সীল-----------------------------
তারিখ------------------------------
স্থান-------------------------------------

**ফরম-'ঘ'**
**[বিধি ৩৫ দ্রষ্টব্য]**
**হেফাজতকারী হিসাবে নিবন্ধনের দরখাস্ত**

১.হেফাজতকারীর নাম---------------------------------------------
২.নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং
ই-মেইল নং
ফ্যাক্স নং
৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম
৪.নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান
৫. হেফাজতকারীর উদ্দেশ্য (সংঘ স্বারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)
৬.মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরণ
৭. হেফাজতকারীর নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা
৮. হেফাজতকারী অথবা উহার কোন পরিচালক ঋণ খেলাপি কিনা? হইলে পূর্ণ বিবরণ
৯.হেফাজতকারী বা হেফাজতকারীর কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও ম্যানেজার কিনা অথবা উহাদের অধীনস্থ কোন কোম্পানী অথবা প্রতিষ্ঠানের পরিচালক অথবা উহাদের সহিত অন্য কোনভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।



DRAFT

১০. হেফাজতকারীর প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)
১১. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ
১২. সাংগঠনিক কাঠামো
১৩. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

হেফাজতকারীর পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও
সীল-----------------------------------
তারিখ----------------------------------
স্থান------------------------------------

**ফরম- 'ঙ'**
[**বিধি ১০(২), ২০(২), ২৮(২) ও ৩৭(২) দ্রষ্টব্য]**

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

**মিউচ্যুয়াল ফান্ড/ট্রাস্টি/সম্পদ ব্যবস্থাপক/হেফাজতকারী নিবন্ধন সার্টিফিকেট**

**নিবন্ধন কোড নং**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৪ এর বিধি ১০(২)/২০(২)/২৮(২)/৩৭(২) এর বিধান মোতাবেক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন ----------------- কে একটি মিউচ্যুয়াল ফান্ড/ট্রাস্টি/সম্পদ ব্যবস্থাপক/হেফাজতকারী হিসাবে নিবন্ধন করিয়া অত্র নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিল।

তারিখ----------------------
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে
-----------------------------------
ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সীল

DRAFT

DRAFT

**দ্বিতীয় তফসিল**
[**বিধি ১৫(৪) দ্রষ্টব্য]**
**ট্রাস্ট দলিলের বিষয়বস্তু**

ট্রাস্ট দলিলে নিম্মোক্ত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে, যথাঃ-

১. (ক) ট্রাস্টি বিনিয়োগ উদ্দেশ্যে কোন সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করিবেন না।

(খ) ট্রাস্টি অন্য যে কোন কোম্পানী, প্রতিষ্ঠান, আর্থিক মধ্যবর্তী সংস্থা অথবা কোন কর্পোরেট সংস্থায় পরিচালক, অংশীদার, অথবা অন্য কোন পদে থাকিবার সংশ্লিষ্টতার কথা অবশ্যই কমিশনকে অবহিত করিবেন।

২. ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের স্কীমসমূহের সকল মূলধনী সম্পদ তাহাদের তত্ত্বাবধানে রাখিবেন এবং ইউনিট মালিকদের পক্ষে তাহা ‘অছি’ ব্যবস্থাধীনে রাখিবেন।

৩. ইউনিট মালিকদের ট্রাস্ট সম্পত্তিতে কেবলমাত্র সংশ্লিষ্ট স্কীমে তাহাদের ব্যক্তিগত মালিকানা অনুযায়ী বেনিফিসিয়াল ইন্টারেস্ট থাকিবে।

৪. ইউনিট মালিকদের স্বার্থে কাজ করা ট্রাস্টিগণের দায়িত্ব হইবে।

৫. ট্রাস্টি ইউনিট মালিকদের তথ্য সরবরাহ অথবা তথ্য সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করিবেন।

৬. ট্রাস্টি স্কীমের অনুকূলে প্রদেয় যে কোন আয় প্রাপ্তি, এবং ট্রাস্ট হিসাবে ইউনিট মালিকদের পক্ষে প্রাপ্ত যে কোন আয় চুক্তিপত্র ও বিধি অনুযায়ী হইতেছে কিনা তাহা তদারকের দায়িত্ব গ্রহণ করিবে।

৭. ট্রাস্ট সম্পত্তিতে কাহারো দায়বদ্ধ কোন সম্পদ গ্রহণ করা হইবে না অথবা এমন কোন সম্পদ গ্রহণ করা হইবে না যাহার মাধ্যমে অসীম দায় গ্রহণ করা হয়।

৮. ট্রাস্ট দলিলে উল্লেখ থাকিবে যে, মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষক সম্পদ ব্যবস্থাপকের ও ট্রাস্টির নিরীক্ষক হইতে পৃথক হইবে।

৯. ট্রাস্টির ট্রাস্ট ফি।

১০. কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে ট্রাস্ট চুক্তিপত্রে কোনরূপ সংশোধনী আনা যাইবে না।

১১. ট্রাস্টি অপসারণের জন্য কমিশনের পূর্বানুমোদন প্রয়োজন হইবে।

DRAFT

## তৃতীয় তফসিল

**[বিধি ২৪(৫) দ্রষ্টব্য]**

## বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির বিষয়বস্তু

**সম্পদ ব্যবস্থাপকের দায়িত্ব ও কর্তব্য সম্বলিত বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির নিয়ম ও শর্তাবলী নিæে উল্লেখ করা হইলঃ**

১. কমিশনের পূর্বানুমোদনক্রমে [***] সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টির অনুমোদিত মিউচ্যুয়াল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা এবং ট্রাস্ট চুক্তিপত্র ও বিধি অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল পরিচালনা করিবে।

২. বিধি ৩৩ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায় দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে স্কীমের আকার, উদ্দেশ্য, ধরণ, প্রচারপত্র প্রস্তুত ও তজ্জন্য কমিশনের সম্মতি গ্রহণ, স্কীমের ইউনিট সনদ ইস্যু, বিনিয়োগ পোর্টফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/পরিচালনা, নীট সম্পদ মূল্য (ঘঅঠ) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তুত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলী ব্যতিরেকে সম্পদ ব্যবস্থাপক অন্য কোন কাজ ট্রাস্টি ও কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ অথবা পরিচালনা করিতে পারিবে না।

৩. সম্পদ ব্যবস্থাপক ট্রাস্ট দলিল এবং বিধিমালা অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল বিনিয়োগ করিবে।

৪. সম্পদ ব্যবস্থাপক ফান্ড অথবা স্কিমের কার্যক্রম পরিচালনার জন্য প্রাথমিক ব্যাংক হিসাবসমূহ শুধুমাত্র হেফাজতকারী ব্যাংকে খুলিতে পারিবে। সকল প্রকার সাবস্ক্রিপশন/ রিডেম্পশন জনিত লেনদেন অথবা ফান্ড থেকে বিনিয়োগ সম্পর্কিত লেনদেন উক্ত প্রাথমিক ব্যাংক হিসাব থেকে নিষ্পত্তি করিতে হইবে। বিভিন্ন ধরনের বহির্মুখী লেনদেন নিষ্পত্তি করতে, সম্পদ ব্যবস্থাপক/ ট্রাস্টি/ হেফাজতকারী নিম্নোক্ত কার্যপদ্ধতি অনুসরণ করিবে:

| লেনদেনের ধরন | লেনদেনের বিবরণ | অর্থগ্রহিতা | সম্পদ ব্যবস্থাপকের দায়িত্ব | ট্রাস্টির দায়িত্ব | কাস্টডিয়ানের দায়িত্ব |
|---|---|---|---|---|---|
| ক) বিনিয়োগ সম্পাদন সম্পর্কিত লেনদেন | | | | | |
| | সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য প্যানেল ব্রোকার | স্টক-ব্রোকার | সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টির কাছ থেকে পূর্বানুমোদন নেবে এবং সমস্ত লেনদেনের জন্য স্বাক্ষরকারী (Signatory) হিসাবে কাজ করবে। | নির্দিষ্ট চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সত্ত্বাকে লেনদেনের সুবিধাভোগী (beneficiary) হিসেবে পূর্বানুমোদন দেয়া। | লেনদেন নিষ্পত্তির জন্য ডিজিটাল অনুমোদন প্রক্রিয়া (Digital Authorization System) প্রতিষ্ঠা করে শুধুমাত্র ট্রাস্টি কর্তৃক পূর্ব-অনুমোদিত সত্ত্বাগুলির সাথে, সম্পদ |
| | সরকারী সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য ব্যাংক | ব্যাংক/ বাংলাদেশ ব্যাংক | | | |
| | FDR-এর জন্য ব্যাংক/ ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান | ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান | | | |

DRAFT

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | নির্দিষ্ট ব্যাংক অ্যাকাউন্টে ESS/ আইপিও আবেদনের অর্থ প্রদান | ESS/ নির্দিষ্ট আইপিও একাউন্ট | | | ব্যবস্থাপকের আদেশ অনুযায়ী প্রাথমিক ব্যাংক হিসাব থেকে লেনদেন নিষ্পত্তি করা |
| | প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যুকৃত সিকিউরিটিজ | ইস্যুকারী কোম্পানি | অনুমোদিত না | অনুমোদিত না | অনুমোদিত না |
| | | | | | |
| খ) ফান্ডের নির্বাহী ব্যয়জনিত লেনদেন সমূহ: | | | | | |
| | সম্পদ ব্যবস্থাপকের ফি | সম্পদ ব্যবস্থাপক | সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টির কাছ থেকে পূর্বানুমোদন নেবে এবং সমস্ত লেনদেনের জন্য স্বাক্ষরকারী (Signatory) হিসাবে কাজ করবে। | নির্দিষ্ট চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সত্ত্বাকে লেনদেনের সুবিধাভোগী (beneficiary) হিসেবে পূর্বানুমোদন দেয়া। | লেনদেন নিষ্পত্তির জন্য ডিজিটাল অনুমোদন প্রক্রিয়া (Digital Authorization System) প্রতিষ্ঠা করে শুধুমাত্র ট্রাস্টি কর্তৃক পূর্ব-অনুমোদিত সত্ত্বাগুলির সাথে, সম্পদ ব্যবস্থাপকের আদেশ অনুযায়ী প্রাথমিক ব্যাংক হিসাব থেকে লেনদেন নিষ্পত্তি করা |
| | ট্রাস্টি ফি | ট্রাস্টি | | | |
| | হেফাজতকারীর ফি | কাস্টডিয়ান | | | |
| | অডিটর ফি | নিরীক্ষক | | | |
| | BSEC-এর বার্ষিক ফি | BSEC | | | |
| | CDBL বার্ষিক ফি | CDBL | | | |
| | CDBL ডিম্যাট চার্জ | CDBL | | | |
| | শরীয়াহ উপদেষ্টা কমিটির মিটিং ফি | শরীয়াহ কমিটির সদস্যবৃন্দ | | | |
| | আইটি খরচ (CDBL সংযোগের জন্য নিবেদিত ইন্ট্রানেট পরিষেবা) | ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার | | | |
| | বিক্রয় প্রতিনিধির কমিশন | বিভিন্ন বিক্রয় প্রতিনিধিগণ | | | |
| | বিবিধ ব্যয়সমূহ [সম্পদ ব্যবস্থাপক কর্তৃক অর্থ পরিশোধ করা হবে অথবা একটি পূর্বনির্ধারিত পরিমাণের জন্য পূর্বানুমোদন থাকতে পারে] | | | | |
| | তহবিল সরবরাহকারীদের জন্য টিডিএস | National Board of Revenue | | | |
| | লভ্যাংশ প্রদানের জন্য TDS | National Board of Revenue | | | |

DRAFT

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | বার্ষিক তালিকাভুক্তি ফি | Dhaka Stock Exchange/ Chittagong Stock Exchange | | | |
| | | | | | |
| গ. বিনিয়োগকারীদের সাথে লেনদেন | | | | | |
| | ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের সাথে বিনিয়োগের উদ্দেশ্যে বিভিন্ন রকম আমানত হিসাব (শর্ট নোটিস একাউন্ট/ ফিক্সড ডিপজিট/ চলতি বা সঞ্চয়ী হিসাব) রাখা | একই ফান্ড বা স্কিম (তহবিল-থেকে-তহবিল স্থানান্তর) | কোন অনুমোদন প্রয়োজন | কোন অনুমোদন প্রয়োজন | ইউনিট-হোল্ডারদের সাবস্ক্রিপশন/রিডেম্পশনের জন্য ব্যবহৃত প্রাথমিক ব্যাংক হিসাব অবশ্যই হেফাজতকারী ব্যাংকে রাখতে হবে এবং সমস্ত বিনিয়োগজনিত লেনদেন উক্ত প্রাথমিক ব্যাংক হিসাব থেকে করিতে হইবে। |
| | বিনিয়োগকারীদের লভ্যাংশ প্রদান | রেকর্ড ডে-তে যে সমস্ত বিনিয়োগকারী কোনো নির্দিষ্ট ফান্ডের ইউনিট হোল্ড করে | সম্পদ ব্যবস্থাপক রেকর্ড ডে-তে ইউনিট-হোল্ডারদের তালিকা প্রস্তুত করিবে এবং তা ট্রাস্টির কাছে প্রেরণ করিবে | ট্রাস্টি সিডিবিএল রেকর্ডের সাথে সম্পদ ব্যবস্থাপকের দেয়া তালিকা মিলিয়ে অনুমোদন করবে | ট্রাস্টি অনুমোদিত তালিকা অনুযায়ী, সম্পদ ব্যবস্থাপকের আদেশ অনুযায়ী লভ্যাংশের অর্থ প্রদান করিবে |
| | বিনিয়োগকারীদের রিডেম্পশন | যে বিনিয়োগকারী তার ইউনিট ফান্ডের হেফাজতকারীর ডিপোজিটরি পার্টিসিপেন্ট (DP) হিসাবে স্থানান্তর করেছেন | চেকের স্বাক্ষরকারী হিসাবে কাজ করা | কাস্টডিয়ানকে নিয়ন্ত্রণ অর্পণ করা | অর্থ প্রদান করার আগে, হেফাজতকারী ব্যাংক, ডিপোজিটরি পার্টিসিপেন্ট (DP) রেকর্ডের সাথে পরীক্ষা করে নির্দিষ্ট অর্থপ্রাপক যথাযথ কিনা তা যাচাই করিবে। |

৫. সম্পদ ব্যবস্থাপক স্কীম সম্পদের এমন কোন অংশ দায়বদ্ধ করিবে না অথবা এমন কোন সম্পদ গ্রহণ করিবে না যাহার দায় অসীম।

৬. সম্পদ ব্যবস্থাপক বিধি পরিপন্থী কোন কর্মকান্ড, মেয়াদী ঋণ অথবা নিশ্চয়তা প্রদান করিবে না।

৭. সম্পদ ব্যবস্থাপক, উহার কোন কর্মকর্তা অথবা মনোনীত কোন ব্যক্তি কর্তৃক কোন ক্ষতি অথবা আর্থিক ব্যয় সংঘটিত হইলে ট্রাস্ট সম্পত্তি দ্বারা তাহা পূরণ করা যাইবে না।

৮. সম্পদ ব্যবস্থাপক নিশ্চয়তা প্রদান করিবে যে, কোন ইউনিট মালিক, জনগন, সংবাদপত্র অথবা সম্ভাব্য মক্কেলের কাছে যোগাযোগের উদ্দেশ্যে আবেদনপত্র, বিক্রয় প্রস্তাব ঘোষণা (দর অথবা ইল্ড সম্পর্কিত ঘোষণা ব্যতিত) বিজ্ঞাপন, রিপোর্ট বা অন্য কোন মুদ্রিত দ্রব্য ট্রাস্টির লিখিত পূর্বানুমোদন ছাড়া সরবরাহ করিবে না এবং তাহাতে এমন কোন বিবরণ থাকিবে না যাহা ট্রাস্ট দলিল অথবা অনুমোদিত স্কীমের সাথে সংগতিবিহীন।

৯. সম্পদ ব্যবস্থাপক বিভিন্ন স্কীমের পুনঃক্রয় মূল্য ও নীট সম্পদ মূল্য এবং উহা নির্ণয়ের পদ্ধতি ট্রাস্টি ও কমিশন কর্তৃক নির্ধারিত সময়ানুযায়ী বিনিয়োগকারীদের অবহিত করিবে।

DRAFT

১০. সম্পদ ব্যবস্থাপক দ্বারা পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা সম্পর্কিত তথ্য, ট্রাস্টির চাহিদা অনুযায়ী তৎকর্তৃক নির্দিষ্ট সময়ে প্রদান করিবে যাহাতে প্রমাণিত হয় যে সম্পদ ব্যবস্থাপক ট্রাস্ট দলিল ও বিধি অনুযায়ী কাজ করিতেছে।

১১. সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টি ও কমিশনের নিকট মিউচ্যুয়াল ফান্ড স্কীমের কর্মকান্ড সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন অথবা কমিশন অথবা ট্রাস্টির চাহিদা মোতাবেক মধ্যবর্তী সময়ের প্রতিবেদন দাখিল করিবে।

১২. কমিশনের পূর্বানুমোদনক্রমে ট্রাস্টি বিধি অনুযায়ী কোন নির্দিষ্ট কারণের ভিত্তিতে সম্পদ ব্যবস্থাপককে বরখাস্ত করিবার অধিকার সংরক্ষণ করে।

## চতুর্থ তফসিল

[**বিধি ৪৩(২) দ্রষ্টব্য**]

## বিজ্ঞাপন নিয়মাবলী

বিজ্ঞাপন হইবে সত্যনিষ্ঠ, ন্যায্য ও স্পষ্ট এবং তাহাতে অসত্য অথবা বিভ্রান্তিকর কোন বিবৃতি, ধারণা অথবা অনুমান থকিবে না।

২. কোন বিজ্ঞাপনকে বিভ্রান্তিমূলক বলিয়া অভিহিত করা হইবে, যদি-

(ক) উহাতে কোন অতীত কাজকর্মের অসত্য চিত্র প্রদান করা হয় অথবা এমনভাবে উহাকে চিত্রায়িত করা হয় যাহাতে মনে হইবে যে অতীতের কোন সাফল্য অথবা আয় ভবিষ্যতেও লাভ করা হইবে;

(খ) উহাতে মিউচ্যুয়াল ফান্ডের কোন স্কীমে বিনিয়োগ অথবা কোন ইউনিটের মালিকানার মুনাফা অথবা লাভের বিবরণের সহিত উক্ত স্কীম অথবা ইউনিটে ঝুঁকি সম্পর্কিত বিবরণের উল্লেখ না থাকে।

৩. বিজ্ঞাপন এমনভাবে বিন্যস্ত করা হইবেনা যাহাতে বিনিয়োগকারীর জ্ঞান অথবা অভিজ্ঞতাহীনতার সুযোগ নিয়া তাহাকে শোষন করা যাইবে, কারিগরী ও আইন সর্ম্পকিত জটিল শব্দ এবং দুর্বোধ্য ভাষার ব্যাপক ব্যবহার এবং মাত্রাতিরিক্ত বর্ণনা যাহা বিনিয়োগকারীদের বিভ্রান্ত করিতে পারে বর্জন করিতে হইবে।

৪. বিজ্ঞাপনে এমন কোন তথ্য থাকিবে না যাহার যথার্থতা নিরূপণ অনির্ভরযোগ্য ও অনুমান নির্ভর হইবে।

৫. বিজ্ঞাপনের এক তহবিলের সহিত অন্য তহবিলের স্পষ্ট অথবা অস্পষ্টভাবে তুলনা করা হইবে না যদি না উক্ত তুলনা ন্যায্য হয় এবং প্রাসংগিক তথ্যাবলী বিজ্ঞাপনে উল্লেখ থাকে।

DRAFT

৬. মিউচ্যুয়াল ফান্ডের সকল এককালীন ও পুনরাবৃত্তিমূলক বিজ্ঞাপন, প্রতিবেদন, প্রকাশনা ও ঘোষণায় উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপকের এবং হেফাজতকারীর নাম অন্তর্ভূক্ত থাকিতে হইবে। এবং তাহাদের আইনগত মর্যাদা, সীমিত দায়িত্ব এবং প্রত্যেকের সহিত প্রত্যেকের আইনগত এবং বিভিন্ন কাজ, দায়িত্ব ও কর্তব্য জনিত ভিন্নতা পরিস্কারভাবে উল্লেখ থাকিবে।

৭. যদি কোন বিজ্ঞাপনে একটি মিউচ্যুয়াল ফান্ড সম্ভাব্য বিনিয়োগকারীদের লভ্যাংশের নিম্নহারের নিশ্চয়তা দেয় তাহা হইলে ঐরূপ নিশ্চয়তার অনুকূলে গৃহীত ব্যবস্থা অথবা সম্পদের বিবরণ প্রদান করিতে হইবে।

৮. যদি কোন বর্তমান মিউচ্যুয়াল ফান্ড বিজ্ঞাপনে উহার অতীত কার্যাবলী তুলিয়া ধরে সেক্ষেত্রে লভ্যাংশের হার নিরুপণের পদ্ধতি উল্লেখ করিতে হইবে এবং এই মর্মে রূপ বিবৃতি দিতে হইবে যে এইরূপ তথ্য ভবিষ্যৎ ফলাফলের কোন সূচক নহে এবং তাহা অন্যান্য বিনিয়োগের সহিত তুলনা করিবার ভিত্তি হিসাবে পরিগণিত হইবে না।

DRAFT

**চতুর্থ তফসিল-(১)**

**[বিধি ৪৩(৩) দ্রষ্টব্য]**

**প্রসপেক্টাস এর তথ্যাদি**

প্রসপেক্টাস এ, অন্যান্যের মধ্যে, নিম্মোক্ত বিষয় অন্তর্ভূক্ত থাকিবে, যথাঃ-

১। প্রাথমিকঃ

১. গণপ্রস্তাবের জন্য প্রসপেক্টাস প্রকাশনা
২. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের সম্মতি সংক্রান্ত ঘোষণা
৩. স্টক এক্সচেঞ্জে লিস্টিং সংক্রান্ত বর্ণনা
৪. ডকুমেন্টসমূহ পরিদর্শন ও প্রাপ্তি সংক্রান্ত বর্ণনা
৫. কমিশন কর্তৃক আরোপিত শর্ত, যদি থাকে
৬. চাঁদা গ্রহণের সময়সীমা
৭. উদ্যোক্তা, ট্রাস্টি, হেফাজতকাকরী, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর দায়-দায়িত্ব সংক্রান্ত ঘোষণা
৮. ডিউ ডিলিজেন্স সনদ (Due Diligence Certificate)

২। বিনিয়োগ সুবিধাদিঃ

১. মিউচ্যুয়াল ফান্ড গঠন বিষয়ক ভূমিকা (চৎবধসনষব),
২. বর্তমান পুঁজিবাজারের আলোকে প্রস্তাবিত মিউচ্যুয়াল ফান্ডের প্রয়োজনীয়তা
৩. প্রস্তাবিত মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগের সুবিধা

৩। তহবিল ঃ

১. তহবিল গঠন সংক্রান্ত বর্ণনা
২. ফান্ডের মেয়াদ সংক্রান্ত বিষয়ের বর্ণনা
৩. কোন গ্যারান্টি ক্লজ থাকলে তার বর্ণনা
৪. ফান্ডের অভিহিত মূল্য (ভধপব াধষঁব) ও মার্কেট লট (সধৎশবঃ ষড়ঃ) এর বর্ণনা
৫. বিনিয়োগের উদ্দেশ্য ও নীতি সংক্রান্ত বর্ণনা
৬. বিধি মোতাবেক বিনিয়োগ বাধা নিষেধ সংক্রান্ত বর্ণনা
৭. ব্যয়ের সীমাবদ্ধতা সম্পর্কে বর্ণনা



DRAFT

৮. বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত বর্ণনা
৯. বে-মেয়াদী (ড়ঢ়বহ-বহফ) স্কীম এর মূল্য নিরূপণ পদ্ধতি সংক্রান্ত বর্ণনাসহ বিক্রয় ও পুনঃক্রয় পদ্ধতি
১০. রিডেমশন (ৎবফবসঢ়ঃরড়হ) নীতি সংক্রান্তবর্ণনা
১১. বিনিয়োগ ব্যবস্থাপনা সংক্রান্ত বর্ণনা
১২. লভ্যাংশ (ফরারফবহফ) বিতরণ সংক্রান্ত নীতিমালা

৪। বিনিয়োগ ঝুঁকির বিস্তারিত বর্ণনা।

৫। তহবিলের (ঋঁহফ) গঠন, ব্যবস্থাপনা ও প্রশাসন সংক্রান্ত বিবরণঃ

১. উদ্যোক্তার বর্ণনা
২. ট্রাস্টির বর্ণনা
৩. তহবিলের হেফাজতকারীর বর্ণনা
৪. তহবিলের সম্পদ ব্যবস্থাপকের বর্ণনা
৫. নিরীক্ষা সংক্রান্ত বর্ণনা
৬. তহবিলের ফী ও খরচ সংক্রান্ত বর্ণনা, যাহার মধ্যে-
৭. ইস্যু ও গঠন সংক্রান্ত ব্যয়
৮. আ. ম্যানেজমেন্ট ফি
৯. ট্রাস্টি ফি
১০. হেফাজতকারী ফি
১১. তহবিল নিবন্ধন ও বার্ষিক ফি
১২. লিস্টিং ফি
১৩. অডিট ফি

৬। পুঁজি কাঠামো ও কর সুবিধা এবং শেয়ার হোল্ডারদের অধিকারঃ

১. পুঁজি কাঠামো (উদ্যোক্তার অংশ, প্রাক-আইপিও প্লেসমেন্ট ও আইপিও)
২. কর সুবিধা
৩. ইউনিট হোল্ডারদের অধিকার (ভোটাধিকার, ইউনিট হস্তান্তর, লভ্যাংশ, Periodic information, disclosure) ।

৭। পাবলিক অফারের নিয়মাবলী, ইউনিটের আবেদন ও বরাদ্দ সংক্রান্তঃ যাহার মধ্যে ইউনিট ইস্যু, ন্যূনতম চাঁদার পরিমাণ, ইউনিট বরাদ্দের শর্ত ও আবেদনের নিয়মাবলী বিস্তারিত উল্লেখ থাকিতে হইবে।]

DRAFT

**পঞ্চম তফসিল**
**[বিধি ৫৬ দ্রষ্টব্য]**
**বিনিয়োগে বাধা-নিষেধ**

১. মিউচ্যুয়াল ফান্ড কোনো উদ্দেশ্যে কোনো ঋণ অথবা অন্য কোনো স্বত্বাকে (Entity) কোনোভাবে অগ্রিম প্রদান করিবে না।

২. ~~কোন মিউচ্যুয়াল ফান্ড উহার একক স্কীমের অধীনে **মোট সম্পদের শতকরা দশ ভাগের (১০%)** বেশি কোন একক কোম্পানীর শেয়ারে বিনিয়োগ করা যাইবে না।~~

কোন মিউচ্যুয়াল ফান্ড ~~এবং~~ উহার সকল স্কীমের অধীনে **মোট সম্পদের শতকরা ~~দশ ভাগের (১০%)~~ পনের ভাগের (১৫%)** বেশি কোন একক কোম্পানীর ~~গ্রুগ্রুপের~~ শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে বিনিয়োগ করিবে না।

তবে শর্ত থাকে যে, সরকারী সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য হইবে না।

৩. ~~কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন কোম্পানীর পরিশোধিত মূলধনের শতকরা পনের ভাগের বেশি বিনিয়োগ করিবে না।~~

কোনো মিউচ্যুয়াল ফান্ড ~~এবং~~ উহার সকল স্কীমের অধীনে কোনো একক কোম্পানীর ~~পরিশোধিত মূলধনের (অন্যান্য সিকিউরিটিজ যথা বন্ড বা ডিবেঞ্চারসহ)~~ **শতকরা দশ ভাগের (১০%)** বেশি শেয়ার ধারণ করিবে না।

৪. ~~কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক কোম্পানীর বা গ্রুপের শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট শতকরা বিশ ভাগের বেশি বিনিয়োগ করিবে না।~~ কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে মোট সম্পদের শতকরা পঁচিশ ভাগের (২৫%) বেশি কোন ~~কোম্পানীর বা~~ একক গ্রুপের শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে ~~মোট শতকরা পঁচিশ ভাগের (২৫%) বেশি~~ বিনিয়োগ করিবে না।

৪. কোন মিউচ্যুয়াল ফান্ড ~~এবং~~ উহার সকল স্কীমের অধীনে **মোট সম্পদের শতকরা ~~পঁচিশ ভাগের (২৫%)~~ ত্রিশ ভাগের (৩০%)** বেশি কোন একক শিল্পের শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে বিনিয়োগ করিবে নাঃ

তবে শর্ত থাকে যে, সরকারী সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে ও যে স্কীম অথবা ফান্ড এক অথবা একাধিক শিল্পে বিনিয়োগ করার উদ্দেশ্যে গঠন করা হইয়াছে যদি এই মর্মে একটি ঘোষণা প্রসপেক্টাসে দেওয়া হইয়া থাকে, তাহার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

DRAFT

৫. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে **মোট সম্পদের শতকরা ত্রিশ ভাগের (৩০%)** বেশি অর্থ ব্যাংক বা ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানে (Non-bank Financial Institution) আমানত হিসেবে বিনিয়োগ করিবে না:

তবে শর্ত থাকে যে, ফিক্সড ইনকাম ফান্ড এবং মানি মার্কেট ফান্ডের ক্ষেত্রে, উক্ত সীমা মোট সম্পদের শতকরা চল্লিশ ভাগ (৪০%) পর্যন্ত হইতে পারে।

৬. কোন মিউচ্যুয়াল ফান্ড এক স্কীম হইতে অন্য স্কীমে বিনিয়োগ স্থানান্তর করিতে পারিবে, যদি-

(ক) তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে এইরূপ স্থানান্তর প্রচলিত বাজার মূল্যে স্পটভিত্তিক করা হইয়া থাকে;

(খ) এইভাবে স্থানান্তরিত সিকিউরিটিজ যে স্কীমে স্থানান্তর করা হইয়াছে সে স্কীমের বিনিয়োগ উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

৬. ~~একই সম্পদ ব্যবস্থাপকের এক স্কীম অন্য স্কীমে বিনিয়োগ করা অথবা ধার দেওয়া যাইবে না।~~ কোন মিউচ্যুয়াল ফান্ড ~~অথবা~~ উহার কোনো স্কীম হইতে একই সম্পদ ব্যবস্থাপক কোম্পানীর নিয়ন্ত্রণাধীন অন্য কোনো মিউচ্যুয়াল ফান্ড অথবা স্কীমে বিনিয়োগ করা অথবা ধার দেওয়া যাইবে না।

৭. কোন মিউচ্যুয়াল ফান্ডকে বিনিয়োগ করিবার জন্য তহবিল ধার করিতে অনুমতি দেওয়া হইবে না।

~~৮. কোন মিউচ্যুয়াল ফান্ড এবং উহার সকল স্কীমের অধীনে **মোট সম্পদের শতকরা দশ ভাগের (১০%)** বেশি অ-তালিকাভুক্ত সিকিউরিটিজে (অ-তালিকাভুক্ত সরকারি সিকিউরিটিজ ও বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড ব্যতীত) বিনিয়োগ করিবে না। অ-তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে ট্রাস্টির পরামর্শ গ্রহন করিতে হইবে।~~

৮. কোন মিউচ্যুয়াল ফান্ড এবং উহার সকল স্কীমের অধীনে **মোট সম্পদের শতকরা দশ ভাগের (১০%)** বেশি Small Capital Platform অথবা Alternative Trading Board-এ তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ করিবে না

৯. কোন সম্পদ ব্যবস্থাপক কোম্পানী নিজ স্বার্থসিদ্ধির জন্য কোনো অপকৌশল প্রয়োগ করে তাহার ব্যবস্থাপনাধীন মিউচ্যুয়াল ফান্ডের বিনিয়োগের উদ্দেশ্যে লেনদেন করিতে পারিবে না। এছাড়াও, বাজারের ভারসাম্য বিনষ্ট করার উদ্দেশ্যে কোনো গুজব ছড়াইতে অথবা এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

১০. তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে কোন সম্পদ ব্যবস্থাপক কোম্পানী এককভাবে অথবা অন্যান্যদের সহিত সম্মিলিতভাবে তাহার ব্যবস্থাপনাধীন সকল মিউচ্যুয়াল ফান্ড হইতে কোন সিকিউরিটিজের ক্রয় বিক্রয়ের মাধ্যমে উহার কৃত্রিম বাজার সৃষ্টি করিতে পারিবে না যাহা সাধারণ বিনিয়োগকারীদের জন্য ক্ষতিকর হইবে অথবা বাজারের সুষ্ঠ ও অবাদ কার্যকারিতা বাধাগ্রস্থ করে।

১১. কোন সম্পদ ব্যবস্থাপক তাহার ব্যবস্থাপনাধীন সকল মিউচ্যুয়াল ফান্ড হইতে কোন একক কোম্পানির ~~পরিশোধিত মূলধনের (অথবা অন্যান্য সিকিউরিটিজ যথা বন্ড বা ডিবেঞ্চার)~~ শতকরা **পঁচিশ ভাগের (২৫%)** বেশি শেয়ার ধারণ ~~বিনিয়োগ~~ করিতে পারিবে না।

DRAFT

তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে উপরোক্ত বিনিয়োগের পরিমান শতকরা **পনেরো ভাগের (১৫%)** বেশি হইলে উক্ত কোম্পানিতে সম্পদ ব্যবস্থাপক, উহার কর্মকর্তা-কর্মচারী বা উহার স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিনিয়োগ থাকিতে পারিবে না।

**ষষ্ঠ তফসিল**
**[বিধি ৬৯ দ্রষ্টব্য]**
**মিউচ্যুয়াল ফান্ডের**
**বার্ষিক প্রতিবেদন**

**১. বার্ষিক প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকিবেঃ-**

DRAFT

(ক) তহবিলের বিভিন্ন স্কীম পরিচালনা, ঐ বৎসরের মোট তহবিল এবং তহবিলের ভবিষ্যৎ কর্মসূচী সংক্রান্ত ট্রাস্টির প্রতিবেদন।

(খ) এই তফসিলের ২,৩ ও ৪ অনুচ্ছেদের সহিত সামঞ্জস্যপূর্ণ ব্যালান্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী।

(গ) এই তফসিলের ৫ অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষকের প্রতিবেদন।

(ঘ) নিম্নবর্ণিত বিষয়ে ট্রাস্টির সংক্ষিপ্ত বিবরণ-

(অ) ট্রাস্টির দায়িত্ব ও কর্তব্য;

(আ) প্রতিটি স্কীমের বিনিয়োগ উদ্দেশ্য;

(ই) স্কীমের বিনিয়োগ ভিত্তি ও নীতি;

(ঈ) স্কীম যদি আংশিক অথবা সম্পূর্ণরূপে শেয়ার, বন্ড, ডিবেঞ্চার এবং অন্য স্কীম অথবা সিকিউরিটিতে বিনিয়োগের অনুমতি দেয় যেগুলির দরে হ্রাসবৃদ্ধি ঘটে তাহা হইলে, নিম্নরূপ বিবৃতি "ইউনিটের দাম ও পরিশোধিতব্য মূল্য এবং উহা হইতে লব্ধ আয়ে বিনিয়োগের বাজার মূল্যের উঠানামার সহিত হ্রাস-বৃদ্ধি ঘটিবে"।

(ঙ) এই তফসিলের ৬ অনুচ্ছেদ অনুযায়ী ইউনিট প্রতি প্রাসংগিক পরিসংখ্যানের বিবরণ।

(চ) নিম্নরূপ বিবৃতিঃ-

"বর্তমান ও সম্ভাব্য ইউনিট মালিক/বিনিয়োগকারীগণ লিখিত আবেদনের ভিত্তিতে ট্রাস্ট চুক্তিপত্র, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট স্কীমের বিষয়বস্তু সংগ্রহ করিতে পারিবেন"।

**২. ব্যালেন্স শীটে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকিবে ঃ-**

(ক) ব্যালেন্স শীটে স্কীমের সম্পদ ও দায়দেনার স্কীম ভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ১ক এবং ১খ-এ উল্লিখিত তথ্য থাকিবে। এই বিবরণে অন্যান্য কিছুর মধ্যে বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি প্রকাশ করা হইবে।
(খ) বিনিয়োগ যদি ক্রয়মূল্যে অথবা লিখিত মূল্যমানে করা হয় তাহা হইলে প্রত্যেক প্রকার বিনিয়োগের সামষ্টিক বাজারমূল্য পৃথকভাবে নিম্নভাগে উল্লেখ করিতে হইবে; যেমন, ইকুইটি, শেয়ার, অগ্রাধিকারযুক্ত শেয়ার, স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত রূপান্তরযোগ্য ডিবেঞ্চার, স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত এবং ব্যক্তিগতভাবে প্রদত্ত (ঢ়ষধপবফ) অরূপান্তরযোগ্য ডিবেঞ্চার অথবা বন্ড।
(গ) ব্যালেন্স শীটে প্রত্যেক প্রকার বিনিয়োগের ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক চলতি মূল্য ও বাজার মূল্য উল্লেখ করিতে হইবে। (নিষ্ক্রিয় অর্থ এমন কোন বিনিয়োগ যাহা হইতে মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষের শেষ পর্যন্ত দুই বৎসরের বেশী সময় ধরিয়া সুদ অথবা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই।)
(ঘ) ব্যালেন্স শীটে নিষ্ক্রিয় বিনিয়োগের মূল্য ঘাটতি/ক্ষতির সঞ্চিতি উল্লেখ করিতে হইবে।
(ঙ) ব্যালেন্স শীটে হিসাব বর্ষ শেষে ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের উল্লেখ থাকিবে।
(চ) ব্যালেন্স শীটে প্রতিটি বিষয়ের বিপরীতে পূর্ববর্তী হিসাব বর্ষ শেষের উদ্‌বৃত্ত অংকের উল্লেখ থাকিবে।

**৩. রাজস্ব হিসাবে নিম্মোক্ত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকিবেঃ**

DRAFT

(ক) রাজস্ব হিসাবে মিউচ্যুয়াল ফান্ডের আয়, ব্যয় এবং উদ্‌বৃত সম্পর্কিত স্কীম ভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ২ এ উল্লেখিত তথ্য থাকিবে।

(খ) যদি রাজস্ব হিসাবে একই মিউচ্যুয়াল ফান্ডের আন্তঃস্কীম বিনিয়োগ হস্তান্তরের লাভ অথবা ক্ষতি থাকে তাহা হইলে ঐ লাভ/ক্ষতির সমষ্টি তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ হস্তান্তরের লাভ/ক্ষতির সহিত যৌথভাবে না দেখাইয়া পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

(গ) বিনিয়োগের রাজস্ব ও আয় (লভ্যাংশ ও সুদ সমেত) এর স্বীকৃত করার হিসাব নীতি অবহিত করিতে হইবে।

(ঘ) মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার অধীন পরিচালিত স্কীম পরিচালনার জন্য অপরিহার্য যে সকল খরচ বিশেষ করিয়া স্কীম ইস্যুর প্রাথমিক খরচের উক্ত আর্থিক বৎসরের জন্য অবলোপনের (Write off) অংশ, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারীকে প্রদত্ত ফি, স্কীম প্রচারণার বিজ্ঞাপনী ব্যয় (প্রযোজ্য ক্ষেত্রে), বিক্রয় ও বিপণন ব্যয়, ফান্ড অ্যাডমিনিস্ট্রেশন ফি, বার্ষিক ফি, নিরীক্ষা খরচ, ইউনিট হোল্ডারদের কর্তৃক সভা আহবান করিলে সভা সংক্রান্ত খরচ, NAV এবং অন্যান্য স্কীম সংক্রান্ত প্রকাশনার খরচ, স্টক এক্সচেঞ্জের লেনদেন ব্যয়, ক্রয় মূল্য অপেক্ষা বাজার মূল্য যদি কম হয় তবে তাহার জন্য সঞ্চিতি।

**৪. নগদান প্রবাহ বিবরণীতে নিম্মোক্ত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকিবেঃ**

(ক) মিউচ্যুয়াল ফান্ডের নগদান প্রবাহ বিবরণীতে অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের স্কীম ভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ৩ অনুযায়ী তথ্যের উল্লেখ থাকিবে।

(খ) নগদান প্রবাহ বিবরণীতে সকল নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ তিনটি শ্রেণীতে বিভক্ত থাকিবে, যথা পরিচালনা, বিনিয়োগ এবং আর্থিক কর্মকান্ড সংক্রান্ত।

(গ) নগদান প্রবাহ বিবরণীতে অর্থ বিবৃতিতে ব্যালেন্স শীট তারিখে সমাপ্ত বর্ষের নগদ উদ্‌বৃত্ত অথবা ঘাটতি এবং প্রারম্ভিক ও সমাপ্তি উদ্‌বৃত্তের সমন্বয়ের উল্লেখ থাকিবে।

**৫. নিরীক্ষকের প্রতিবেদন**

(১) সকল মিউচ্যুয়াল ফান্ড তার আর্থিক বছর শেষ হওয়ার ৭ দিনের মধ্যে ট্রাস্ট দলিল অনুযায়ী নিরীক্ষক নিয়োগ দিবে এবং নিরীক্ষক নিয়োগ পাওয়ার ৩০ দিনের মধ্যে নিরীক্ষা কার্যক্রম শেষ করবে এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ট্রাস্টি বরাবর প্রেরণ করবে যা উক্ত মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনের অংশ হিসেবে ~~ও সকল মিউচ্যুয়াল ফান্ডের হিসাব নিরীক্ষা করিতে হইবে। বার্ষিক প্রতিবেদনের একটি অংশরূপে নিরীক্ষা প্রতিবেদন~~ পরিগণিত হইবে। ইহার সহিত সংক্ষিপ্ত ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী সংযুক্ত থাকিবে। নিরীক্ষকগণ ইউনিট মালিকগণের নিকট নহে, ট্রাস্টিগণের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(২) নিরীক্ষক ঘোষণা করিবেন যে-

(ক) তিনি সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কি না যাহা তাহার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার নিরীক্ষা কাজে প্রয়োজন ছিল; এবং

(খ) ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী তহবিলের হিসাব বহির সহিত সামঞ্জস্যপূর্ণ কি না, এই বিধিমালার বিধি ৬৭ অনুযায়ী প্রভিশনিং করা হয়েছে কিনা এবং তা ওঋজবঋ/ ওঅঝ অনুযায়ী প্রস্তুতকৃত কি না

(গ) ব্যালেন্স শীটে বিনিয়োগের মূল্যায়ন ফেয়ার ভ্যালু (Fair Value) ভিত্তিতে করা হয়েছে কি না

(ঘ) নিরীক্ষিত ফান্ড বা স্কিমের বার্ষিক মোট ব্যয় এই বিধিমালায় নির্দেশিত সীমার মধ্যে ছিল কি না

(৩) নিরীক্ষক তাহার মতামত দিবেন যে-

(ক) ব্যালেন্স শীটে ব্যালেন্স শীট তারিখে তহবিলের স্কীমভিত্তিক আর্থিক অবস্থা সত্য ও ন্যায্য কি না;

(খ) রাজস্ব হিসাবে ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত সমাপ্ত বৎসরের তহবিলের স্কীমভিত্তিক উদ্‌বৃত্ত/ঘাটতি সত্য ও ন্যায্য কি না;

(গ) নগদান প্রবাহ বিবরণী ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত সমাপ্ত বৎসরের তহবিলের স্কীমভিত্তিক নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহর সত্য ও ন্যায্য কি না।

## ৬. ইউনিট প্রতি যথানুপাতিক পরিসংখ্যান

এই বিবরণী বিগত তিন বৎসরের স্কীমভিত্তিক ইউনিট প্রতি নিম্নরূপ পরিসংখ্যান প্রদর্শন করিবেঃ-

(ক) ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য;

(খ) ইউনিট প্রতি মোট আয়, নিম্নরূপ শ্রেণীতে ঃ

(অ)বিনিয়োগ বিক্রয় হইতে লাভ ছাড়া অন্যান্য আয়;

(আ) বিনিয়োগের আন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তরের লাভ;

(ই) তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ বিক্রয় হইতে লাভ;

(ঈ) গত বৎসরের রিজার্ভ হইতে রাজস্ব হিসাবে স্থানান্তর;

(গ) ইউনিট প্রতি সামষ্টিকভাবে ব্যয়, মূল্যহ্রাস, অবচয় ও অবসান (Write-off) ইউনিট প্রতি বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।

(ঘ) ভার-আরোপিত ইউনিট প্রতি নীট আয় (Weighted Average Earnings Per Unit);

(ঙ) ইউনিট প্রতি অনাদায়ী মূল্য বৃদ্ধি/সঞ্চিতিবিহীন মূল্যহ্রাস;

(চ) ইউনিটসমূহ যদি লেনদেন অথবা পুনঃক্রয়/পুনঃবিক্রয় করা হয়, এই বৎসরে ইউনিট প্রতি সর্বোচ্চ ও সর্ব নিম্ন দর ~~এবং দর-লাভের অনুপাত (চৎরপব-বধৎহরহম ৎধঃরড়)~~।

DRAFT

**সংযোজনী ১ক**
**স্কীমভিত্তিক ব্যালেন্স শীটের বিষয়বস্তু**

**ব্যালেন্স শীটের সম্পদ/অংশ**

১. ব্যালেন্স শীটে সম্পদকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা যাইবে;

(ক) বিনিয়োগ;

(খ) জমা;

(গ) অন্যান্য চলতি সম্পদ;

(ঘ) স্থায়ী সম্পদ;

(ঙ) স্থগিতকৃত রাজস্ব খরচ;

২. বিনিয়োগ

(ক) বিনিয়োগের নিম্নলিখিত শ্রেণীসমূহকে তাহাদের সমষ্টিগত চলতি অর্থে পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

১.সাধারন শেয়ার;

২.অগ্রাধিকারযুক্ত শেয়ার;

৩. ব্যক্তিগতভাবে প্রদত্ত (Placed) ডিবেঞ্চার/বন্ড;

4.স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত অথবা তালিকাভূক্তির অপেক্ষায় আছে এইরূপ ডিবেঞ্চার ও বন্ড;

৫. ঋসধৎময ঈধঢ়রঃধষ ইড়ধৎফ অথবা Alternative Trading Board-এ তালিকাভুক্ত কোম্পানির শেয়ার ~~অগ্রিম পরিশোধিত দাবী~~;

~~৬.মেয়াদী ঋণ;~~

৭. সরকারী সিকিউরিটিজ (ট্রেজারী বিল সমেত);

~~৮. বাণিজ্যিক পত্র (Commercial Paper);~~

৯.অন্যান্য।

(খ) বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি উল্লেখ করিতে হইবে;

(গ) বিনিয়োগ যদি ক্রয়মূল্যে অথবা লিখিত মূল্যে প্রদর্শিত হয় তাহা হইলে বিনিয়োগের উপরোল্লেখিত প্রত্যেক শ্রেণীর সমষ্টিগত বাজার মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

(ঘ) বিনিয়োগের প্রতিটি শ্রেণীর ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সমষ্টিগত বাজার মূল্য এবং প্রদর্শিত মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।(নিষ্ক্রিয় বিনিয়োগ অর্থ এমন কোন বিনিয়োগ যাহা হইবে মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষের শেষ পর্যন্ত দুই বৎসরের বেশী সময় ধরিয়া সুদ অথবা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই।)

৩. জমা

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবেঃ

(ক) তফসিলী ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে জমা;

(খ) কোম্পানী/প্রতিষ্ঠানে জমা;

(গ) অন্যান্য।

DRAFT

**৪. অন্যান্য চলতি সম্পদ**

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবেঃ

1. চলতি হিসাবে ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে জমা;
২. হাতে নগদ;
৩. বিবিধ দেনাদার;
৪. বিনিয়োগ বিক্রয়ের চুক্তি;
৫. আদায়যোগ্য আয়;
৬. অগ্রিম, জমা ও অগ্রিম পরিশোধিত খরচ;
৭. ~~সেতু ঋণ;~~
৮. শেয়ার/ডিবেঞ্চার আবেদন অর্থ;
৯. অন্যান্য

**৫. স্থায়ী সম্পদ**

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবেঃ

১.ইজারাকৃত জমি;
২.নিষ্কর জমি;
৩. অফিস দালানকোঠা;
৪.আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি;
৫. অন্যান্য সম্পদ;

(স্থায়ী সম্পদের উপরে বর্ণিত প্রতিটি শ্রেণীর মূল্য (মোট বক), অবচয়, অবচয়কৃত মূল্য (নীট বক) ঐ বৎসরের সংযোজন ও বিয়োজন পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।)

**৬. স্থগিতকৃত রাজস্ব খরচ**

(ক) প্রারম্ভিক উদ্‌বৃত্ত, অবসান (Write-off), পরবর্তী বৎসরসমূহের মূলতবী খরচ আলাদাভাবে দেখাইতে হইবে।
(খ) স্থগিতকৃত রাজস্ব খরচ ও উহার অবসান (Write-off) সংক্রান্ত হিসাব নীতি উল্লেখ করিতে হইবে।

**সংযোজনী ১’খ’**

**স্কীম ভিত্তিক ব্যালেন্স শীটেরবিষয়বস্তু**

ব্যালেন্স শীটের দায় অংশ
১. ব্যালেন্স শীটে দায় নিম্নলিখিত ভাবে বিভক্ত করিতে হইবেঃ-
(ক) ইউনিট মূলধন;
(খ) রিজার্ভ ও উদ্‌বৃত্ত;
(গ) ঋণ;
(ঘ) চলতি দায় ও সঞ্চিতি।

২. ইউনিট মূলধন
পৃথক করুন-
(ক) প্রারম্ভিক মূলধন;
(খ) ইউনিট মূলধন (ইউনিটের সংখ্যা এবং ইউনিট প্রতি বাহ্যিক মূল্য)

৩. রিজার্ভ ও উদ্‌বৃত্ত
পৃথক করুন-
(ক) ইউনিট প্রিমিয়াম রিজার্ভ;
(খ) প্রারম্ভিক মূলধন সম্পর্কিত সাধারণ রিজার্ভ;
(গ) ইউনিট মূলধন সম্পর্কিত সাধারণ রিজার্ভ;
(ঘ) লভ্যাংশ সমতাকরণ রিজার্ভ;
(ঙ) অন্যান্য রিজার্ভ (তাহার ধরন উল্লেখ করিতে হইবে);
(চ) উদ্‌বৃত্ত লাভ;
(ছ) কোন বিনিয়োগের ক্ষতি অথবা লোকসানের সঞ্চিতি যদি ইউনিট প্রিমিয়াম রিজার্ভে, ডেবিট করার মাধ্যমে করা হয় তাহা হইলে তাহার পরিমাণের সমষ্টি প্রত্যেক বিনিয়োগ শ্রেণীর জন্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;
(জ) প্রারম্ভিক উদ্‌বৃত্ত, রিজার্ভে অথবা রিজার্ভ হইতে স্থানান্তর এবং সমাপ্তি উদ্‌বৃত্ত উপরোল্লিখিত রিজার্ভের প্রত্যেক শ্রেণীর জন্য আলাদা-ভাবে উল্লেখ করিতে হইবে।

৪. ঋণ
পৃথক করুন-
(ক) বন্দোবস্তকারী (Settlor) হইতে;
(খ) অন্যান্য বানিজ্যিক ব্যাংক অথবা ডিজিটাল ব্যাংক হইতে;
(গ) অন্যান্যদের হইতে।

যদি উপরোক্ত ঋণসমূহ নিরাপদ হয়, তাহা হইলে সিকিউরিটির ধরন ও ব্যাপ্তি উল্লেখ করিতে হইবে।

৫. চলতি দায় ও সঞ্চিতি
নিম্নোলিখিত চলতি দায় ও সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করুন-
চলতি দায়ঃ
(ক) বিবিধ পাওনাদার;
(খ) পরিশোধযোগ্য ঋণের উপর সুদ;
(গ) বিনিয়োগ ক্রয়ের চুক্তি;
(ঘ) বহি অনুযায়ী ব্যাংক অথবা ডিজিটাল ব্যাংক হিসাব হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ;
(ঙ) দাবীহীন আয়;
(চ) অন্যান্য।

সঞ্চিতিঃ
(ক) বিনিয়োগের ক্ষতি/অবচয়ের সঞ্চিতি (বিনিয়োগের প্রতি শ্রেণীর জন্য পৃথকভাবে);
(খ) সন্দেহজনক জমার সঞ্চিতি;
(গ) আদায়যোগ্য সন্দেহজনক আয়ের সঞ্চিতি;
(ঘ) গ্রাচুইটির সঞ্চিতি;
(ঙ) প্রারম্ভিক মূলধন ও ইউনিট মূলধনের প্রস্তাবিত বিতরনকৃত আয়;
(চ) অন্যান্য সঞ্চিতি।

**সংযোজনী ২**
**রাজস্ব হিসাবের বিষয়বস্তু**

আয়ঃ
(ক) লভ্যাংশ;
(খ) সুদ;
(গ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লাভ;
(ঘ) বিনিয়োগের আন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তর হইতে লাভ;
(ঙ) অন্যান্য আয় (ধরন উল্লেখসহ)

DRAFT

ব্যয় ও লোকসানঃ

১.বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি;
২.আদায়যোগ্য আয় সন্দেহমূলক হইলে তাহার সঞ্চিতি;
৩. সন্দেহমূলক জমা এবং চলতি সম্পদের সঞ্চিতি;
৪.বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লোকসান;
৫. ব্যবস্থাপনা ফি;
৬.ট্রাস্টি ফি;
৭. বিক্রয় ও বিপণন ব্যয়
৮. ফান্ড এডমিনিস্ট্রেশন ফি
~~৯. স্টাফ খরচ (বেতন, ভাতা, প্রভিডেন্ট ফান্ডে জমা এবং গ্রাচুইটি ইত্যাদিসহ);~~
~~১০. অফিস ও প্রশাসনিক ব্যয়;~~
১১. নিবন্ধন ~~ও স্থানীয়~~ ব্যয় ও বার্ষিক ফি;
১২. এজেন্ট প্রদত্ত কমিশন;
১৩. প্রচারণা ব্যয়;
১৪. অডিট ফি;
15. শরিয়াহ বোর্ড মিটিং ও শরিয়াহ ইনডেক্স ক্রয় সংক্রান্ত ব্যয়;
১৬. অন্যান্য পরিচালনা ব্যয়;
১৭. স্থগিত রাজস্ব ব্যয়ের অবসান (ৎিরঃব-ড়ভভ);
১৮. ~~স্থায়ী সম্পদের অবচয়~~ প্রাথমিক ব্যয়ের বার্ষিক অবলোপন

বিয়োগঃ
ব্যবস্থাপনা ব্যয় পরিশোধের লক্ষ্যে ইউনিট বিক্রয় হইতে প্রাপ্ত অর্থ।

নোটঃ

১.রাজস্ব ও বিনিয়োগের আয় (ডিভিডেন্ড ও সুদ সমেত) সংক্রান্ত হিসাব নীতি একটি নোটের মাধ্যমে উল্লেখ করিতে হইবে।
২.বিনিয়োগের সঞ্চিতি বিহীন মূল্যহ্রাস এবং অনাদায়ী মূল্যবৃদ্ধি যাহা সামষ্টিক বাজারমূল্য ও চলমান মূল্যের পার্থক্য বুঝায় তাহা একটি নোটের মাধ্যমে উল্লেখ করিতে হইবে।
৩. রাজস্ব হিসাবে উদ্‌বৃত্ত লাভের লভ্যাংশ ও রিজার্ভে স্থানান্তরের মাধ্যমে বন্টন প্রদর্শন করিতে হইবে।

DRAFT

**সংযোজনী-৩**
**নগদান প্রবাহ অর্থ বিবরণীর বিষয়বস্তু**

১. পরিচালনা কর্মকান্ড সংক্রান্ত নগদান প্রবাহঃ
১.লভ্যাংশ আয়;
২.সুদ;
৩. অন্যান্য আয় (ধরনের উল্লেখসহ);
৪.ব্যয়;
৫. পরিশোধিত কর;
৬.বিতরণকৃত লভ্যাংশ।

২. বিনিয়োগ কর্মকান্ড সংক্রান্ত নগদান প্রবাহঃ
১.বিনিয়োগ ক্রয়;
২.বিনিয়োগ বিক্রয় অথবা পরিশোধ;
৩. জমা;
৪.জমা ভাঙ্গানো;
৫. স্থগিতকৃত রাজস্ব ব্যয়।

৩. আর্থিক কর্মকান্ড সংক্রান্ত নগদান প্রবাহঃ
১.ইউনিট মূলধন ইস্যু;
২.ঋণ প্রাপ্তি;
৩. ঋণ পরিশোধ;
৪.ইউনিট মূলধন পুনঃক্রয়।

DRAFT

**সপ্তম তফসিল**
**[বিধি ৭৩ দ্রষ্টব্য]**
**মিউচ্যুয়াল ফান্ডের**
**অর্ধ বার্ষিক আর্থিক ফলাফল**

বিজ্ঞপ্তিকৃত সংক্ষিপ্ত রাজস্ব হিসাবের বিষয়বস্তু

**মিউচ্যুয়াল ফান্ড**
................................এ সমাপ্ত অর্ধ-বার্ষিক/সমাপ্ত মেয়াদের রাজস্ব হিসাব

১. আয়
(ক) লভ্যাংশ;
(খ) সুদ;
(গ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ;
(আন্তস্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লাভ;
(ঘ) বিনিয়োগের আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয়ে লাভ;
(ঙ) অন্যান্য আয় (ধরনের উল্লেখসহ)

২. ব্যয় ও লোকসান
(ক) ব্যবস্থাপনা, ট্রাস্টিশীপ প্রশাসনিক এবং অন্যান্য পরিচালন ব্যয়;
(খ) বিনিয়োগ মূল্যহ্রাস/লোকসানের সঞ্চিতি;
(গ) সন্দেহমূলক আয়ের সঞ্চিতি;
(ঘ) সন্দেহমূলক জমা/চলতি সম্পদের সঞ্চিতি;
(ঙ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (ৎবফবসঢ়ঃরড়হ);
(আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয়ব্যতিরেকে) হইতে লোকসান;
(চ) বিনিয়োগের আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয়ে লোকসান।

৩. মোট নীট লাভ

বিজ্ঞপ্তিকৃত সংক্ষিপ্ত ব্যালেন্স শীটের বিজ্ঞাপনের বিষয়বস্তু
................................মিউচ্যুয়াল ফান্ড
...............................তারিখের ব্যালেন্স শীট
বিভিন্ন স্কীমের নাম.....................................

৪. দায়
১.ইউনিট মূলধন;
২.রিজার্ভ এবং উদ্বৃত্ত;
৩. ইউনিট প্রিমিয়াম রিজার্ভ;
৪.অন্যান্য রিজার্ভ।

৫. ঋণ ও ধার
1.ব্যাংক অথবা ডিজিটাল ব্যাংক হইতে;
২.অন্যান্যদের নিকট হইতে।

৬. চলতি দায় ও সঞ্চিতি
1.বিনিয়োগের লোকসান/মূল্যহ্রাস অথবা ঘাটতির সঞ্চিতি;
২.সন্দেহমূলক আয়/জমার সঞ্চিতি;
৩. প্রস্তাবিত আয় বন্টন;
৪.অন্যান্য চলতি দায় ও সঞ্চিতি;
----------------------------------------------------------------
মোট
----------------------------------------------------------------

১। সম্পদ
১.বিনিয়োগ;
২.সাধারণ ও অগ্রাধিকারযুক্ত শেয়ার;
৩. ব্যক্তিগতভাবে প্রদত্ত (ঢ়ৎরাধঃবষু) ডিবেঞ্চার/বন্ড;
4.স্বীকৃত স্টক এক্সচেঞ্জ তালিকাভূক্ত ডিবেঞ্চার ও বন্ড অথবা তালিকাভূক্তির অপেক্ষায় আছে এইরূপ;
৫. মেয়াদী ঋণ;
৬.সরকারী সিকিউরিটিজ;
৭. অন্যান্য।


DRAFT

২। জমা

1.তফসিলী ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকে জমা;
২.অন্যান্যদের নিকট জমা।

৩। অন্যান্য চলতি সম্পদ

1.নগদ ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংক উদ্‌বৃত্ত;
২.অন্যান্য।

৪। স্থগিতকৃত রাজস্ব ব্যয় [যে পরিমাণ অবসায়িত (ৎিরঃঃবহ-ড়ভভ) হয় নাই]

---------------------------------------------------------------
মোট
---------------------------------------------------------------

নোটঃ

বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি উল্লেখ করিতে হইবে।
বিনিয়োগ যদি ক্রয়মূল্যে অথবা লিখিত মূল্যে প্রদর্শিত হয় তাহা হইলে বিনিয়োগের উপরোল্লিখিত প্রত্যেক শ্রেণীর সমষ্টিগত বাজার মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।
নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক প্রদর্শিত মূল্য ও বাজার মূল্য বিনিয়োগের প্রত্যেক শ্রেণীর জন্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে। (নিষ্ক্রিয় বিনিয়োগ অর্থ এমন কোন বিনিয়োগ যাহা হইতে মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষের শেষ পর্যন্ত দুই বৎসরের বেশী সময় ধরিয়া সুদ অথবা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই।)

DRAFT

## অষ্টম তফসিল

## সম্পদ ব্যবস্থাপকের আচরণ বিধি

**আরচণ বিধি।** (১) প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক

(ক) তাহার দায়িত্ব পালনকালে সততা ও নিষ্ঠার পরিচয় প্রদান করিবেন;

(খ) শ্রম, যত্ন ও স্বাধীন পেশাগত বিচার বিশ্লেষণ দ্বারা সংশ্লিষ্ট সকলকে সেবা ও পরামর্শ প্রদান করিবেন;

(গ) অন্য কোন সম্পদ ব্যবস্থাপকের স্বার্থের পরিপন্থী অথবা তাহার দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি করিতে পারে এমন কোন বক্তব্য প্রদান অথবা প্রতিযোগিতায় লিপ্ত হইবেন না;

(ঘ) তাহার মক্কেলের অথবা ইউনিট হোল্ডারের কাছে নিজের যোগ্যতা, দক্ষতা ও সাফল্য সম্পর্কে অতিরঞ্জিত তথ্য পরিবেশন করিবেন না;

(ঙ) তাহার ইউনিট হোল্ডার এর ইউনিট সম্পর্কিত যাবতীয় বিষয় গোপন রাখিবেন;

(চ) মক্কেলের সিকিউরিটি সম্পর্কিত যাবতীয় বিষয় গোপন রাখিবেন এবং কোথাও প্রকাশ করিবেন না;

(ছ) বিনিয়োগকারীকে কমিশন কর্তৃক নির্ধারিত প্রকৃত ও পর্যাপ্ত তথ্য সরবরাহ করিবেন এবং বিনিয়োগের সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে অবহিত করিবেন;

(জ) বিনিয়োগকারীর নিকট সংশ্লিষ্ট প্রসপেক্টাস, মেমোরেন্ডাম এবং আনুষংগিক ও প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ নিশ্চিত করিবেন;

(ঝ) মক্কেলের দেওয়া সীমাবদ্ধতার মধ্যে সিকিউরিটিজ লেনদেন করিবেন;

(ঞ) মক্কেলের অর্থ অথবা সিকিউরিটিজ হইতে কোন সুবিধা গ্রহণ করিবেন না;

(ট) বিনিয়োগের উদ্দেশ্যে মক্কেলের নিকট হইতে প্রাপ্ত অর্থ অথবা ফান্ড গঠনের উদ্দেশ্যে ইউনিট হোল্ডারগণের নিকট থেকে সংগৃহীত অর্থ যতশীঘ্র সম্ভব বিনিয়োগ ব্যবস্থা করিবেন এবং মক্কেলের পাওনা অর্থ যথাসময়ে পরিশোধ করিবেন;

(ঠ) মক্কেলের স্বার্থে সিকিউরিটিজ হস্তান্তর নিবন্ধীকরণের উদ্যোগ গ্রহণ করিবেন, লভ্যাংশ ও সুদ দাবী ও গ্রহণ এবং অন্যান্য অধিকার প্রয়োগ করিবেন;

(ড) গুজব সৃষ্টির মাধ্যমে সিকিউরিটিজের মিথ্যা বাজার সৃষ্টিকরণে সহযোগিতা করিবেন না;

(ঢ) দর কারচুপি অথবা সিকিউরিটিজের ক্ষেত্রে অপ-কৌশল প্রয়োগ করিবেন না;

(ণ) স্টক-ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার অথবা পুঁজিবাজারের অন্য কোন মধ্য ব্যক্তিকে (Intermediaries) মূল্য সংক্রান্ত সংবেদনশীল তথ্য সরবরাহ করিবেন না;

DRAFT

(ত) মক্কেল অথবা ইউনিট হোল্ডারের অথবা বিনিয়োগকারীদের যে কোন অভিযোগ সঠিকভাবে তদন্ত করিবেন। তাহাদের নিকট হইতে কোন অভিযোগ হইলে উহা প্রাপ্তির এক মাসের মধ্যে প্রতিকারের ব্যবস্থা করিবেন।

(২) [উপ-বিধি] (১)) এ উল্লিখিত আচরণ পালন ও মান্যকরণ ছাড়াও, প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক কমিশন কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য আচরণ বিধি মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে
**খন্দকার রাশেদ মাকসুদ**
**চেয়ারম্যান**

DRAFT